ISSN 2454-5694
Volume 10 Number 1 June 2024

JOURNAL OF KOLKATA SOCIETY FOR ASIAN STUDIES

An International Bilingual Journal of
Social Science (UGC CARE)



Kolkata Society for Asian Studies

JOURNAL OF
KOLKATA SOCIETY FOR ASIAN STUDIES
Office: 3/25/1, R.K. Chatterjee Road, Kolkata-700042
Phone:+9432490361
Email: ksasianstudies@gmail.com
kspublication1@gmail.com
Website: www.kolkatasocietyforasianstudies.com www.jrksas.org

EDITORS
Ranjana Ray
Sarmistha De Basu

EDITORIAL BOARD MEMBERS

Ranjana Banerjee
Mahidas Bhattacharya
Sanjukta Dasgupta
Mita Banerjee
Sarit Kumar Chaudhuri
Tridib Chakraborti
Sharmistha Banerjee
Swati Sen Mandi
Krishna Bhattacharya
Krunoslav Mikulan
Satyabrata Chakrabarti
President, KSAS (Ex-Officio)

John Adamson
Shyam Sundar Bhattacharya
Pratiti Ghosh
Debi Chatterjee
Mina Dan
Ishita Mukhopadhyay
Sudipa Ray Bandyopadhyay
Mesbah Kamal
Suniti Pathak
Durga Basu
Arpita Basu
Treasurer, KSAS (Ex-Officio)

General Information

Journal of Kolkata Society for Asian Studies is a double blind peer reviewed publication. It is an International Journal dedicated to the development of all branches of Social Sciences with special reference to Asian Studies. The Journal accepts theoretical and empirical papers on interdisciplinary studies. The Journal occasionally publishes special issues which mediate on a single topic. It also publishes research notes, reports, book reviews, etc.

JKSAS is a half-yearly (June and December) and bilingual (English and Bengali) journal. Only original unpublished papers are accepted. Papers submitted for consideration must not be under consideration elsewhere. The copyright of the accepted papers will lie with Kolkata Society for Asian Studies. Decisions of the Editorial Board are final.

Subscription and Business Affairs

	Annual Subscription	
Countries	**Institutional Subcribers**	**Individual**
India	**INR 1200.00**	**INR 1000.00**
Foreign Countries	**US $ 100.00**	**US $ 90.00**

All correspondences relating to subscription, advertisements and other business matters should be addressed to the SECRETARY, Kolkata Society for Asian Studies. Remittance should be payable to KOLKATA SOCIETY FOR ASIAN STUDIES

Copyright@Kolkata Society For Asian Studies.

Editorial

Volume 10, number 1 of the Journal of Kolkata Society for Asian Studies has got a total of fourteen papers on various topics of the social issues of the country. Out of the fourteen papers ten are in English language and four are in Bengali. A book review is also there.

The volume starts with the Suniti Kumar Chatterji memorial lecture delivered by Professor Arun Kumar Ghosh on September 15, 2023 in Bengali, which was organized by Kolkata Society for Asian Studies in collaboration with The School of Languages and Linguistics, Jadavpur University, Kolkata. The paper is entitled as, প্রান্তজনের রুদ্ধ-সঙ্গীতঃ প্রসঙ্গ মুণ্ডা জনগোষ্ঠী. It roughly means 'Smothered song of the marginalized : Munda context.' The author has discussed upon the influence of Mundari language and culture in the development of language and culture of greater Bengal. The author has built his thesis in the backdrop of Acharya Suniti Kumar Chatterjee's analysis of linguistic construct of Bengal. The author has compared the cultural elements and rituals of the Munda communities and their inclusion in the culture of greater Bengal. It is shown that The culture of Bengal is very much indebted to the so called autochthonous people of the land, who are usually not considered as at per with the so called Aryans.

Santanu Bisai and Uttam Haldar has jointly written the paper, "Livelihoods and Food Security under the COVID-19 Pandemic : A Study with Reference to South Kolkata in the West Bengal State of India". Data is collected from South Kolkata, namely, Garia, Tollyganj, Anandapur, and Ballygunge, from May 2020 to December 2020. The authors used various statistical methods and concluded that people belonging to low income group have suffered greatly during the covid-19 pandemic and subsequent lockdown. They recommended some corrective measures.

Alex K. O. discussed the meaning of 'Humanism' in the light of Eastern philosophical concept in his paper entitled, "Re conceptualizing Humanism from the Eastern Philosophical Traditions". He compared the philosophy of west that is based on Greek philosophy and composed in Latin with those of east and has focused on the development of the concept from ancient to medieval times.

Importance of women among the Meiteis of Manipur is studied by the authors, Mayanglambam Kiran Devi and Oinam Ranjit Singh in the paper entitled,"Lairemmas and Their Role in Early Meitei Society : A Study on Ancient Literary Traditions". Lairemma means goddess. By taking example from their pantheon of goddesses, where female deities

are worshiped together with their male counterparts, the authors postulated status of women in ancient Maitei society.

"Bodo Identity Politics in Colonial Assam", is written jointly by Swler Basumatary and Jhanin Mushahary. Main contention of the article is politics of identity crisis of the Bodo community in North East India. Data is used from secondary sources. The authors said that Bodo identity movement came out during British colonization and with the influence of Christian Missionaries and the first-generation Bodo leaders. A historical background of the movement is given and it is surmised that a threat for marginalisaton is the cause for such politics of identity movement.

"Development and Growing Adivasi Landlessness-In the Select Novels" is a paper jointly authored by Bisesswar Saren, Sucheta Sen Chaudhuri and Amit Kisku. The article discusses the dire condition of the Adivasi people at the wake of development activities, specially for construction of dams on Rivers Borakar, Damodar and Kongsaboti that submerged vast areas and uprooted the tribal people. The paper is based on three novels. Novel Namalia is written by Somai Kisku, and the other two novels, namely, Suraj Gagrai (Biography of Suraj Gagrai) and Enter Pare Int (Brick above brick), written by Mahasweta Devi. Somai Kisku belongs to Santal community himself and Mahasweta Devi is not a tribal woman. The novels discussed the problem from an insider's viewpoint as well as from that of an outsider.

The article, "Mangar for Scheduled Tribe Status in Sikkim and Darjeeling Himalayas" by Rakcha Rana is on the justification of an appeal that the Mangar community has made for inclusion in the list of scheduled tribes of India. The author has discussed on the settlement history of the Mangars in the Sikkim and Darjeeling areas, their backward condition, religion and culture in support for granting them the scheduled tribe status by the state.

Rujab Muchahary, has written the article, "Lexical Borrowing from English into Bodo". The author has dealt on borrowing of words from one language to the other. In the paper the author has taken example from Bodo, which linguistically belongs Tibeto-Burman family of languages. At present there are a number of English words, which are used by the Bodos without any change in the meaning of the original English word. The author has meticulously discussed the lexical issue with example of education during colonial times and has given detail of types of borrowing and reasons for such borrowing and its continuity.

Swarupa Bhattacharya's paper entitled, "Silent Manifestation of Student Movement: A Case Study of Literary Activities of Students in the Barak Valley of Assam during 1980s" is based on primary data, since there is no official documents of such movement. This

explains the word 'silent' in the title of the article. She has taken Barak valley of Assam for the study, which covers three districts Cachar, Karimganj and Hailakandi. Influx of people who migrated into the valley with the formation of Bangladesh created problems for the local people of the valley. The paper discusses the situation faced by the students in early 80's and how they rose against such situation.

"Social media addiction : a secret pandemic" by Natasha Saqib and Faseeh Amin is a paper on the increase in the use of social media, by the people, especially through Covid-19 lockdown period. They consider such development as pandemic as well. The article has shown with statistics that the use is still going up. They have warned against such irresponsible use of social media for the present and also for the time to come.

Malini Majumdar's paper, 'Vasudhaiva Kutumbakam' – harnessing cultural traditions through digital media towards peace and harmony," advocates the use of digital platform for making larger groups of people of our country aware of the rich heritage of the land. She has used UNESCO's concepts and declaration about heritage as base point. Emphasis is laid on India's rich tradition of intangible cultural elements and has suggested that it will bring people of India united together on a common platform globally.

Of the articles in Bengali, "Natyakar Henrik Ibsen" (Henrik Ibsen, the Playwright), is written by Sumon Ghosh. The author has critically assessed Ibsen's contribution in Europe *vis a vis* on global concept of theatre and performance. The revolutionary aspects of Ibsen's creations in the plays 'Doll's House' and 'The Ghost' are discussed in detail with comparable examples from Tagore's 'Chaturanga'. The author also has taken up other plays for pointing out of Ibsen's contribution in the contemporary social milieu.

Sharmistha Ghosh, in the paper, "Rashasundari Devir Chintane Naribad" meaning 'Faminism in the Psyche of Rasasundari Devi', has discussed the autobiography "Amar Jeeban" written by Rash Sundari Devi, at her age of 60. The book was published in the year 1872. The book was much appreciated by the intellectuals of Bengal of the time. This is the first autobiography penned by a woman in Bengal. It was the time when education of a woman was prohibited. She had taught herself to read and write. The autobiography reveals the status of women of the time and at the same time shows the feminism harbored in the mind of the biographer. The author of the article has critically discussed the society and position of women in it at the time of the biographer.

Shilpa Biswas in the paper entitled, "Loksahityer Aloke Paribesh Sachetanata: Bankura Jelar Ranibandh Blocker ekti Somiksha" (Awareness of environment in folk literature: A Survey at Ranibandh block in Bankura District), pointed out the importance of folk literature for finding solution against the present day degradation of environment. The paper is on primary data collected from Ranibandh block in Bankura district of West

Bengal. The author has classified the folk literature into six sections, which includes folktale, puzzles, poems etc. She has shown how in the folk-literature awareness and method of preservation and promotion of environment is found.

The book, "Meditation and the life in Bharat at the time of Buddha by Dr. Anirban Sengupta and Mithu Lahiri, published by Maha Bodhi Book Agency, Kolkata, 2021, was submitted for review in the Journal of the Kolkata Society for Asian Studies. Dr. Banadana Mukherjee has elaborately reviewed the book.

The editors thank all the authors for their valuable contributions in this volume. We are also grateful to the reviewers, who have endeavored to make the Journal a valuable one.

Content

Editorial

প্রান্তজনের রুদ্ধ-সঙ্গীতঃ প্রসঙ্গ মুণ্ডা জনগোষ্ঠী ... 8
অরুণ ঘোষ

রাসসুন্দরীদেবীর চিন্তনে নারীবাদ ... 28
শর্মিষ্ঠা ঘোষ

লোকসাহিত্যের আলোকে পরিবেশ সচেতনতা : বাঁকুড়ার জেলার রানীবাঁধ ব্লকের একটি সমীক্ষা ... 42
শিল্পা বিশ্বাস

'Vasudhaiva Kutumbakam' – harnessing cultural traditions through digital media towards peace and harmony ... 59
Malini Majumdar

Social media addiction: a secret pandemic ... 77
[1]Natasha Saqib & [2]Faseeh Amin

Silent Manifestation of Student Movement : A Case Study of Literary Activities of Students in the Barak Valley of Assam during 1980s ... 81
Swarupa Bhattacharya

Re conceptualizing Humanism from the Eastern Philosophical Traditions ... 99
Alex. K. O

Mangar for Scheduled Tribe Status in Sikkimand Darjeeling Himalayas ... 104
Rakcha Rana

Livelihoods and Food Security under the COVID-19 Pandemic : A Study with Reference to South Kolkata in the West Bengal State of India ... 121
[1]Santanu Bisai & [2]Uttam Haldar

Lexical Borrowing from English into Bodo ... 140
Rujab Muchahary

Lairemmas and Their Role in Early Meitei Society: A Study on Ancient Literary Traditions ... 147
[1]Mayanglambam Kiran Devi & [2]Oinam Ranjit Singh

নাট্যকার হেনরিক ইবসেন ... 157
সুমন ঘোষ

Integration of Information and Communication Technology (ICT) In Promoting Teaching-Learning Process in Secondary Schools ... 167
[1]Sushanta Kumar Panda & [2]Ravail Singh

Development and Growing Adivasi Landlessness-In the Select Novels ... 178
[1]Bisesswar Saren, [2]Sucheta Sen Chaudhuri & [3]Amit Kisku

Bodo Identity Politics in Colonial Assam ... 188
[1]Swler Basumatary & [2]Jhanin Mushahary

Book Review ... 202

Suniti Kumar Chatterji Memorial Lecture deliverd by Professor Arun Kumar Ghosh on September 15, 2023 in Bengali organized by Kolkata Society for Asian Studies in collaboration with The School of Languages and Linguistics, Jadavpur University, Kolkata.

ভাষাচার্য, সাহিত্য বাচস্পতি, পদ্মবিভূষণ অভিধায় ভূষিত, বঙ্গদেশ, বাংলা ভাষা এবং বাঙালির ইতিহাসকার সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের স্মৃতি-বক্তৃতা দেওয়ার জন্য আমার মতো এক নগণ্য মানুষকে আহ্বান করে কোলকাতা সোসাইটি ফর এশিয়ান স্টাডিজ এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের School of Languages and Linguistics আমায় কৃতজ্ঞতাপাশে আবদ্ধ করলেন। এই দুই সারস্বত প্রতিষ্ঠানকে আমার বিমুগ্ধ ধন্যবাদ জানাই। বর্তমান প্রবন্ধ স্মৃতি-বক্তৃতার লিখিত রূপ।

৮৭ বছরের জীবনে আচার্য্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় বাংলা ভাষা তথা ভারতীয় ভাষা, সংস্কৃতি এবং সাহিত্যে যে অবদান রেখেছেন তার মূল্যায়ণ স্বল্প পরিসরে এবং স্বল্প সময়ে করা সম্ভব নয়। আমার মতো আরও অসংখ্য ছাত্রের বাংলা ভাষাতত্ত্বের চর্চায় হাতেখড়ি তাঁর 'বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা', 'বাঙ্গলা ভাষা প্রসঙ্গে' এবং মহাগ্রন্থ ODBL পাঠের মাধ্যমে। এরপর অসংখ্য গ্রন্থ, ভাষা, সংস্কৃতি, ইতিহাস সহ অসংখ্য বিষয়ে ব্যপ্ত।

তাঁর পাণ্ডিত্যের সব থেকে বড় আকর্ষণ তাঁর মুক্ত চিন্তা। গোঁড়ামির বশবর্তী না হয়ে তিনি বাংলা ভাষা ও বাঙালির যে ইতিবৃত্ত রচনা করেছেন তাঁর মহাগ্রন্থে তা যে কোনও গবেষকের কাছে পথ প্রদর্শক হয়ে আছে। মহাগ্রন্থের ছত্রে ছত্রে সেই অনার্য্যদের কথা, তাঁদের ভাষা, তাঁদের সংস্কৃতির কথা, যাঁরা বাঙালি ও বাংলা ভাষা-সংস্কৃতির ভিত্তি রচনা করেছিলেন।

তাঁর 'The Study of Kol', 'Some more Austric Words in Indo-Aryan', 'Non-Aryan Elements in Indo-Aryan', 'The Languages of the Adivasis', 'Tribal Languages Conflict of Speeches in India', 'Buddhist Survivals in Bengal', 'India and Polynesia : Austric Bases of Indian Civilization and Thought', 'The Cultural Synthesis', 'আর্য্য-অনার্য্য', 'বাঙলা ভাষা আর বাঙালী জাতির গোড়ার কথা', 'বৃহত্তর ভারত', 'কোল জাতির সংস্কৃতি', 'ভাষাবিভ্রাট ও আদিবাসীদের সমস্যা' অন্যতর গবেষণার পথ খুলে দিয়েছে। সেই পথ অনুসরণ করেই বর্তমান পাঠ গড়ে তোলা এবং ছত্রে ছত্রে তাঁর লেখা থেকেই উদ্ধৃতি।

প্রান্তজনের রুদ্ধ-সঙ্গীত : প্রসঙ্গ মুণ্ডা জনগোষ্ঠী

অরুণ ঘোষ

গোড়ার কথা

ভারতে আগত আর্যদের সকলেই ধর্মে ও সাধারণ দৃষ্টিভঙ্গিতে বৈদিক প্রথানুসারী ছিলেন না। এঁদের মধ্যে যাঁরা বৈদিক প্রথানুসারী ছিলেন তাঁরা উত্তর-পশ্চিম ভারত ও উত্তর পঞ্জাবে বসত গড়লেন, তাঁরাই বৈদিক সংস্কৃতির নির্দিষ্ট চেহারা গড়ে তুললেন। মধ্যদেশ পরিণত হল বৈদিক ধর্ম ও সংস্কৃতির পীঠস্থান। পূর্ব দিকে অগ্রসরমান অবৈদিক আর্যরা ধর্মীয় রীতিনীতি ও অন্যান্য সংস্কারে, এমন কি ভাষায়ও বৈদিক আর্যদের থেকে আলাদা ছিল বলেই অনুমান করা যায়। প্রাথমিক পর্বে উত্তর ভারত থেকে গাঙ্গেয় উপত্যকা ধরে অবৈদিক আর্যদের বিস্তার। এই অঞ্চল তখন অনার্য, বিশেষত কোল, দ্রাবিড় অধ্যুষিত ছিল বলেই সুনীতিকুমার অনুমান করছেন। অনার্যদের সঙ্গে এই অবৈদিক আর্যদের সংঘাতের সূত্রপাত সেই সময় থেকেই। সংঘাত দিয়ে শুরু হলেও অনার্যদের সঙ্গে অবৈদিক আর্যদের সহাবস্থান যে ঘটতে শুরু করেছিল তা অনুমান করা যায়। অনার্যদের মধ্যে কিছু মানুষ অন্তত অবৈদিক আর্য সমাজে স্থান করে নিয়েছিল দাস হিসেবে, চাষি হিসেবে, শ্রমিক ও কারিগর হিসেবে। যদিও তাদের 'শূদ্র' বলে ঘৃণা করা হত।[১] পরবর্তী কালে বৈদিক আর্যদের বিস্তার এই পূর্ব দিকেই, গঙ্গার অববাহিকা ধরে। কুরু, পাঞ্চাল, ঊশীনর, মৎস্য, শুরসেন, কোশল, কাশী ও বিদেহদের সমৃদ্ধ রাজ্য গড়ে উঠল, যা আর্যাবর্ত বলে চিহ্নিত, কোশল, কাশী, বিদেহ যার প্রান্ত সীমা। বুদ্ধ পূর্ববর্তী ব্রাহ্মণে (১০০০-৬০০ খ্রিস্ট-পূর্বাব্দ) এদের উল্লেখ। এই রাজ্যগুলির জনসংখ্যা বৈদিক ও অবৈদিক আর্য, আর্যায়িত অনার্য ও অনার্য নিয়ে গঠিত। বিহারে আর্য বসতি গড়ে ওঠা ১০০০ খ্রিস্ট-পূর্বাব্দের পরে। শতপথ ব্রাহ্মণে বৈদিক আর্যদের উত্তর বিহারে উপনিবেশ গড়ে ওঠার প্রসঙ্গ। ১০০০ খ্রিস্ট-পূর্বাব্দের পরেই অবৈদিক আর্য ও আর্যায়িত অনার্য উচ্চারণে পরিবর্তন ঘটছে বলে অনুমান করা যায়। তাণ্ড্য ব্রাহ্মণে সম্ভবত সেই প্রসঙ্গ, বলা হচ্ছে, যা দুরুচ্চার্য নয় তাকেও ব্রাত্যরা দুরুচ্চার্য বলত, অদীক্ষিত হয়েও দীক্ষিতের ভাষা বলত। <<a-dur-ukta-vākyṁ dur-uktam āhur..... a-dīkṣitā dīkṣita-vācaṁ vadanti>>.[২] পূর্বদেশের ভাষার প্রভাব যজুর, অথর্ব, এমন কি ঋকবেদেও—বিকট : বিকৃত; কাট : কর্ত; কুরু : কৃণু। অথর্ব বেদে অঙ্গ ও মগধ ম্যালেরিয়া অধ্যুষিত এক দূরবর্তী দেশ। বুদ্ধের সময়ে মগধ (দক্ষিণ বিহার) এক সমৃদ্ধ নগরী/রাজ্য। অর্থাৎ বুদ্ধের সময়ের অনেক আগেই মগধের আর্যভুক্তি। তা সম্ভবত ৮০০ খ্রিস্ট-পূর্বাব্দ নাগাদ। যদিও এই আর্যভুক্তির সময় বিতর্কিত। আর্যভুক্তির আগে মগধ অনার্য অধ্যুষিত। পরবর্তী কালে মগধের জনপদ মিশ্র, যা আর্য-অনার্য মিশ্রণের ফলে গড়ে উঠেছিল। ঐতরেয় আরণ্যকে বঙ্গ, বগধ, চেরোপাদদের কথা, বগধ (মগধ) এবং চেরোপাদ পশ্চিম ও দক্ষিণ বিহারের অস্ট্রিক গোষ্ঠির মানুষ। তাদের পক্ষিকল্প বলা হয়েছে, যা সম্ভবত ভাষার অবোধ্যতার কারণে। সুনীতিকুমার অনুমান করছেন 'বাঙলার মতনই বগধ বা মগধও উক্ত আরণ্যকের সময়ে আর্যদের দ্বারা অধ্যুষিত হয়নি; এই জাতীয় লোকের প্রতি অবজ্ঞা প্রকাশ ক'রেই এঁদের 'বয়াংসি' বা পাখী বলা হ'য়েছে'।[৩] ঐতরেয় ব্রাহ্মণে পুন্ড্রদের কথা, তাদের নামানুসারে পুন্ড্রবর্ধনের

নামকরণ। বুদ্ধদেব পরবর্তী বৌধায়ন ধর্ম-সূত্রে বৈদিক ব্রাহ্মণরা পুন্ড্র, বঙ্গ প্রভৃতি দেশে গেলে তাদের জন্য প্রায়শ্চিত্তের বিধান। অনার্যদের প্রতি বৈদিক আর্যদের ঘৃণা ও বিরূপ মনোভাব এই বিধানে প্রকট। আরণ্যকে (ও ব্রাহ্মণে) বঙ্গের নাম পাওয়া গেলেও প্রাচীন পালি সাহিত্যে বুদ্ধদেবের সময়ের আর্যাবর্তের যে জনপদের নামের তালিকা পাওয়া যায় সেখানে বঙ্গের নাম নেই (মগধ ও অঙ্গের নাম আছে)।[৪] বঙ্গের উল্লেখ না থাকার পশ্চাতে যে কোন একটি কারণ থাকতে পারে : ১) খুব সম্ভবত বুদ্ধের সময়ের আগে মিথিলা, মগধ ও অঙ্গের পূর্ব দিকে আর্যায়ন ঘটেনি, তাই বঙ্গের উল্লেখ নেই; ২) যে ষোলটি জনপদের নাম পাওয়া যায় সেগুলি মহাজনপদ, যার মধ্যে অঙ্গ ও মগধ আছে, বঙ্গ তখনও মহাজনপদ হিসেবে গড়ে ওঠেনি। মগধ ও অঙ্গের দীর্ঘ দিন পরে বঙ্গের অনার্যরা আর্য সংস্কৃতির দ্বারা প্রভাবিত হতে শুরু করে এবং ক্রমশ আর্য সংস্কৃতির ছত্রছায়ায় আশ্রয় খোঁজা শুরু করে। ঋকবেদ-এ একবার মাত্র 'কীকট' দেশনামের উল্লেখ, যে দেশকে যাস্ক অনার্য অধ্যুষিত বলে চিহ্নিত করেছেন, "কীকট নাম দেশনার্যোনিবাসঃ"। (ঋকবেদ ৩.৫৩.১৪) এই কীকট দেশই, পরবর্তী সংস্কৃত পণ্ডিতদের বিবেচনায় মগধ দেশ।[৫] চতুর্থ খ্রিস্ট-পূর্বাব্দে বঙ্গ মগধের সঙ্গে যুক্ত, অন্তত ব্যবসায়িক কারণে। মগধের সঙ্গে পূর্বদেশের, বিশেষত পুন্ড্রবর্ধন, বরেন্দ্র, বঙ্গ অঞ্চলের যোগাযোগ স্থাপনের মুহূর্ত থেকেই এই সব অঞ্চলে আর্যায়নের সূত্রপাত। অর্থাৎ নর্দিক গোষ্ঠির মানুষ এই অঞ্চলে উপনিবেশ স্থাপন করছেন, খুব ক্ষীণ হলেও এই অঞ্চলের মানুষের সঙ্গে যোগাযোগ ঘটছে বলে অনুমান করা যায়। অনুমান করা যায় অশোকের সময়েই এই অঞ্চলে আর্যায়ন গতি পায়। "Aryanisation of Bengal, inaugurated in the 4th century BC, under the Mauryas, vigorously carried on under the Guptas, seems to have been completed by the 7th century." — সুনীতিকুমারের অনুমান।[৬] অন্যত্র তিনি বলছেন, "আমার মনে হয়, মৌর্য্যরাই সব প্রথম বাঙলা জয় ক'রে আর্য্যাবর্তের সঙ্গে বাঙলার সুদৃঢ় বন্ধন স্থাপন করেন। মৌর্য্য-যুগ থেকেই মগধের রাজ কর্মচারী, সৈনিক, বেণে, ব্রাহ্মণ, শ্রমণ আর সাধারণ ঔপনিবেশিকেরা বাঙলা দেশে এসে বসবাস ক'রতে থাকে, আর তা'দের দ্বারাই মগধের আর্য্যভাষা বাঙলা দেশে আনীত আর স্থাপিত হয়। তা'র আগে হয়তো দু'চার জন ব্যবসায়ী বা বৌদ্ধধর্ম-প্রচারক বা অন্য শ্রেণীর লোক, আর্য্যভাষী পশ্চিম দেশ থেকে অনার্য্য বাঙলায় যাওয়া-আসা ক'রত, কিন্তু মৌর্য্যদের বিজয়ের ফলে রাজশক্তির প্রভাব দ্বারাই আর্য্য ভাষা বাঙলা দেশে প্রচারিত হয়—তা'র আগে বাঙলা দেশের স্থায়ী বাসিন্দা কেউ আর্য্য ভাষা বলত বলে বোধ হয় না।"[৭] অর্থাৎ চতুর্থ খ্রিস্ট-পূর্বাব্দের আগে এই ভূমি যাকে আমরা বঙ্গভূমি বলি তা জনশূন্য ছিল না। এখানে স্থায়ী বাসিন্দা ছিল এবং আর্যচেতনায় যাঁরা 'ম্লেচ্ছ' অভিধায় ভূষিত, তাই তো গঙ্গা-যমুনা পেরিয়ে এদেশে আসা আর্যদের জন্য প্রায়শ্চিত্তের বিধান। এদেশের মানুষ যাদের 'ম্লেচ্ছ' বলে চিহ্নিত করা হল তারা কারা? সুনীতিকুমার বলছেন, "দেশে নানা দ্রাবিড় ও কোল-জাতীয় লোকের বাস ছিল, তা'দের নিজ নিজ ভাষা, ধর্ম, আচার-ব্যবহার, সভ্যতা, রীতি-নীতি সবই ছিল।"[৮] অঞ্চলটি যা পরে বঙ্গদেশ নামে নামে অবিহিত, তখনও পর্যন্ত এক দেশ হিসেবে গড়ে ওঠেনি, বিচ্ছিন্ন অঞ্চলে বিভাজিত, পুন্ড্রবর্ধন, বরেন্দ্র, বঙ্গ, সমতট, রাঢ়, সুহ্মে বিভক্ত। বিভিন্ন জনগোষ্ঠির বাস, কোনো গোষ্ঠি প্রত্ন-অস্ত্রাল (সুনীতিকুমারের অভিধায় 'কোল') বংশোদ্ভূত, কোনো গোষ্ঠি ভূমধ্যসাগরীয় বংশজ (সুনীতিকুমারের অভিধায় দ্রাবিড়), কোনো গোষ্ঠি মোঙ্গলীয় বংশজাত। ভাষাগত দিক থেকেও তাঁরা আলাদা, ভিন্ন ভাষাগোষ্ঠিভুক্ত, অস্ট্রিক, দ্রাবিড়, ভোট-বর্মী। আর্য চেতনায় এঁরাই আর্যেতর জনগোষ্ঠির মানুষ, যাঁরা অনার্য বলে বিশেষিত, ম্লেচ্ছ।

ঐতরেয় আরণ্যকে (ষষ্ঠ-পঞ্চম খ্রিস্ট-পূর্বাব্দ) বঙ্গ (বগধ, চেরোপাদ) জাতির উল্লেখ যাদের অস্তিত্বের উপর

নির্ভর করে বঙ্গ অঞ্চলের স্বীকৃতি। মগধের জনগোষ্ঠি আর যাদের চেরোপাদ বলা হয়েছে তাঁরা, সুনীতিকুমারের মতে, কোল জাতি সম্ভূত। ঐতরেয় ব্রাহ্মণে পুন্ড্র জাতির উল্লেখ যারা বর্তমানে পুঁড়ো জাতি বলে খ্যাত, তাঁদের উৎসও লুকিয়ে আছে অস্ত্রাল গোষ্ঠির (সুনীতিবাবু যাদের 'কোল' বলেছিলেন) মধ্যে। এ ক্ষেত্রে এই একই সাহিত্যে উল্লেখিত 'শুণশেপ' উপাখ্যানের উল্লেখ বোধ হয় অপ্রসঙ্গিক হবে না। ঋষি বিশ্বামিত্র যখন একজন ব্রাহ্মণ সন্তানকে দেবীকে তুষ্ট করার জন্য বলিদানের হাত থেকে রক্ষা করে দত্তক নেন তখন তাঁর সন্তানরা (পঞ্চাশ জন) তা ভাল মনে গ্রহণ করেনি। তখন ঋষি তাঁদের অভিশাপ দেন। সেই অভিশাপের ফলে জাত পুত্রদের অন্যতম পুন্ড্র, শবর, পুলিন্দ, যাদের বাস আর্যাবর্তের সীমানার বাইরে, যারা 'দস্যু', 'বিদেশি বর্বর' বলে আখ্যায়িত। এই তিন গোষ্ঠির মানুষই নৃতাত্ত্বিক বিচারে অস্ত্রাল গোষ্টিভুক্ত। মহাভারতের ত্রয়োদশ পর্বেও এই একই উপাখ্যানের প্রতিধ্বনি। এই উপাখ্যানের মধ্যেই যে আর্যাভিমানের সূত্র লুকিয়ে আছে সে ব্যাপারে কোনো সন্দেহ থাকে না আর প্রাচীন সাহিত্যে এই জাতিগুলির উল্লেখ নিঃসন্দেহে প্রাচীন বাঙলায় তাঁদের অস্তিত্বের সূচক। বুদ্ধদেবের পরবর্তী সময়ের বৌধায়ন-ধর্মসূত্র-এ মগধ ও তার পূর্ব দেশকে অসভ্য মানুষ অধ্যুষিত দেশ বলে উল্লেখ করা হয়েছে, যা ব্রাহ্মণদের বসবাসের অনুপযুক্ত। অথর্ববেদে এই অঙ্গ ও মগধের উল্লেখ যেভাবে করা হয়েছে তাতে এই অঞ্চলের প্রতি আর্যদের ঘৃণা প্রকাশ পেয়েছে। শতপথ ব্রাহ্মণে বলা হচ্ছে 'আসুর‍্যাঃ প্রাচ্যাঃ', অর্থাৎ পূর্বদেশ অসুর অধ্যুষিত। জৈন সাহিত্য 'আয়ারাংগসুত্ত'-এ 'লাঢ়' শব্দের উল্লেখ দেশনাম হিসেবে, আছে লাঢ় ('রাঢ়')-এর জাতির উল্লেখ, যারা অসভ্য, যাদের বাস বর্তমান দক্ষিণ বঙ্গে। অর্থাৎ বৃহত্তর বঙ্গভূমি আদিতে বঙ্গ, পুন্ড্র, রাঢ়, পুলিন্দ, অন্ধ্র, সুহ্ম প্রভৃতি জনপদে বিভক্ত। পরবর্তী কালে সম্ভবত খ্রিস্টীয় চতুর্থ শতকে সেখানে আর্য প্রবাহ মিশছে। নৃতাত্ত্বিক দৃষ্টিতে এই সব জনগোষ্ঠি প্রত্ন-অস্ত্রাল, ভূমধ্যসাগরীয়, মোঙ্গল বংশোদ্ভূত। দৈহিক গঠনে তাঁরা যেমন আলাদা, ভাষাগত দিক থেকেও তাঁরা পৃথক। গৌড়কে কেন্দ্র করে বঙ্গ রাজ্যের প্রতিষ্ঠা হচ্ছে সপ্তম শতকে, শশাঙ্কের হাত ধরে (আনুমাণিক খ্রিস্টীয় সপ্তম শতকের প্রথম/দ্বিতীয় দশক)। সপ্তম শতকেই সম্ভবত বঙ্গ 'গৌড়বঙ্গ' নামে একটা ভৌগোলিক চেহারা পাচ্ছে, সেখানে বিভিন্ন গোষ্ঠির মানুষ, যাঁরা ভাষাগত বিচারে মুণ্ডা, দ্রাবিড়, ভোট-চীনীয় গোষ্ঠিভুক্ত। প্রসঙ্গত উল্লেখ্য, সপ্তম শতকে হিউয়েন সাঙ যখন বঙ্গ পরিভ্রমণ করেন তখন তিনি অন্তত সুহ্ম অঞ্চলের ভাষা যে মধ্যদেশের ভাষার থেকে আলাদা তা লক্ষ করেছিলেন। অর্থাৎ যদি আমরা ধরে নিই চতুর্থ শতক থেকে এই অঞ্চলে আর্যায়নের সূত্রপাত হচ্ছে, ভাষাগত দিক দিয়ে সপ্তম শতকেও বঙ্গের সমস্ত অঞ্চলে আর্যভাষা গৃহীত হয়নি। সেখানে তখনও অনার্য ভাষার রেশ।

মিশ্রণ : রক্তে ও দৈহিক গঠনে

আর্যরা মগধের পূর্ব দেশে আসার আগেই এই ভূখণ্ডের আদি বাসিন্দা বিভিন্ন গোষ্ঠির মানুষের মধ্যে যোগাযোগ গড়ে উঠেছিল বলেই অনুমান করা যায়। এখানে মিশ্রণ যেমন ঘটেছিল রক্তে, তেমনই আচারে, সংস্কারে, বাস্তব এবং মানসিক সংস্কৃতিতে, দীর্ঘদিন পাশাপাশি থাকার কারণে। সুনীতিকুমারের মতে, আর্যায়নের সূচনায়, প্রথম স্তরে, এই তথাকথিত অনার্যদের আর্য সমাজে অঙ্গীভূত করার চেষ্টা, তারপর অবৈদিক আর্য ও অনার্যদের মধ্যে মিশ্রণের সূত্রপাত। আরেক ধরনের মিশ্রণও গড়ে উঠল বিভিন্ন অনার্য গোষ্ঠির মধ্যে রক্ত মিশ্রণের মধ্য দিয়ে। আচারে, সংস্কারে, সংস্কৃতিতেও এই মিশ্রণ প্রতিফলিত হল। ভারতের জাতিপ্রবাহে বাঙালির স্থান নির্ণয়ে নীহাররঞ্জন রায়ের বক্তব্যও এখানে উল্লেখের দাবি রাখে, "এই সুদীর্ঘ জাতিপ্রবাহের ইতিহাস আলোচনায় একটি তথ্য সুস্পষ্ট ধরা পড়ে। ... নরতত্ত্বের দিক হইতে বাঙলার জনসমষ্টি মোটামুটি দীর্ঘমুণ্ড, প্রশস্তনাস আদি-অস্ট্রেলীয় বা 'কোলিড', দীর্ঘমুণ্ড, দীর্ঘ ও মধ্যোন্নতনাস মিশর-এশীয়

বা 'মেলানিড', এবং বিশেষভাবে গোলমুন্ড উন্নতনাস অ্যালপাইন বা 'পূর্ব ব্র্যাকিড' এই তিন জনের সমন্বয়ে গঠিত। নিগ্রবটু রক্তেরও স্বল্প প্রভাব উপস্থিত, কিন্তু তাহা সমাজের খুব নিম্নস্তরে এবং সংকীর্ণ স্থানগণ্ডির মধ্যে আবদ্ধ। মোঙ্গলীয় রক্তের কিছুটা প্রভাবও আছে, কিন্তু তাহাও উত্তর ও পূর্ব দিকে সংকীর্ণ স্থানগণ্ডির সীমা অতিক্রম করে নাই। আদি নর্ডিক বা খাঁটি 'ইণ্ডিড' রক্তপ্রবাহও অনস্বীকার্য, কিন্তু সে ধারা অত্যন্ত সংকীর্ণ ও ক্ষীণ। মোটামুটিভাবে ইহাই বাঙলাভাষাভাষী জন-সৌধের চেহারা, এবং এই জন-সৌধের উপরই বাঙ্গালীর ইতিহাস গড়িয়া উঠিয়াছে। এই বিচিত্র সংকর জন লইয়াই বাঙলার ও বাঙালীর ইতিহাসের সূত্রপাত"।[৯] তবে এই মিশ্রণের মধ্যে মাত্রাগত তারতম্যও রয়ে গেছে। আর একটু স্পষ্ট করে বললে বাঙালির সত্ত্বায় দু'ধরণের উপাদান মিশেছে—এক, কোল, শবর, পুলিন্দ, হাড়ি, ডোম, চণ্ডাল প্রভৃতি আদিম অধিবাসীদের উপাদান, যাদের 'ম্লেচ্ছ' বলে চিহ্নিত করা হয়েছিল; আর দুই, উচ্চ বর্ণের উপাদান। প্রথম দল বাঙলার প্রাচীন অধিবাসী যাদের বৈদিক সাহিত্যে 'নিষাদ' বলে চিহ্নিত করা হয়েছিল। রমাপ্রসাদ চন্দও এদের 'নিষাদ' বলে চিহ্নিত করেছেন। এ বিষয়ে দীর্ঘ আলোচনা এখানে জরুরি না হলেও এ কথাটুকু বলে রাখা ভাল সামাজিক অনুক্রমে নিম্নবর্ণের বাঙালির মধ্যে যে 'জন'-এর প্রভাব সব থেকে বেশি, তাঁরা এই আদি-অস্ট্রেলীয় বা প্রত্ন-আস্ত্রাল বা নিষাদ গোষ্ঠির মানুষ। প্রশান্তচন্দ্র মহলানবীশ বাঙালির নৃতাত্ত্বিক উপাদান বিশ্লেষণে দেখিয়েছিলেন, বাঙলার বাগদি আর পোদ জাতির মধ্যে ছোটনাগপুরের আদিবাসীদের মিশ্রণ অনেক বেশি।[১০] "Resemblance of the Kayasthas, the Sadgopas and the Kaivartas with the aboriginal tribes of Chota Nagpur is not appreciable. Indications of such intermixture increase as we go down the social scale, being very large, for example, in the cases of the Bagdis and the Pods."[১১] নব্যপ্রস্তর যুগীয় বা নবোপলীয় সংস্কৃতিসম্পন্ন এই নিষাদ গোষ্ঠিই বাঙলার জনগণের অধঃস্তর (substratum) গড়ে দিয়েছিল যা ঢাকা পড়েছিল পরবর্তী স্তরে অন্যন্য সংস্কৃতির প্রভাবে। সুনীতিকুমার বলেছিলেন, "বাঙালী জাতিটা যে একটা মিশ্র অনার্য্য জাতি—মোঙ্গল, কোল, মোন-খমের, দ্রাবিড় এই সব মিলে সৃষ্ট খিচুড়ি, যাতে আর্য্যত্বের গরম-মশলাটুকু পড়েছে মাত্র"।[১২] অর্থাৎ অন্যান্য জনগোষ্ঠির উপাদান থাকলেও প্রত্ন-অস্ত্রাল (সুনীতিবাবুর ভাষায় 'কোল') উপাদান যে অন্যতম তা স্বীকৃত। নির্দিষ্ট ভাবে বললে, এ কথা স্বীকৃত যে ভারত সভ্যতার ভিত্তি যা মূলত গ্রামীন ও কৃষিকেন্দ্রিক তা গড়ে তুলেছিলেন এই প্রত্ন-অস্ত্রাল বা নিষাদ গোষ্ঠির মানুষ, বাঙলার ক্ষেত্রেও তা সমান ভাবে প্রযোজ্য।

শুধু তা-ই নয়। ভাষাগত দিক দিয়েও এই প্রত্ন-অস্ত্রাল বা নিষাদ গোষ্ঠির যে যথেষ্ট প্রভাব ছিল তা বোঝা যায় যখন সুনীতিকুমার Alpine গোষ্ঠির মানুষরাও দ্রাবিড় বা কোল ভাষায় কথা বলত বলে অনুমান করেন। প্রসঙ্গত বলে রাখা ভাল, রমাপ্রসাদ চন্দ মনে করতেন Alpine গোষ্ঠির মানুষ আর্য্যভাষী ছিলেন। সুনীতিকুমারের এই মত মনঃপুত হয়নি। তিনি বলছেন, "আমার মনে হয় আর এ বিষয়ে নৃতত্ত্ববিৎ কারো-কারো মতও আমার অনুকূল যে এই [৩]-শ্রেণীর (অর্থাৎ Alpine Shortheads) লোকেরা নবাগত আর্য্য অথবা মোঙ্গলদের ভাষা বলত না। —সম্ভবত তা'রা দ্রাবিড় বা কোল ভাষা ব'লত; কিংবা অধুনালুপ্ত অন্য কোনও অনার্য্য ভাষা ব'লত। ...আর্য্যভাষা, উত্তর-ভারত অর্থাৎ এখনকার উত্তরপ্রদেশ আর বিহার থেকে আগত বিশুদ্ধ বা মিশ্র [১]-শ্রেণীর (North Indian Longheads) ঔপনিবেশিকের মুখে বাঙলাদেশে প্রসৃত হবার পূর্বে, বাঙলাদেশে [২] (South Indian or Dravido-Munda Longheads), [৩] (Alpine Shortheads) আর [৪]-শ্রেণীর (Mongolian Shortheads) যে অধিবাসীরা বাস করত, তা'রা যে আর্য্যভাষী ছিল না, এ কথা বললে অযৌক্তিক কথা বলা হয় না। বাঙলার অধিবাসীদের মূল উৎপত্তি যে ভিন্ন ভিন্ন জাতি থেকেই হোক.... তা'রা অনার্য্যভাষী ছিল বলেই অনুমান হয়। ... বাঙলা দেশে আর্য্যভাষা আগমনের পূর্বে, কোল আর

দ্রাবিড়, আর উত্তর-পূর্ব অঞ্চলে ভোট-চীনা, এই তিনটি ভাষার অস্তিত্বের প্রমান পাই—গোল-মাথা Alpine shorthead -দের মধ্যে অন্য কোনও ভাষা ছিল কিনা জানবার উপায় নেই। এটা অসম্ভব নয় যে, তা'রা [১]-শ্রেণীর আর্য্যদের আসবার আগে, [২]-শ্রেণীর ভাষা কোল আর দ্রাবিড় গ্রহণ করেছিল; আর বাঙলা দেশের প্রচলিত ভাষাগুলির সমাবেশ, আর কোল, দ্রাবিড়, ভোট-চীনা ছাড়া অন্য ভাষার অস্তিত্বের প্রমাণের অভাবে, [২]-শ্রেণীর লোকেরা, আর্য্যদের আগমনের কালে যে ভাষায় দ্রাবিড় আর কোলই ছিল, এই অনুমান মেনে নিতে প্রবৃত্তি হয়—এর বিরুদ্ধে অন্য কোনও যুক্তি মনে লাগে না।"[১৩] তিনি আরও জানিয়েছেন, "বাঙলা দেশে যে অনার্য্যের বসতি ছিল, তা' আমরা এ দেশের প্রত্যন্তভাগে এখনও অনার্য্য জা'তের বাস দেখে অনুমান করতে পারি। বাঙলা দেশের আদিম অধিবাসীদের অনার্য্য-ভাষিতার আর-একটি প্রমাণ পাই বাঙলার গ্রাম আর পল্লীর নাম থেকে"।[১৪]

মিশ্রণ : ভাষা ও সংস্কৃতিতে

এই গোষ্ঠির মানুষের সংস্কৃতি নিয়ে সুনীতিবাবু যা লিখেছিলেন তা থেকে প্রতীয়মান হয় শুধু দৈহিক গঠনের বিচারে বাঙালি মিশ্র অনার্য জাতি নয়, বাঙালির বাস্তব ও মানসিক সংস্কৃতির বনিয়াদও গড়ে উঠেছিল এই মিশ্রণের ফলে। তাঁর বক্তব্য এখানে স্মরণ করা যেতে পারে। "The Austric- speaking tribes of India appear to have belonged to more than one group of the Austroasiatic section—to the Kol, to the Khasi, and to the Mon-Khmer groups. They were in the neolithic stage of culture, and perhaps in India they learned the use of copper and iron. They developed a primitive system of agriculture in which a digging stick ... was employed to till the hill-side. Terrace cultivation of rice on hills, and plains cultivation of the same grain were in all likelihood introduced by them. They introduced or developed, as the names from their language would suggest, the cultivation of the coconut *(nārikéla)*, the plantain *(kadala)*, the betel vine *(tāmbula)*, the betel-nut *(guvāka)*, probably also turmeric *(haridrā)* and ginger *(śṛṅgavéra)*, and some vegetables like the brinjal *(vātiṅgaṅa)* and the pumpkin *(alābu)*. .... they were probably the first people to tame the elephant, and to domesticate the fowl. The habit of counting by twenties in some parts of North India (cf. Hindi *kōṛé*, Bengali *kuṛi*, 'score, twenty' from the Austric) appears to be the relic of an Austro-Asiatic habit. The later Hindu practice of computing time by days of the moon (tithis) seems also to be of Austric origin."[১৫]

কৃষিকেন্দ্রিক বাঙলায়, এমনকি আসাম, বিহার, ঝাড়খন্ড এবং ওডিষায়, 'কুড়ি'কে মান ধরে গণনা পদ্ধতি যেমন আজও চলমান, তার পাশাপাশি ছোট ছোট মানের মাধ্যমে কৃষিজাত দ্রব্য ও গৃহস্থালির অন্যান্য দ্রব্য গণনার পদ্ধতি আজও প্রচলিত। যেমন 'গণ্ডা', চার-সংখ্যাকে ভিত্তি ধরে গণনা, এক গণ্ডা, দু গণ্ডা, বিশেষত ধানের আঁটি গোনার ক্ষেত্রে, জ্বালানি কাঠ বা ঘুটে গোনার ক্ষেত্রে। গণনার ক্ষেত্রে এর পরের বড় মান 'পন', অর্থাৎ কুড়ি গণ্ডা বা আশি। 'কুড়ি' শব্দটি এবং 'কুড়ি'কে মান ধরে গোনার পদ্ধতি যে অস্ট্রিক তা তো অনেক কাল আগে প্রুশলুস্কি, সুনীতিকুমার বলেছেন। অস্ট্রিকভাষী মানুষের মধ্যে 'কুড়ি'-কে মান হিসেবে ব্যবহার করার সঙ্গে হাতের ও পায়ের কুড়ি আঙ্গুলের সম্পর্ক আছে। 'কুড়ি' সংখ্যাটি আক্ষরিক অর্থে সব অস্ট্রিক ভাষায় না পাওয়া গেলেও দশ সংখ্যার সূচক হিসেবে পালাওং ও রিয়াং ভাষায় শব্দটির (পালাওং 'কুর', রিয়াং 'স-কোল') অস্তিত্ব প্রুশলস্কি লক্ষ করেছিলেন। সেই 'কুর' মূল যেটি নিম্ন বার্মা বা মায়ানমারে দশ সংখ্যা সূচক তাই বড় সংখ্যা গণনার ক্ষেত্রে মূল হিসেবে গৃহীত হল, যেমনটি

ঘটল মুন্ডা ভাষাগুলোর ক্ষেত্রে তেমনই বাঙলায়। শুধু তাই নয়, সুনীতিকুমার, প্রশলস্কি 'কুড়ি' শব্দ যে আসলে একজন মানুষের দ্যোতক তা বিভিন্ন মুন্ডা ভাষার মনুষ্যবাচক 'হড়', 'হোড়', 'হোড়ো', 'কোরো' শব্দের সঙ্গে তুলনা করে দেখিয়েছিলেন। প্রশলস্কির সিদ্ধান্ত, "Thus one can easily understand that the same root has served the purpose of designating the individual not as an indivisible unit but as a numerical whole.... It can be thus imagined that amongst the Austro-Asiatic peoples also, for expressing 10 or 20 one has thought of "man" provided with 10 fingers if his hands only are considered and with 20 fingers if all the four members of his body are counted."[১৬] প্রসঙ্গত উল্লেখ্য, তুড়ি নামক মুন্ডা গোষ্ঠির এক ভাষায় 'তি' 'হাত' পাঁচ সংখ্যা নির্দেশক। বলে রাখা ভাল, 'কুড়ি' সংখ্যা 'কোটি' শব্দজাত বলে অনেকে অনুমান করেছিলেন। তা যে অসম্ভব একটি অনুমান তা বিভিন্ন ভাষার সংখ্যা শব্দের উৎপত্তি থেকে বোঝা যায়। পৃথিবীর প্রায় সব ভাষাতেই ছোট সংখ্যার দ্যোতক বড় সংখ্যা বোঝানোর জন্য ব্যবহার হয়, বড় সংখ্যার দ্যোতক ছোট সংখ্যার মান হিসেবে ব্যবহার হয় না। এ ক্ষেত্রেও সেই একই কথা প্রযোজ্য। 'কোটি' যেহেতু বৃহৎ সংখ্যার দ্যোতক, তাই তা ছোট সংখ্যার দ্যোতক 'কুড়ি' বোঝানোর জন্য ব্যবহার হতে পারে না বলেই অনুমান হয়। মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠির 'চার'-কে মান ধরে গণনার রীতি থেকেই বাঙলায় গণ্ডা পদ্ধতির উদ্ভব। 'চার'-কে মান হিসেবে ব্যবহারের মধ্যে লুকিয়ে আছে মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠির মানুষের সংস্কার। হাতের বা পায়ের আঙ্গুল গণনার একক হিসেবে ব্যবহার করার রীতি তাঁদের মধ্যে থাকলেও যখন হাতের আঙ্গুলকে বিশেষ একটি মান হিসেবে ব্যবহার করা হয় তখন বৃদ্ধাঙ্গুষ্ঠ অশুভ হিসেবে বিবেচ্য। অর্থাৎ বৃদ্ধাঙ্গুষ্ঠ বাদ দিয়ে বাকি চার আঙ্গুল নিয়ে একটি মানগণ্ডা। বৃদ্ধাঙ্গুষ্ঠকে বাদ দিয়ে গণনার এই সংস্কার পৃথিবীর অনেক প্রাচীন জনগোষ্ঠির গণনা পদ্ধতির মধ্যেও লুকিয়ে আছে। বাঙালির কাছেও যে বৃদ্ধাঙ্গুষ্ঠ অশুভ তা মুণ্ডা (অস্ট্রিক) সংস্কারেরই উত্তারাধিকার। নীহাররঞ্জন রায়ের বিবেচনাতেও প্রশলস্কির প্রতিধ্বনি। তিনি লিখেছিলেন, "আসামে ও বাঙলাদেশে এক কুড়ি, দুই কুড়ি, তিন কুড়ি, চার কুড়িতে (বিশ বা বিংশ নয়) এক পণ, অর্থাৎ ৮০টায় এক পণ গণনার রীতি প্রচলিত। হাটে বাজারে পান, সুপারি, কলা, বাঁশ, কড়ি এমন কি ছোট মাছ ইত্যাদি দ্রব্যও এখনও এইভাবেই গণনা করিয়া ক্রয়-বিক্রয় করা হয়। এই কুড়ি শব্দটি এবং এই গণনা রীতিটি—দুই-ই অস্ট্রিক। সাঁওতালী ভাষায় উপুণ বা পুণ বা পণ কথাটির অর্থ ৮০ এবং সঙ্গে সঙ্গে ৪ও। মূল অর্থ চার। অস্ট্রিকভাষাভাষী লোকদের ভিতর কুড়ি শব্দ মানবদেহের কুড়ি আঙ্গুলের সঙ্গে সম্পৃক্ত; কুড়িই তাহাদের সংখ্যা গণনার শেষ অঙ্ক এবং কুড়ি লইয়া এই মান। কাজেই এক কুড়ি, দুই কুড়ি, তিন কুড়ি, চার কুড়িতে (৪ × ২০ = ৮০) এক পণ। এক অর্থে আশিও পণ চারও পণ। এই পণও তাহা হইলে অস্ট্রিক শব্দ। আবার কুড়ি গোণ্ড বা গণ্ডতে এক পণ (= ৮০), এও অস্ট্রিক ভাষারই গণনা। অর্থাৎ এক গোণ্ড গণ্ডতে চার সংখ্যা; প্রত্যেক কুড়িতে (৪ × ৫) পাঁচটি গোণ্ড। এই গোণ্ড বা গণ্ডই বাঙলায় গণ্ডা যাহা চার সংখ্যার সমান। চার কুড়িতে এক পণ। এই গণ্ডা হইতেই খ্রীষ্ট-পূর্ব প্রথম-দ্বিতীয় শতকের প্রাকৃত মহাস্থান শিলালিপির গণ্ডকমুদ্রা। ত্রয়োদশ শতক পর্যন্ত এই গণ্ডকমুদ্রার প্রচলন বাঙলাদেশে ছিল"।[১৭]

সুনীতিবাবু নির্দেশিত উপর্য্যুক্ত বাস্তব সংস্কৃতির শব্দ-তালিকার বাইরেও আরও বেশ কিছু শব্দের উদাহরণ দেওয়া যায় যেগুলি মুন্ডা (অস্ট্রিক) ভাষা জাত বলেই মনে হয়। সুনীতিকুমার, সিল্ভাঁ লেভি, প্রশলস্কি, জুল ব্লক, প্রবোধচন্দ্র বাগচি উল্লেখিত এই ধরনের আরও বেশ কিছু শব্দ স্মরণ করা যেতে পারে। যেমন, বাঙলা খাঁখাঁ, খাঁখার (abuse), বাঁখারি (বাখারি বা চেড়া বাঁশ), বাদুড়, কানি (ছেঁড়া কাপড়ের টুকরো), জাং (জঙ্ঘা), ঠেং (গোড়ালি

থেকে হাঁটু পর্যন্ত পায়ের অংশ), ঠোঁট, বাসি, ছাঁচ, ছাঁচতলা, ছোঁচা, কলি (চুন), ছোট, পেট, খোস, ঝোড় বা ঝাড়, ঝোপ, পুরাতন বাঙলায় চিখিল (কাদা), ডোম (প্রাচীন বাঙলায় ডোম্ব-ডোম্বী), চোঙ, চোঙ্গা, মেড়া (ভেড়া), বোয়াল, করাত, দা বা দাও, পগার (জলময় গর্ত বা প্রনালী), গড়, বরজ (পানের), কামরাঙ্গা, ডুমুর প্রভৃতি সমস্ত শব্দই মূলত অস্ট্রিক গোষ্ঠির ভাষার সঙ্গে ঘনিষ্ঠ সম্বন্ধে আবদ্ধ।[১৮] শুধু তাই নয়, গঙ্গা ও বঙ্গ শব্দ দুটিও অস্ট্রিক ভাষার দান বলেই তাঁরা মনে করেন। [গঙ্গা শব্দের মূল অর্থ লুকিয়ে আছে নদি শব্দের মধ্যে] প্রসঙ্গত এখানে বলে রাখা ভাল লেভি, প্রুশলস্কি, ব্লক দক্ষিণ-পূর্ব এশিয়ার মোন-খমের গোষ্ঠির (মোন, খমের, বাহনার, স্টিয়েং, রিয়াং, পালাওং প্রভৃতি) অনেক ভাষার সঙ্গে তুলনা করে এই সিদ্ধান্তে উপনীত হয়েছিলেন। ডোঙ্গা, ঢেঁকি, ঢাকা, দুলি (কচ্ছপ), টং (উচ্চ স্থান), ঝিঙ্গে, ডেঙ্গর, ঢেঙ্গা, ঢোল, ঢাল, ডাঙ্গা, ঝাঁটা, ঢিল, ঢেউ, ডাব, ঝোল, আকাল, আখড়া, বড়শি, বট, বয়ার (মহিষ), কাড়া, কাড়ি (মহিষ), চুলা, কুলহি, হুড়কা, খুঁটি, নেঙ্গা, রাঁড়, ঠোঙা, তোতলা, আচকা, অড়া, কাটুল, ডি, হাড়াম, আঞ্জির প্রভৃতি গ্রাম বাঙলায় ছড়িয়ে থাকা অসংখ্য শব্দ মুন্ডা (অস্ট্রিক) শব্দ জাত বলেই মনে হয়। আর্যদের বাঙলায় আসার অনেক আগেই 'ধান' এসেছে দক্ষিণ-পূর্ব এশিয়া থেকে। খ্রিস্ট-পূর্ব দ্বিতীয়-প্রথম শতকের মহাস্থানগড়ের শিলালিপিতে ধানের উল্লেখ। ঝনঝন, টুংটাং, গড়গড়, হুড়মুড়, দুড়দাড়, ক্যাঁচম্যাচ, চ্যাঁভ্যাঁ প্রভৃতি অনুকার শব্দও মুণ্ডা (অস্ট্রিক) প্রভাব জাত। সিল্ভাঁ লেভি যমজ নামকরণ পদ্ধতি অস্ট্রিক প্রভাব জাত বলেই মনে করেন, "Pulinda-Kulinda, Mekala-Utkala (with the group Uḍra-Puṇḍra-Muṇḍa), Kosala-Tosala, Aṅga-Vaṅga, Kaliṅga-Tiliṅga form the links of a long chain which extends from the eastern confines of Kashmir up to the centre of the peninsula... In each ethnic pair the twin bears the same name, differentiated only by the initial K and T; initial K and P; zero and V or m and p. This process of formation is foreign to Indo-European; it is foreign to Dravidian; it is on the contrary characteristic of the vast family of languages which is called Austroasiatic, and which covers in India the group of the Munda languages, often called also the Kolarian."[১৯]

বাঙলা বাক্য রচনারীতির ক্ষেত্রে যে সরলতা, বৈদিক রচনারীতির থেকে যে অনেকাংশে মুক্তি তা শুধুমাত্র দ্রাবিড় গোষ্ঠির ভাষারীতির প্রভাবের ফলে নয়, মুণ্ডা (অস্ট্রিক) প্রভাবকেও অস্বীকার করা যাবে না। প্রাকৃত ভাষা যদি অনার্যদের মুখে পরিবর্তনের ফলেই গড়ে উঠে থাকে তাহলে তো সেই অনার্য গোষ্ঠি শুধু দ্রাবিড় ভোট-বর্মী নিয়ে গড়ে ওঠেনি মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠির মানুষও তো সেই অনার্যদের অন্যতম অংশ। তাই দ্রাবিড়, ভোট-বর্মীদের মুখে আর্যভাষা বদলে যেমন দ্রাবিড়, ভোট-বর্মী রূপ পরিগ্রহ করেছে তেমনই মুণ্ডাভাষীদের মুখে বদলের সময়ও মুণ্ডা (অস্ট্রিক) বাকরীতি থেকে মুক্ত হতে পারে নি। তাই তো বাঙলা ভাষায় দ্বিরুক্ত শব্দ, অনুকার, ধ্বন্যাত্মক শব্দের আধিক্য। আদি আর্যের পূর্বসর্গের পরিবর্তে যে বাঙলায় পরসর্গের আধিক্য তা তো শুধু দ্রাবিড়, ভোটবর্মী প্রভাবজাত নয়, মুণ্ডা ভাষারও সেই একই বৈশিষ্ট্য (কয়েকটি ব্যতিক্রম ছাড়া)। তদ্ভব বাঙলায় যে যুক্তব্যঞ্জনের অভাব তাও তো মুণ্ডাদের (অস্ট্রিক) ভাষার বৈশিষ্ট্য। এমন একটিও মুণ্ডা ভাষার উদাহরণ নেই যেখানে যুক্তব্যঞ্জন আছে। অসমাপিকা ক্রিয়া, সহায়ক ক্রিয়ার ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য।

বাঙলা ও মুণ্ডা ভাষার মধ্যে স্বরধ্বনির পরিমাণগত মিল লক্ষ করে মুহম্মদ শহীদুল্লাহ সুনীতিকুমারকে উদ্ধৃত করে জানিয়েছিলেন "এস্থলে বাঙ্গালার সহিত সাঁওতালী ভাষার কতিপয় সাদৃশ্য লক্ষ্য করা যায় : যেমন, বাঙ্গালায় একাক্ষরিক ...মূল শব্দগুলি ...সর্বদাই দীর্ঘ, সাঁওতালীতেও তদ্রূপ। দুই মাত্রিক শব্দের প্রতি বাঙ্গালার প্রবণতা সাঁওতালীতেও দেখা যায় : অর্থাৎ একটি দীর্ঘাক্ষরিক বা দুটি লঘু আক্ষরিক অথবা একটা খুব লঘু আক্ষরিক (১/২ মাত্রা বা ৩/৪

মাত্রার) ও অন্যটি অপেক্ষাকৃত দীর্ঘ ১ ১/২ বা ১ ১/৪ মাত্রার অক্ষরের দ্বারা গঠিত দুই মাত্রার শব্দের দিকে ইহাদের ঝোঁক আছে। আবার বাঙ্গালার মতই, একাক্ষরিক মূল শব্দগুলিতে বিভক্তি যোগ করা হইলে ইহারা দীর্ঘতা হারাইয়া দুইটি লঘু আক্ষরিক শব্দে পরিণত হয়।[২০]

বঙ্গদেশে এমন অনেক স্থান নাম আছে যেমন -সোল, -জোল-যুক্ত যে স্থাননাম, -কুলি (কুলহি)-যুক্ত স্থাননাম, -গাড়, -ডাঙ্গা বা -ডাং, -টিকর, -টাঁড়, -কানালি (হলুদ কানালি, খোইরাকানালি), (বাদ ও সোলের মধ্যবর্তী ভূখণ্ড), -বাদ, (অসুরাবাদ), -তোড়া, -গড়্যা (জলাশয়) (অসুরগড়্যা), হিড়-যুক্ত প্রভৃতি নামগুলিও মুণ্ডা (অস্ট্রিক) প্রভাবজাত। গ্রাম বাঙলার আরও কিছু স্থাননাম আছে যেগুলি মুণ্ডা (অস্ট্রিক) ভাষার, যেমন আইড়া (ওঝা)। [এই স্থানগুলির অধিকাংশই সীমান্তবঙ্গের, যেখানে সাঁওতাল, মুণ্ডাদের বাস]। -দ/-দহ পরপদযুক্ত স্থাননামগুলিও যে মুন্ডা(অস্ট্রিক) প্রভাব জাত তা সুনীতিকুমার, প্রবোধচন্দ্র বাগচি, প্রুশলস্কি, সিল্ভাঁ লেভি, জুল ব্লকরা অনুমান করেছিলেন।

বঙ্গদেশের মানসিক সাংস্কৃতিক ঐতিহ্যেও মুণ্ডা (অস্ট্রিক) সংস্কৃতির যথেষ্ট প্রভাব। দেব ভাবনায়, দেব কল্পনায়, পূজার্চনায়, বিবাহের লোকাচারে, জন্ম-মৃত্যু সংস্কারের আড়ালে ফসিল হয়ে থাকা মুণ্ডা (অস্ট্রিক) উপাদান ও চেতনা খুঁটিয়ে দেখলে মিশ্র (সংকর) বাঙালির চেহারা আরও স্পষ্ট হয়ে ওঠে।

বঙ্গদেশের গ্রামেগঞ্জে যে বৃক্ষ পূজার প্রথা তা মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠির অবদান বলে অনুমান করা যায়। মুণ্ডা গোষ্ঠির মানুষজন সর্বপ্রাণবাদে বিশ্বাসী। তাঁরা মূর্তি পূজা করেন না। উন্মুক্ত আকাশের নিচে তাঁদের দেবতাকে আবাহন। গাছ পাহাড়, পশুকেই তাঁরা দেব জ্ঞানে পুজো করেন। এখান থেকেই গ্রাম-বাংলায় বট, শ্যাওড়া প্রভৃতি গাছকে পুজো করার প্রথার উদ্ভব। আর পাথর পুজো তো গ্রাম বাংলায় বিশেষ প্রচলিত। কোনো প্রাচীন গাছের আশ্রয়ে (বিশেষত বট, অশ্বত্থ ইত্যাদি) শিলা খণ্ড দেবতা রূপে পুজো করার প্রথা গ্রাম বাঙলায় বহুল প্রচলিত।

নিম্ন বর্ণের বাঙালির মধ্যে যে ধর্ম পূজার প্রচলন, ধর্ম ঠাকুরের অস্তিত্ব তা তো আসলে প্রাগার্য আদিম কৌম সমাজের উত্তরাধিকার। পরে বৈদিক ও পৌরাণিক, দেশি নানা দেবতার সঙ্গে মিশে গিয়ে ধর্ম ঠাকুরের উদ্ভব ঘটেছে। ধর্ম ঠাকুরের পুজোপকরণে গাছ, হাঁস, শূকর বলি এবং ধর্মপুজোর পদ্ধতিতে মুণ্ডা প্রভাব। ধর্মের গাজনে কৃচ্ছতা সাধন ও দৈহিক নির্যাতনে মুণ্ডা প্রভাব নিশ্চিত ভাবে বর্তমান। ধর্মের পুজারী নিম্নবর্ণের মানুষ, নিম্নবর্ণের মধ্যেই ধর্মপুজোর প্রচলন বেশি বলে। আসলে বঙ্গদেশের নিম্নবর্ণের (বিশেষত পোদ, বাগদি, বাউড়ি, হাড়ি, ডোম) মানুষের সঙ্গে মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠির মানুষের রক্তের মিশ্রণ সর্বাধিক। তাই নিম্নবর্ণের পূজিত দেবতার মধ্যে অস্ট্রিক প্রভাব বেশি থাকাই স্বাভাবিক বলে মনে হয়। ধর্মের গাজনের যে উদ্দাম নৃত্য তা নিশ্চিতভাবে মুণ্ডা (অস্ট্রিক) অবদানের ফসল বলে সুনীতিকুমার মনে করেন। "Now dance as a fundamental religious ritual is certainly not Aryan; it is neither Buddhistic nor Brahmanical. It may be Dravidian; it may also be Tibeto-Chinese but it is emphatically Austric."[২১]

ছোটনাগপুর অঞ্চলে ও মালভূমি সংলগ্ন বঙ্গের বিভিন্ন অঞ্চলে গ্রীষ্মে লিঙ্গ জ্ঞানে পাহাড়ে জল ঢালার প্রথা এখনও মুণ্ডা গোষ্ঠির কোনও কোনও আদিবাসীদের (সাঁওতাল, মুণ্ডা প্রভৃতি) মধ্যে বর্তমান। চৈত্র-বৈশাখ মাসে শিব লিঙ্গে জল ঢালা বঙ্গের সর্বত্র এক বিশেষ ব্রত/আচার হিসেবে পালিত। পৌরাণিক শিবেরও আবাস পাহাড়ে। মুন্ডা গোষ্ঠির মানুষের প্রধান দেবতা 'মারাং বুরু'। অর্থাৎ পাহাড় পুজোই যে বঙ্গের শিব উপাসনার উৎস, এ কথা অনুমান করলে খুব একটা অত্যুক্তি হবে না। (শ্মশানবাসী শিবের ধারণা দ্রাবিড় প্রভাবজাত)। বঙ্গে আর্যায়নের সঙ্গে সঙ্গে এই লিঙ্গ পুজোও বাঙালির দেব ভাবনায় আশ্রয় পেয়েছে। অথর্ববেদ অনুযায়ী ব্রাত্যদের মধ্যে যে শিব পুজোর অস্তিত্ব তা বৈদিক আর্যদের থেকে আলাদা। বঙ্গের শিব চেতনায় অশাস্ত্রীয় বহু উপাদানের মিশ্রণের ফলেই যে এই পার্থক্য তা বোঝা যায়।

মুন্ডা গোষ্ঠির মানুষ কৃষিজীবী হওয়াতে বঙ্গের কৃষি সংক্রান্ত অনেক পাল-পার্বনের মধ্যে লুকিয়ে আছে মুন্ডা গোষ্ঠির প্রভাব। গ্রাম বাঙলার কৃষি-সংস্কৃতির সঙ্গে জড়িত নবান্ন উৎসব, অনেক মেয়েলি ব্রতের পিছনে রয়েছে মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠির ধর্ম-বিশ্বাস ও আচার অনুষ্ঠানের অস্তিত্ব। নীহাররঞ্জন রায় জানিয়েছিলেন, "... আমাদের দৈনন্দিন অনেক আচার-অনুষ্ঠানই এই আদিম অস্ট্রিকভাষী জনদের ধর্মবিশ্বাস ও আচার অনুষ্ঠানের সঙ্গে জড়িত।"[২২] বঙ্গদেশে ধানের শিষকে লক্ষ্মী জ্ঞানে পুজো, ধানের শিষকে লক্ষ্মীর আভরণ হিসেবে ব্যবহার করার মূলেও অস্ট্রিক প্রথা। সাঁওতাল, এমনকি দ্রাবিড় গোষ্ঠির ওরাঁও সম্প্রদায়ের মানুষ আজও ধান্য-শীর্ষ পূর্ণ ঘট পুজো করেন। ধানের শিষগুচ্ছকে সারণা দেবীর জটা বলে তাঁদের বিশ্বাস। রাঢ়বঙ্গে কোজাগরী লক্ষ্মীপুজোয় এবং 'বার' লক্ষ্মীর পুজোয় ধানের শিষ অন্যতম উপাচার। 'বার' লক্ষ্মীর পুজো তো শিষ-পূর্ণ ধান গাছেরই পুজো। আর ত্রৈমাসিক লক্ষ্মী পুজো তো ধানেরই পুজো।

বাঁধনা পরব যা গ্রামে গঞ্জে গোখুঁটা, কোথাও বা গোপার্বণ রূপে পালিত তার পিছনেও মুণ্ডা (অস্ট্রিক) কৃষি-সংস্কৃতির অস্তিত্ব। আজও মুণ্ডা গোষ্ঠির মানুষের মধ্যে বাঁধনা (গো-পূজা) বিশেষ উৎসব হিসেবে পালিত।

বাঙালির দোল উৎসব তো রঙের উৎসব, ফুলের উৎসব। সাঁওতাল, মুন্ডা, হো, শবর, খাড়িয়া সব গোষ্ঠির মানুষ ফুলের উৎসব 'বাহা' পরব পালন করেন ফাল্গুন মাসে, যেমনটি হয় হিন্দু বাঙালি সমাজে। মুণ্ডা গোষ্ঠির এই ফুলের উৎসব বাঙালির দোল উৎসবের উৎস নয় তো! নীহাররঞ্জন রায় জানিয়েছিলেন, "বাঙলাদেশে হোলি বা হোলাক উৎসব এবং নিম্ন শ্রেণির মধ্যে চড়ক পূজার মিশ্রিত সমন্বিত রূপ বিশ্লেষণ করিলে এমন কতকগুলি উপাদান ধরা পড়ে যাহা মূলত আর্যপূর্ব আদিম নরগোষ্ঠির মধ্যে এখনও প্রচলিত।"[২৩]

পূজা-অর্চনা বা শুভ অনুষ্ঠানে আলপনা দেওয়া বাঙালির লোকাচারের একটি বড় অঙ্গ। গাছ, পশুপাখির motif ব্যবহার করে বাড়ি বা ঘরের প্রবেশ পথ, পূজাস্থল অলংকরণের রীতি আজও মুণ্ডা (অস্ট্রিক) [ও দ্রাবিড়] গোষ্ঠির মানুষের মধ্যে জীবন্ত। সাঁওতাল গোষ্ঠির মানুষ বাড়ির দেওয়াল অলংকৃত করেন ফুল, পাতা, পশুপক্ষীর অবয়ব চিত্রণের মধ্য দিয়ে। তা শুধুমাত্র অলংকরণ নয়, অশুভ শক্তির হাত থেকে বাড়ি-ঘর, পূজাস্থলকে রক্ষা করার বেষ্ঠনি হিসেবে এই আলপনা বিশেষ ভূমিকা নেয়। প্রসঙ্গত দক্ষিণ ভারতে দ্রাবিড় গোষ্ঠির মানুষের মধ্যেও এই আলপনা দেওয়ার রীতি আজও জীবন্ত, গ্রাম শহর সর্বত্র। সেখানেও এই শুভাশুভের ধারণা ক্রিয়াশীল। বাঙালির এই আলপনা দেওয়ার রীতি যে প্রাগার্য জনগোষ্ঠির অবদান তা নিসন্দেহে বলা যায়।

বাঙালির বিবাহে শাস্ত্রীয় আচারের পাশাপাশি লোকাচার এক বড় অঙ্গ—পান, সুপারি, নারিকেল, কলা, আম্র পল্লব, কলা গাছ, কলাতলা, ছাদনা তলা, উলুধ্বনি এ সবই লোকাচারের গুরুত্বপূর্ণ উপাদান। মুণ্ডা সমাজেও উপাদানগুলির অস্তিত্ব। সুনীতিকুমার এ ব্যাপারে সমগ্র হিন্দু সমাজ, হিন্দু আচার সম্বন্ধে যা বলেছিলেন বাঙলা ও হিন্দু বাঙালির ক্ষেত্রে তা একই ভাবে প্রযোজ্য, "...the use of the betel-leaf in Hindu life and Hindu ritual, most of our popular religion... our marriage ritual in some parts of India with the use of vermillion and turmeric—and many other things would appear to be a legacy from our pre-Aryan ancestors."[২৪]

আম্র পল্লবের বেষ্ঠনি দ্রাবিড় ও মুন্ডা সব সমাজেই বর্তমান। বিয়ের আসরে কলাগাছ যেমন দুই গোষ্ঠির মধ্যেই ব্যবহৃত হয়, বাঙালির বিয়ের আসরেও তাই। মুন্ডা সমাজে বিয়েতে বরকনে স্নান করাবার জন্য তৈরি হয় কলাতলা। বাঙালির বিয়েতে কলাতলা বরকনের স্নানের স্থান, লৌকিক বিয়ের আসর। বরণডালার অন্যতম উপকরণ কলার ছড়া, পান।

উলুধ্বনি মুণ্ডা গোষ্ঠির মানুষের সামাজিক বিয়ের আরেক অন্যতম কৃত্য। উলুধ্বনির মাধ্যমে সমাজের পঞ্চজনাকে আবাহন। বাঙালির বিয়েরও অঙ্গ উলুধ্বনি। মুণ্ডা সমাজে বিয়ের অন্যতম উপকরণ জলপূর্ণ ঘট, আম শাখা, ধান, সিরোম (কাশ ঘাসের কাঠি), আতপ চাল, দুর্বা ঘাস। বাঙালির বিয়েরও উপকরণ অনুরূপ। মুণ্ডা গোষ্ঠি বিশেষত সাঁওতালদের মধ্যে বিয়ের সময় বরের হাতে জাঁতি আর কনের হাতে কাজরা উটি (কাজল লতা) থাকা বাধ্যতামূলক, যেমনটি বাঙালির বর কনের ক্ষেত্রে। গায়ে হলুদের প্রথা যেমন হিন্দু বাঙালির বিয়ের অঙ্গ, তেমনই মুণ্ডা সমাজে বরকনের গায়ে হলুদের প্রথা প্রাচীন এবং অবশ্য পালনীয়। বর ও কনের কাপড়ে যেমন গাঁটছড়ার রীতি মুন্ডা গোষ্ঠির মানুষের মধ্যে বর্তমান, হিন্দু বাঙালির বিয়েতেও তাই। সিঁদুর দান, মেয়ের হাতে নোয়া পরানো মুণ্ডা সমাজে বিয়ের অন্যতম কৃত্য। এ সব বাঙালির বিয়েরও অঙ্গ। অর্থাৎ মুণ্ডা সমাজের বিবাহের লোকাচারের অনেক বৈশিষ্ট্যই মধ্য ও নিম্নবিত্ত বাঙালি আজও সযত্নে বহন করে চলেছে।

মুন্ডা সমাজের বিয়েতে 'রায়বার'-এর ভূমিকা গুরুত্বপূর্ণ। বর ও কনে পক্ষের খবর আনা, তাঁদের মধ্যে যোগাযোগ, পণ স্থির করা এবং পণের হস্তান্তর সব কাজই এই রায়বারের। এক সময় বাঙালির বিয়েতেও ঘটকের ভূমিকা ছিল গুরুত্বপূর্ণ। বাঙালির ঘটক-প্রথা 'রায়বার'-প্রথার অনুসরণ বলেই মনে হয়।

মৃত্যু সংক্রান্ত সংস্কারের ক্ষেত্রে মুণ্ডা (অষ্ট্রিক) গোষ্ঠির মানুষজন পরলোকে বিশ্বাসী। তাঁদের বিশ্বাস মৃত্যুর পর আত্মা গাছ, পাহাড় বা কোনো পশুপক্ষীকে আশ্রয় করে বেঁচে থাকে। সেই ধারণা থেকেই তাঁরা মৃত ব্যক্তির শয্যাকে গাছের ডালে ঝুলিয়ে রাখে যাতে আত্মার বিশ্রামের কোনো অসুবিধা না হয়। এই বিশ্বাসই বাঙালি হিন্দুর পরলোকবাদ বা পুনর্জন্মবাদে রূপান্তরীত বলে নীহাররঞ্জন রায় মনে করেন।[২৫]

নদীতে মৃত ব্যক্তির অস্থি বিসর্জন, মৃত ব্যক্তিকে আহার্য দানের প্রথা মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠির মানুষের মধ্যে আজও চলমান। সৎকারের পর মৃত ব্যক্তির অস্থি গঙ্গায় বা নদিতে বিসর্জনের রীতি হিন্দু সমাজে প্রচলিত। মুন্ডা গোষ্ঠির মানুষের মধ্যে মৃত ব্যক্তিকে আহার্য দেওয়ার প্রথা যেমন আছে তেমনই বাঙালি হিন্দু সমাজে শ্রাদ্ধাদি কর্মে অন্যতম কৃত্য মৃত আত্মার উদ্দেশ্যে পিণ্ডদান। বিভিন্ন দানের মধ্যে শয্যাও অন্যতম। এই প্রথা মুণ্ডা (অস্ট্রিক) গোষ্ঠি থেকেই এসেছে বলে মনে হয়।

সামাজিক রীতিনীতির পাশাপাশি যদি সমাজবন্ধনের দিকে দৃষ্টি দিই তাহলে দেখা যাবে বঙ্গে যে পঞ্চায়েত প্রথা তাও মুণ্ডাগোষ্ঠির সমাজবন্ধনের অনুরূপ। মুণ্ডাদের মধ্যে কয়েকটি গ্রাম নিয়ে গ্রামসংঘের মতো এক সমাজবন্ধন অতি সুপ্রাচীন। শরৎচন্দ্র রায় তো মনে করেন, "পঞ্চায়েত প্রথা সম্ভবত ভারতে প্রথম ইহাদেরই প্রবর্তিত। পঞ্চায়েতকে ইহারা সত্যসত্যই ধর্মাধিকরণ জ্ঞানে মান্য করে। এখনও আদালতে সাক্ষ্য দিবার পূর্বে মুন্ডা সাক্ষী তাহার জাতিপ্রথা অনুসারে পঞ্চের নাম লইয়া এই বলিয়া শপথ করে 'সিরমারে সিংবোঙ্গা ওতেরে পঞ্চ', অর্থাৎ আকাশে সূর্যদেবতা, পৃথিবীতে পঞ্চায়েত"।[২৬] সমাজের পালপার্বন, বিবাহ যেমন সংঘটিত হয় এই পঞ্চায়েতের মাধ্যমে, তেমনই সামাজিক বিরোধের মীমাংসার ভারও পঞ্চায়েতের। অপরাধের বিচার ও শাস্তিবিধান এই পঞ্চায়েতের হাতে। বাঙালির সমাজ সংগঠনেও একসময় পঞ্চায়েতের এমন ভূমিকাই ছিল।

আজ কোথায়

সূচনায় বিরোধময় হলেও আর্যায়নের প্রাথমিক স্তরে অনার্যদের আর্য সমাজের অঙ্গীভূত করার চেষ্টা যে হয়েছিল তা

আর্য-অনার্য মিশ্রণ থেকে বোঝা যায়। আবার এও ঠিক অনার্যদের সবাই আর্য প্রভুত্ব মেনে নেননি, আর্য সমাজের অঙ্গীভূতও হননি। এই সমস্ত মানুষ, যাদের অনার্য বলে চিহ্নিত করা হয়ে থাকে, যারা নবাগত আর্যদের সঙ্গে মিশে না গিয়ে সকীয়তা বজায় রাখার চেষ্টা করলেন তারা নিজ ভূমে হলেন পরবাসী। ছড়িয়ে পড়লেন তাঁরা বনে জঙ্গলে, পাহাড়ে, প্রান্তরে। যে মানুষগুলো জঙ্গল সাফ করে, পাহাড় কেটে এ ভূমিকে বাসযোগ্য করে তুললেন, অনুর্বর মাটিকে চাষযোগ্য করলেন, তাদেরই আশ্রয় নিতে হল পাহাড়ে জঙ্গলে। চিহ্নিত হলেন উপজাতি, আদিবাসী, জনজাতি নামে। কেন্দ্র থেকে উৎখাত হয়ে পরিণত হলেন প্রান্তজনে। দ্রাবিড় গোষ্ঠির যাঁরা তাঁরা আশ্রয় নিলেন মধ্যভারতের দক্ষিণাংশে, বিন্ধ্যের আশেপাশে, মোঙ্গল গোষ্ঠির মানুষ উত্তর-পূর্বাঞ্চলে, আর মুন্ডা গোষ্ঠির মানুষ মধ্য ভারতের পূর্ব দিকে, ছোটনাগপুর মালভূমি ও তার সংলগ্ন অঞ্চলে। এই মুণ্ডা গোষ্ঠির মানুষ যাঁরা পাহাড়, জঙ্গলকে আশ্রয় করে, এক সংহত জীবনের সন্ধানে আশ্রয় নিলেন বৃহদবঙ্গের পশ্চিম প্রান্তদেশে তাঁদের সেই আশ্রয়টুকুও নিরুপদ্রব থাকেনি। সেই আদি যুগ থেকে, পরাধীন ভারতের ১৮৫৫-৫৬ থেকে, এমন কী স্বাধীন ভারতেও আজ পর্যন্ত এদের উৎখাত হতে হয়েছে বারবার। প্রসঙ্গত বলা রাখা বাঞ্ছনীয়, মুণ্ডা গোষ্ঠির মানুষ, যাঁদের আশ্রয় হল মধ্য ভারতের পূর্বাংশ, তাঁরা বিভিন্ন শাখায় বিভক্ত—সাঁওতাল, মুণ্ডা, হো, বিরহড়, অসুর, তুড়ি, খাড়িয়া, জুয়াং, শবর, পারেঙ্গা, গাদাবা, বোণ্ডা, ডিডেই, করওয়া, কোরকু, মওয়াসি প্রভৃতি।

সাঁওতালদের যেমন ছিল চায়চম্পা, চম্পাগাড় যেখানে ছিল তাঁদের আদি নিবাস, তাঁদের রাজ্যপাট, তেমনই এই মধ্য ভারতের পূর্বাংশে, ছোটনাগপুর মালভূমিকে কেন্দ্র করে, মুন্ডা গোষ্ঠির অন্যান্য আদিবাসীদেরও নিবাস ছিল। আইন-ই-আকবরী অনুসারে এই চম্পা দামোদর নদের পশ্চিম তীরে অবস্থিত, বর্ধমানের উত্তর-পশ্চিমাংশে বলে অনুমান করা হয়। বর্ধমানের উত্তর-পশ্চিমাংশে প্রাচীন বীরভূমের অবস্থান। যেহেতু সাঁওতাল সম্প্রদায়ের মানুষ শ্রদ্ধার সঙ্গে এই চায়চম্পাকে স্মরণ করে এ কথা অনুমান করলে খুব ভুল হবে না তাঁরা এখানে সুখে স্বচ্ছন্দেই বসবাস করতো। এই স্বাচ্ছন্দ্য বেশি দিন স্থায়ী হয় নি। বীরভূম এস্টেটের জমিদার তাঁদের সেখান থেকে তাড়িয়ে দিলে ১৭৯৯ থেকে ১৮১০ এর মধ্যে তাঁরা দামিন-ই-কো নামক এলাকায় বসতি গড়ে তোলেন, এলাকাটি পরে সাঁওতাল পরগণা নামে পরিচিত। জায়গাটি পাহাড়িয়াদের তৈরি করা ঔপনিবেশিক সরকারের একটি খাস এলাকা। চাষ আবাদের জন্য জঙ্গল পরিষ্কার করতে তাঁদের সেখানে সাদরে ডেকে নিয়ে যাওয়া হল, খাজনার বিনিময়ে বসতি স্থাপনের জন্য পাহাড়ের কোলে তাঁদের জমি দেওয়া হল। কিন্তু আদিবাসীদের জন্য এক নিশ্চিন্ত নিজস্ব স্বদেশ তো হওয়ার নয়! সম্ভব ছিল না দিকুদের অত্যাচারের কারণে, বহিরাগতদের শোষণমূলক আচরণের কারণে। এক টুকরো জমি যখন তাঁদের কাছে জীবিকার উপাদান, ঔপনিবেশিক শাসনযন্ত্র এবং বাঙালিদের কাছে তা বিপনন যোগ্য সামগ্রী। তাই সেই ভূমি যখন জঙ্গলমুক্ত হল, জমিদার খাজনা বাড়িয়ে দিল, মহাজন চড়া হারে সুদ দাবি করল, সুদ মেটাতে না পারলে মহাজন জমির দখল নিল, তাঁদের চুক্তিভিত্তিক শ্রমিকে পরিণত করল। ব্যবসায়ীরা তাঁদের কাছ থেকে জিনিস কেনার সময় ওজন বেশি নিল, বিক্রির সময় কম দিতে শুরু করল। সরকার তাঁদের আবেদনে কর্ণপাত করল না, বিচারালয়ের দ্বারস্থ হওয়া তো দূর অস্ত। ঐতিহাসিক তথ্য থেকে জানা যায় জমিদার, মহাজন, সরকার সকলের যৌথ অত্যাচারের ফলশ্রুতি ১৮৫৫-৬র সাঁওতাল বিদ্রোহ।

বিদ্রোহের পরে শুরু হল অকথ্য অত্যাচার, জমির অধিকার হাত ছাড়া হল, চাষবাস বন্ধ প্রায়, যেটুকু উৎপাদন সেটুকুও হস্তগত করল মহাজন। একদিকে বিদ্রোহের জন্য সরকারের আক্রোশ আর অত্যাচার, খাজনার জন্য জমিদারের

অত্যাচার, অন্যদিকে খাদ্যে টান। শুরু হল আকাল। তখন আর তাঁদের অন্যত্র ছড়িয়ে পড়া ছাড়া গত্যন্তর রইল না। আর্যদের চাপে তাঁদের বৃহদবঙ্গের প্রান্ত এলাকায় ছড়িয়ে পড়া যদি প্রথম পরিযান হয়, এই প্রান্ত এলাকা থেকে অন্য অঞ্চলে ছড়িয়ে পড়াকে দ্বিতীয় পরিযান হিসেবে চিহ্নিত করা যায়। শুধু সাঁওতাল নয় মুণ্ডা গোষ্ঠির অন্যান্য সম্প্রদায়েরও একই ইতিহাস। ছোট ছোট অনেক মুন্ডা গোষ্ঠির মানুষ গভীর জঙ্গলে আশ্রয় নিতে বাধ্য হল, যাদের মধ্যে তুড়ি, অসুর, বিরহড়, জুয়াং, খাড়িয়া, করওয়া, মওয়াসি অন্যতম। "ছোটরায় দেশমাঞ্চিরেয়াক' কাথা" সাঁওতালদের দ্বিতীয় পরিযানের এক সনিষ্ঠ দলিল। খাদ্যের অভাবে তাঁদের পতিত জমির সন্ধান সুদূর আসামের ধুবড়ি, গোয়ালপাড়ায়, কেরাপ সাহেব (L. O. Skrefsrud), Campbell সাহেবের সহায়তায়। বন্য পশুর আক্রমনকে উপেক্ষা করে, জঙ্গল সাফ করে, বসত গড়ে তোলার এক অসামান্য দলিল এই "ছোটরায় দেশমাঞ্চিরেয়াক' কাথা"।[২৭] এভাবেই গড়ে উঠল আসামে সাঁওতালদের বসতি। Carstairs-এর 'Harma's Village' ও হুল পরবর্তী সাঁওতালদের অস্তিত্বের লড়াইয়ের এক জীবন্ত দলিল।[২৮] মুণ্ডা, হো, শবর, খাড়িয়ারাও ছড়িয়ে পড়ল বিভিন্ন এলাকায় বিচ্ছিন্ন অবস্থায়। কোন একটি নির্দিষ্ট এলাকায় আর নির্দিষ্ট একটি মুণ্ডা আদিবাসীর বাস রইল না। এখানেই শেষ নয়।

অর্থনৈতিক দুরবস্থা তাঁদের সঙ্গ ছাড়ে নি। খাদ্যে টান পড়লে বেঁচে থাকাটাই যখন বড় বালাই তখন ভিটের টান, শিকড়ের টান তো আকাশ কুসুম কল্পনা। যে মানুষ একদিন স্বদেশবোধে নিজস্ব বাসভূমি গড়ে তুলেছিল, ছিল চাষের জমি, ছিল যাদের ঠাকুরজিউর স্থান—পাহাড়, জঙ্গল, ছিল খোলামাঠে জাহের থান, সব কিছু ছেড়ে তাদের আশ্রয় খুঁজতে হল বনে জঙ্গলে, কিম্বা পরভূমে। এই পথ ধরেই বাঁচার তাগিদে তাঁদের তৃতীয় পরিযান ১৮৫৮য় আসামের নবগঠিত চা বাগানে, সেখানে সাঁওতালদের সঙ্গে সঙ্গে মুণ্ডা, খাড়িয়া, শবর প্রভৃতি সম্প্রদায়ের মানুষও সামিল হল। নিজস্ব বসতি থেকে আশ্রয় হল চা বাগানের বস্তিতে, (বসতি থেকে উৎখাত হয়ে বস্তিতে আশ্রয় খুঁজতে হয় যখন, তখন তো শুধু পেটের দায়েই বেঁচে থাকা!) শুধু পেটের টানে, বেঁচে থাকার তাগিদে। বেঁচে থাকার লড়াই এখানেই শেষ নয়।

১৮৭২এ চতুর্থ পরিযান, উত্তরবঙ্গে চা বাগান গড়ে ওঠার সঙ্গে সঙ্গে। এই মুণ্ডা গোষ্ঠির মানুষ যাদের নিজস্ব ভূমি ছিল তারা পরিণত হল উৎপাদনের হাতিয়ারে, দলে দলে মুণ্ডা গোষ্ঠির আদিবাসীদের নিয়ে আসা হল চা বাগানে 'আড় কাঠি'র মাধ্যমে। ছন্ন ছাড়া হওয়ার ইতিবৃত্ত এখানেই শেষ নয়। এল ১৯১২, বৃহদবঙ্গ ভাগ হল, বেহার আর উড়িষ্যা (এখনকার ওডিষা) নিয়ে গড়ে উঠল আলাদা রাজ্য, বিহার। যাঁরা এতদিন কোনক্রমে সংঘবদ্ধ ভাবে বাস করছিল তাঁরা আর বিচ্ছিন্ন না হয়ে পারল না। একই গোষ্ঠির মানুষ, কেউ বঙ্গে, কেউ বা বিহারে। সংঘবদ্ধতার মানসিকতায় আবার এক পরিযান, বঙ্গ থেকে বিহারে বা বিহার থেকে বঙ্গে, খুব নিঃশব্দে, লক্ষ করল না কেউ। ইতিহাস বড় নির্মম, আবার বিহার ভাগ হল ১৯৩৬এ, গড়ে উঠল নতুন রাজ্য, উড়িষ্যা। আবার ছন্নছাড়া জীবন, আবার পরিযান। শেষ হল (জানি না এটাই শেষ কিনা!) ১৯৫৬য় রাজ্য পুনর্গঠন কমিশনের ফতোয়ার হাত ধরে।

আজ ভারতীয় মানচিত্রে মুণ্ডা জনগোষ্ঠির যে অবস্থান তা ছোটনাগপুর মালভূমিকে অতিক্রম করে, মধ্যপ্রদেশ, ছত্তিশগড় হয়ে বিন্ধ্যপর্বত থেকে সাতপুরা রেঞ্জ পর্যন্ত যেমন বিস্তৃত অন্যদিকে তেমনই উত্তরবঙ্গ থেকে আসামসহ অন্যান্য উত্তর-পূর্বের রাজ্যেও বিস্তৃত। কয়েকটি উদাহরণ দিয়ে মুণ্ডা জনগোষ্ঠির বিচ্ছিন্নতার চেহারাটা স্পষ্ট করা যেতে পারে। সাঁওতাল সম্প্রদায়ের মানুষজন বিহার, ঝাড়খণ্ড, ওডিষা, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা এবং আসামে ছড়িয়ে আছেন (আসলে একমাত্র পুদুচেরি ও চণ্ডিগড় ছাড়া ভারতে এমন কোন রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চল নেই যেখানে

মুণ্ডা, বিশেষত সাঁওতালদের অস্তিত্ব খুঁজে পাওয়া যাবে না।) মুণ্ডা সম্প্রদায়ের মানুষ [যাঁদের ভাষা মুন্ডারি] বিহার, ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ, ওডিষা, ছত্তিশগড় এবং আসামে উপনিবিষ্ট। হো সম্প্রদায়ের মানুষ বিহার, ঝাড়খণ্ড, ওডিষা ও পশ্চিমবঙ্গে। খাডিয়া ঝাড়খণ্ড, ওডিষা ও পশ্চিমবঙ্গে। বিরহড় ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ, ওডিষায়। জুয়াং ঝাড়খণ্ড ও ওডিষায়, অসুর, তুড়ি প্রায় নিশ্চিহ্ন। শবর পশ্চিমবঙ্গ, ঝাড়খণ্ড, ওডিষায়। পারেঙ্গা ও গাদাবা ওডিষা ও অন্ধ্র প্রদেশে, বোণ্ডা ও ডিডেই ওড়িষার দক্ষিণের শেষ প্রান্তে, কোরাপুট, মালকানগিরিতে। কোরকু, করওয়া, মওয়াসি মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, মহারাষ্ট্রে। বিচ্ছিন্নতার কারণে এঁদের কোনো কোনো সম্প্রদায় ভাষা হারিয়েছেন, হারিয়েছেন তাঁদের সংস্কৃতি। এদের মধ্যে অনেকেরই জনগণনায় স্থানই হয় না। মুণ্ডা গোষ্ঠির মানুষজন বিভিন্ন প্রশাসনিক এলাকায় বসতির কারণে কোথাও তাঁদের সংখ্যা বেশি, কোথাও বা কম। [আর ১৯৮১র জনগণনা থেকে ১০,০০০ নিচে যাঁদের সংখ্যা তাঁদের তো আর গণনার মধ্যে আনাই হয় না।] যেখানে তাঁদের সংখ্যা নগণ্য সেখানে সংখ্যাগুরুর ভাষার চাপে তাঁরা ভাষা হারিয়েছেন, সংখ্যাগুরুর ভাষাতেই তাঁদের ভাবের আদানপ্রদান। ফলত একই গোষ্টির মানুষ, কোথাও নিজেদের ভাষায় ভাবের আদানপ্রদান করেন, কোথাও বা অন্যের ভাষায়। পশ্চিমবঙ্গে বসত করা মুণ্ডা, খাড়িয়া, লোধা, শবর যখন ভাষা হারিয়ে ফেলেছেন, ঝাড়খন্ড, ওডিষায় তাঁরাই সংখ্যাধিক্যের জোরে নিজস্ব ভাষা বজায় রেখেছে। একই গোষ্ঠির মানুষের মধ্যে বিভাজন, সংখ্যাগুরুর কাছে সংখ্যালঘু ব্রাত্য। দলগত সংহতি, সামাজিক সংহতি যে মুণ্ডা গোষ্ঠির মানুষের অন্যতম বৈশিষ্ট্য সে সংহতি ভেঙে পড়েছে। সংখ্যার বিচারে যাঁরা নগণ্য তাঁদের সংখ্যা আরও কমছে। বোণ্ডাদের মধ্যে ভাষা বজায় রাখতে পেরেছেন তিন/চার হাজারের মতো মানুষ। ডিডেইদের মধ্যেও পাঁচ হাজারের মতো। পারেঙ্গাদের তো ওডিষার পাহাড়-জঙ্গলে ও অন্ধ্রের প্রান্ত এলাকায় খুঁজতে হয়, তাঁরা প্রায় ভাষাহীন অবস্থায়। কোথাও তাঁরা দেশিয়া ভাষাকে আশ্রয় করেছেন, কোথাও তেলুগু। এদিকে অসুর আর তুড়িদের তো অস্তিত্বই প্রায় নেই। সাঁওতালদের মতো এক বড় সম্প্রদায়, ২০১১ সালের জনগণনা অনুসারে যাঁদের সংখ্যা ৭.৪ মিলিয়ন, তাঁদের মধ্যেও বিভেদ ভয়ংকর। ঝাড়খন্ডে বসবাসকারী সাঁওতালদের চোখে পশ্চিমবঙ্গে বসবাসকারী সাঁওতালরা নিচু স্তরের, হেয়। ঝাড়খন্ডের সাঁওতালদের কাছে তাঁদের ভাষা শ্রেষ্ঠ, পশ্চিমবঙ্গের সাঁওতালি ভাষা নিম্নমানের। সংস্কৃতিগত দিক থেকেও তাঁরা বিশ্বাস করেন তাঁরাই আদি সাঁওতাল সংস্কৃতির ধারক। পাহাড়বাসী মুণ্ডারা বিশ্বাস করেন সমতলবাসী মুণ্ডারা তাঁদের সম্প্রদায়ের থেকে আলাদা ভাষায়, সংস্কৃতিতে। ভৌগোলিক বিচ্ছিন্নতা যে কত বড় অভিশাপ এ থেকেই তা বোঝা যায়।

ভারত সংস্কৃতি রচনায় যে গোষ্ঠির মানুষের অবদান অন্যতম তাদের আজ এই অবস্থা! ইতিহাসের কি পরিহাস! ২০০০এ মুণ্ডা জনগোষ্ঠির মানুষ ঝাড়খণ্ড নামে তাঁদের নিজেদের রাজ্য পেলেন বটে কিন্তু সেখানে তাঁরা কি সংখ্যাগুরুর স্বীকৃতি পেলেন? আসলে সাংবিধানিক ব্যবস্থায় তারা তো পঞ্চম তপসিলের অন্তর্ভুক্ত, যে ব্যবস্থায় তাঁদের অন্য গোষ্ঠির মানুষের সঙ্গে সহবাসই নিয়তি সেখানে সংখ্যাগুরু হওয়ার যোগ্যতা তাদের কোথায়! বাঙালির মিশ্র সংস্কৃতিতে, ভারত সংস্কৃতির গঠনে তাদের যত বড় দানই থাকুক না কেন আদিবাসী তকমা তো তাদের গায়ে লাগানো আছে। আমাদের মতো দেশে 'tribe' আর কবে উচ্চাসন পেয়েছে? নিম্নবর্গেই তাদের অবস্থান, নিম্নবর্গের সঙ্গেই তাদের আত্মীয়তা, নিম্নবর্গের মানুষই তাঁদের স্বজন। Tribe বলে স্বীকৃতির মাধ্যমে যত সংরক্ষণই এদের জন্য থাকুক না কেন, মানুষ হিসেবে যে মর্যাদা এঁদের পাওয়ার কথা তা তারা পাননি, পাবেন বলেও মনে হয় না। সমাজের নিচের তলায়ই তাঁদের অবস্থান, সেখানেই তাঁদের পড়ে থাকাই নিয়তি। 'আর্য্যামি'র মুখোশ পড়ে যদি একটা দেশের, একাধিক জনগোষ্ঠির ইতিহাস লেখা হয়,

'আর্য্যামি'র আয়নায় যদি তাদের বিচার করা হয় তাহলে যা ঘটার কথা তাই ঘটেছে। বাঙালি জাতি যে একটা মিশ্র জাতি, তাদের ভাষাও মিশ্র, সংস্কৃতিও মিশ্র এই মানসিকতা থেকে বিচার করলে বাঙলার ইতিহাস, ভারতের ইতিহাস অন্যভাবে লেখা হত। অন্যান্য 'অনার্য' গোষ্ঠির সঙ্গে মুন্ডা গোষ্ঠির মানুষও অন্যভাবে বিবেচিত হতেন। এখানে সুনীতিকুমারের আক্ষেপ শ্রদ্ধার সঙ্গে স্মরণযোগ্য—"কুক্ষণে এদেশে বিলেত থেকে নোতুন ক'রে 'আর্য্য' শব্দের আমদানি হয়েছিল; মাক্স মুলারের লেখা পড়ে, আর নব্য হিন্দুয়ানির দলের বিজ্ঞানের আর ইতিহাসের বদহজমের ফলে, একটা নোতুন গোঁড়ামি এসে আমাদের ঘাড়ে চেপেছে, সেটার নাম হচ্ছে 'আর্য্যামি'। এই গোঁড়ামি আমাদের দেশে নানা স্থানে নানা মূর্তি ধ'রেছে—স্বাধীন চিন্তার শত্রু এই বহুরূপী রাক্ষসকে নিপাত না ক'রলে ইতিহাস চর্চা বা ভাষাতত্ত্বের আলোচনা—কোনটারই পথ নিরাপদ হয় না। এই গোঁড়ামির মূল সূত্র হ'চ্ছে এই—

১। যা-কিছু ভালো তা প্রাচীন আর্য্যদের মধ্যে ছিল...।

২। অতএব যা-কিছু খারাপ, সমস্তই আর্য্যেতর—'অনার্য্য'...

৩। প্রাচীন হিন্দুরা আর্য্য, আমরা হিন্দু, এঁদের বংশধর; সুতরাং আমাদের মধ্যে অনার্য্য কিছুই নেই। যদি বা কিছু থাকে—সেসব কথা তোলা উচিৎ নয়...; আর্য্যামি যতদিন বাধা দিতে থাকবে, ততদিন বাঙলার ঠিক স্বরূপটি আমাদের বের করা কঠিন হবে"।[২৯] ৩) আর অনার্য, বিশেষত মুণ্ডা জনগোষ্ঠির মানুষদের সম্পর্কে আমাদের ধারণা বদলাবে না, তাদের প্রতি আমাদের আচরণেরও পরিবর্তন ঘটবে না, বাঙলা ভাষায়, বাঙলা সংস্কৃতিতে মুণ্ডা উপাদানের প্রাতিষ্ঠানিক আলোচনায় বাঙলা ভাষার, বাঙলার সংস্কৃতির মিশ্র চেহারাটি যতই প্রতীয়মান হোক না কেন।

এবার আমরা মুণ্ডা ভাষার স্বরূপ যা এত ওঠাপড়ার পরেও তারা বজায় রেখেছে, এবং অন্তত একটি ভাষার সাহিত্যিক ঐতিহ্য উদ্ধার করে মুণ্ডা গোষ্ঠির মানুষে মানস সম্পদের দিকে আমাদের দৃষ্টি ফেরাব।

মুণ্ডা ভাষাগোষ্ঠির ভাষার সংখ্যা অন্তত ২০টি যেগুলির মধ্যে অন্যতম সাঁওতালি, মুণ্ডারি, হো, ভুমিজ, (তুড়ি), (কোডা), বিরহড়, (অসুর), (মাহলে), খাড়িয়া, জুয়াং, কোরকু, কোরাকু, (আগারিয়া), মওয়াসি, সোরা, গোরুম, রেমো, গতা' এবং গুতব।[৩০] এগুলির মধ্যে কয়েকটি ভাষা লুপ্ত বা লুপ্তপ্রায় হলেও বাকি ভাষাগুলো আংশিকভাবে হলেও এখনও জীবন্ত। এই ভাষাগুলোর এমন কিছু বৈশিষ্ট্য আছে যা প্রাচীনত্বের দাবি করতে পারে। যেমন,

১। তিন বচনের অস্তিত্ব; গুতব, গোরুম, সোরা ছাড়া অন্যান্য মুণ্ডা ভাষায় দ্বিবচনের অস্তিত্ব।

২। ব্যক্তিবাচক সর্বনামের উত্তম পুরুষের দ্বি/বহুবচনে inclusive ও exclusive রূপের অস্তিত্ব। এক্ষেত্রেও গুতব, গোরুম, সোরা, জুয়াং ব্যতিক্রম।

৩। মধ্যসর্গের ব্যবহার; মূলের (root) সঙ্গে মধ্যসর্গ যোগ করে নতুন শব্দ গঠন অস্ট্রো-এশিয়াটিক ভাষা সমূহের এক প্রাচীন বৈশিষ্ট্য, মুণ্ডা ভাষাগোষ্ঠিও এর ব্যতিক্রম নয়। তবে সাঁওতলি, মুণ্ডারি, হো, রেমো, গতা' প্রভৃতি ভাষায় এ বৈশিষ্ট্য যত জীবন্ত অন্যান্য ভাষায় তা নয়। অন্যান্য ভাষার শব্দে মধ্যসর্গের অস্তিত্ব পাওয়া গেলেও তা অনুসন্ধিৎসুর দৃষ্টিতে প্রাচীন বৈশিষ্ট্যের ফসিল মাত্র।

৪। লিঙ্গ ব্যাকরণের নিয়ম মেনে, সজীব-নির্জীব বিভাজন, animacy তাঁদের দর্শন নির্ভর; কোনো কোনো ভাষায় মনুষ্য-মনুষ্যেতর বিভাজন।

৫। অবরুদ্ধ ব্যঞ্জনের অস্তিত্ব; কোনো ভাষায় checked consonant কোনো ভাষায় glottal stop.

৬। সকর্মক ক্রিয়াপদে সজীব মুখ্য ও গৌণ কর্মের ব্যবহার (সংশ্লেষণ);

৭। ক্রিয়াপদে কর্তার সংক্ষিপ্ত রূপ।

৮। সম্বন্ধের চিহ্নে সজীব-নির্জীব পার্থক্য। পরসর্গের পাশাপাশি ত-পূর্বসর্গ যোগে possessive pronoun গঠন করার রীতি অন্তত উত্তর মুণ্ডা ভাষায়।[৩১]

৯। নির্দেশক, জিজ্ঞাসাবোধক, অনির্দিষ্ট (সর্বনাম)এ সজীব-নির্জীবের পৃথক রূপ।

১০। নৈকট্যবাচক নির্দেশকের চার মাত্রা; সাধারণ, নির্দিষ্ট, দৃষ্টি-নির্ভর নির্দেশক, শ্রবন-নির্ভর নির্দেশক।

১১। সকর্মক ও অকর্মকে কালবাচক চিহ্নে পৃথক রূপ।

বৈশিষ্ট্যগুলি সব ভাষার ক্ষেত্রে একইভাবে ক্রিয়াশীল না হলেও বেশির ভাগ ভাষাতেই বৈশিষ্ট্যগুলি পাওয়া যায়।

সাহিত্যের ক্ষেত্রে বেশির ভাগ মুণ্ডা ভাষা লোকসাহিত্যে সমৃদ্ধ। তবে সাঁওতালি ভাষা কি লোকসাহিত্যে কি স্বচেষ্টায় লিখিত সাহিত্যে যেমন সমৃদ্ধ অন্য ভাষা তেমন নয়।। সাঁওতালি ভাষার লোকসাহিত্য সংকলনের সূচনা উনিশ শতকের মধ্যভাগে, মিশনারিদের (বিশেষত J. Phillips) হাত ধরে, ১৮৪৫ সালে। সংগৃহিত হয়েছে, ছড়া, ধাঁধা, লোকগান, প্রবাদ, লোককথা। ১৮৮৭ সালে প্রকাশিত রেভারেণ্ড এল. ও. স্ক্রেফস্রুডের 'হড়কোরেন মারে হাপড়ামকো রেয়াক' কাথা' Traditions and Institutions of the Santals (সাঁওতাল গুরু কোলেয়ান কথিত) আর ১৯২৫ থেকে ১৯২৯এর মধ্যে প্রকাশিত P.O. Bodding 'Santal Folktales', ১৮৭৫ সালে প্রকাশিত F.T. Cole-এর Santali Riddles বিশেষ উল্লেখযোগ্য। 'হড়কোরেন মারে হাপড়ামকোরেয়াক' কাথা' যেমন সাঁওতালদের উৎস ঐতিহ্য, শ্রুতি আর কিংবদন্তির দলিল তেমনই ছোটরায় দেশমাঝি কথিত ও রায়া সোরেন লিখিত, P.O. Bodding সম্পাদিত ১৯১৭ সালে প্রকাশিত 'ছোটরায় দেশমাঝিরেয়াক' কাথা' সাঁওতালদের মধ্যভারতের পূর্বাংশ, বৃহদবঙ্গের পশ্চিম প্রান্ত থেকে উত্তর-পূর্ব ভারতে পরিযানের দলিল।

স্বচেষ্টায় লিখিত সাহিত্যের সূচনা উনিশ শতকের শেষভাগে, সম্ভবত ১৮৯৪-৫ সালে (১৯০০ সালে প্রকাশিত) লিখিত সাধু রামদাস টুডুর 'সাঁওতাল বংশাক' ধরম পুথি'। সাধু রামদাসের উদ্দেশ্য ছিল সাঁওতালদের ইতিহাস, সংস্কৃতি, ঐতিহ্যের দিকে নিজ সম্প্রদায়ের মানুষের দৃষ্টি আকর্ষণ করা যাতে বহিরাগতদের প্রভাবে সাঁওতাল সমাজ ধ্বংস না হয়ে যায়। (খ্রিস্ট ধর্মে ধর্মান্তরীত হওয়া থেকে বিরত করা) গ্রন্থটির দ্বিতীয় সংস্করণ প্রকাশের সঙ্গে সুনীতিকুমার যোগ ছিল। সুনীতিকুমারের নিজের ভাষায় লেখক ও গ্রন্থটির সঙ্গে তাঁর পরিচয়ের কথা জানা যায়, ''Subsequently, through the interest of Sri Bankimchandra Chakravorty, Manager of the Dhalbhum Raj, Ramdas Tudu.....was persuaded to come to Calcutta and meet me. He had his unique collection as a precious possession with him. It was beautifully written in Bengali script, and it was all bound in leather, showing his very love for the work. There were pictures in the book which were all drawn by him. The second edition of this work has since appeared from the Dhalbhum Raj Estate Office.....''[৩২]

বিশ শতকের সাঁওতালি সাহিত্যের তিনটি ধারা—

১) নিজেদের ইতিহাস, নিজেদের ঐতিহ্যের অনুসন্ধান কবিতা, যাত্রাপালার (নাটক) মাধ্যমে;

২) কবিতার পাশাপাশি উপন্যাস, গল্প, নাটককে উন্নত সাহিত্যিক সংরূপ হিসেবে গড়ে তোলা; আর

৩। বাঙলা এবং ইংরেজি সাহিত্যের অনুবাদ।

সাধুরামচাঁদ মুর্মু সাঁওতালি সাহিত্যে 'কবিগুরু' বলে আখ্যাত। 'ঠার' বলে যে ভাষাকে ব্যঙ্গ করা হত, এবং এখনও বোধহয় হয়, সেই ''ভাষার কবিতাকে যে ছন্দে লালিত করা যায়, ভাব-ভাষা ও কাঠামোগত দিক দিয়ে আধুনিকতা ছোঁয়া যায়''[৩৩] তার স্বাক্ষর তাঁর কবিতায়। 'সংসার ফেঁদ' নাটক তাঁর আর এক অনবদ্য সৃষ্টি। পণ্ডিত রঘুনাথ মুর্মুর 'বিদুচাঁদান', 'দাড়েগা ধন' (শক্তিই সম্পদ), 'খেরওয়াড় বির', 'সিদু-কানহু হুল'-এ সাঁওতাল ঐতিহ্যের প্রতি দৃষ্টি ফেরানো। এই পর্বের অন্যান্য লেখক বাবু বেঞ্জামিন সোরেন, মঙ্গলচন্দ্র সোরেন (জমসিম বিনতি), স্টিফেন মুর্মু প্রমুখ।

সামাজিক অবক্ষয় ও সমস্যা সম্পর্কে সচেতনতা থেকে কথাসাহিত্যের সূচনা। কথাসাহিত্যের অন্যতম সংরূপ উপন্যাস লেখা হলেও তা উন্নত পর্যায়ের সংরূপ হিসেবে গড়ে ওঠেনি। তবে তা উন্নত সংরূপ হিসেবে গড়ে না উঠলেও উপন্যাস লেখার চেষ্টা অস্বীকার করার নয়। ডমন হাঁসদার 'আতো ওড়াক' (ডাইনবিদ্যা, জানগুরুর প্রতি বিশ্বাস), বাদল হেম্ব্রমের 'শোভা কুকমু' (বিবাহ বিচ্ছেদ, বিধবাদের সমস্যা), নুনকু সোরেনের 'মুহিলা চেচেৎ দাই' (খ্রিস্টান মহিলার বিবাহ বিচ্ছেদের কাহিনি), সময় কিস্কুর 'রতন' (প্রথম রাজনৈতিক উপন্যাস) বিশেষ উল্লেখযোগ্য। সামাজিক সমস্যা সম্পর্কে মানুষকে সজাগ করার অন্যতম হাতিয়ার হিসেবে গড়ে ওঠে ছোটগল্প। ছোটগল্পের সূচনা হৃদয়নাথ মণ্ডলের 'বাপুরিচ'কিন' (দুই হতভাগা) গল্প প্রকাশের মাধ্যমে ১৯৪৭ সালে। দারিদ্র্য, শোষন, অবিচার, কুসংস্কার, সামাজিক অসাম্য ও বৈষম্যকে উপজীব্য করে গড়ে উঠেছে ছোটগল্পের বিষয়। আধুনিক চিকিৎসার প্রয়োজনীয়তা, মদ্যপানের ক্ষতিকর পরিনাম, ত্রিকোণ প্রেম ও তাঁর সমস্যা, সামাজিক স্খলন ও কুসংস্কার, গ্রামের মোড়লের ষড়যন্ত্র, শিক্ষার প্রয়োজনীয়তা, দ্বিতীয় পক্ষ পরিগ্রহে সমাজের প্রতিক্রিয়া, বিবাহবিচ্ছেদ জনিত সমস্যা, বিচারের নামে প্রহসন, সমাজে শ্রেণি বিভাজন সব কিছুই বিষয় হয়ে উঠেছে ছোটগল্পের। প্রদীপকুমার হাঁসদার 'সাধ' (কুসংস্কারের বিরুদ্ধে প্রতিবাদ), বিজয় টুডুর 'দসার পাহটা' (মনস্তাত্ত্বিক গল্প, অবচেতন মনের ক্রিয়া), উপেন কিস্কুর 'শিখনাত', কৃষ্ণকুমার মুর্মুর 'রানি', দুর্গা মুর্মুর 'আনাট' (সংকট), বিশাখা মাঝির 'পাচরি' (প্রাচীর) (কুষ্ঠরোগ ও রোগীর প্রতি ঘৃণা), পূরবী মুর্মুর 'কাইড়ি দ অকয়' (কুষ্ঠ রোগীর সমাজ থেকে বিতাড়ন), অনাদিচরন হেম্ব্রমের 'তাড়াম গাড়ে' (দ্বিতীয় স্ত্রী পরিগ্রহের কাহিনি), স্নেহলতা মাণ্ডির 'দাক' ল ঘাটরে' (অসম প্রেমের কাহিনি), পার্বতি মুর্মুর 'মানমি' (সমাজে মহিলার মর্যাদার লড়াই) বিশেষ উল্লেখযোগ্য। আধুনিক সাহিত্যের সব থেকে গুরুত্বপূর্ণ দিক মহিলা সাহিত্যিকের আবির্ভাব।

অনুবাদ সাহিত্যের ক্ষেত্রে ১৯৩৬-৩৮এ 'পেড়াহড়' পত্রিকায় ধারাবাহিক উপন্যাস 'বাহা ডালওয়া', বাঙলা 'ফুলের সাজি'র অনুবাদ, অনুবাদক পস্টার কিস্কু। ১৯৪৬-এ Carstairs-এর 'Harma's Village'-এর অনুবাদ 'হারমাওয়াক' আতো', অনুবাদক রুবেন রুসেন কিস্কু রাপাজ, 'গীতাঞ্জলি'র অনুবাদ 'সেরেঞ সেপেঞ', গল্পগুচ্ছের অনুবাদ 'গাম গাহলে' (সুহৃদকুমার ভৌমিক), রবীন্দ্রনাথের ক্ষুদ্র কবিতাগুচ্ছের অনুবাদ 'বিলিৎ বিলিং' (সুধীরকুমার মিত্র), জীবনানন্দ দাশের 'বনলতা সেন'-এর অনুবাদ (অমৃত হাঁসদা) বিশেষ উল্লেখের দাবি রাখে।

অসংখ্য পত্রিকা প্রকাশিত হয়েছে এবং হচ্ছে। সামাজিক সাংস্কৃতিক বিষয় নিয়ে লেখা প্রবন্ধ ছাড়াও কবিতা, গল্প, উপন্যাস, নাটক প্রকাশিত হচ্ছে। ১৮৯০ সালে 'হড় হপনরেন পেড়াহড়' পত্রিকা প্রকাশের মাধ্যমে সাঁওতালি পত্রিকা-সাহিত্যের যে সূচনা হয়েছিল আজ সেই পত্রিকা-সাহিত্য মহীরূহে পরিণত।

সংখ্যাতত্ত্বের বিচারে মুন্ডা গোষ্ঠির মানুষজন খুবই নগণ্য হলেও কয়েকটি সম্প্রদায়ের, যেমন, সাঁওতাল, মুণ্ডা (যাঁদের ভাষা মুণ্ডারি), হো, খাড়িয়া, কোরকু এবং শবর, জনসংখ্যা লক্ষাধিক। ২০১১ জনগণনা অনুযায়ী সাঁওতাল

সম্পেদায়ের সংখ্যা ৭৩,৬৮,১৯২, মুণ্ডাদের সংখ্যা ১১,২৮,২২৮, হো ১৪,২১,৪১৮, কোরকু ৭,২৭,১৩৩, খাড়িয়া ২,৯৭,৬১৪, শবর ৪,০৯,৫৪৯।[৩৪] কৃষি এবং শিল্পে শ্রমের বিনিময়ে এদের যে অবদান তা অস্বীকার করার নয়। পরিযান বন্ধ হলেও মৌসুমি পরিযান (seasonal migration) থেমে নেই। এক একটা চাষের সময় অসংখ্য মানুষ পুব বা নামাল খাটতে বেরিয়ে পড়েন রোজগারের আশায়। আবার পুবের মানুষকেও শ্রমিকের সন্ধানে তাঁদের দ্বারস্থ হতে হয়। তাঁদের শ্রম ছাড়া চালকলের কাজ চলে না। রাস্তা, সেতু ইত্যাদি আধুনিক ভারতের পরিকাঠামো গড়ে তোলার যন্ত্রও তাঁরাই। তবুও মানব সম্পদ হয়ে ওঠার যোগ্যতা তাঁদের নেই। শিক্ষার হার নগণ্য। যে সমস্ত সম্প্রদায়ের জনসংখ্যা লক্ষাধিক তাঁদের শিশুদের পঠনপাঠনের ব্যবস্থাও মাতৃভাষার মাধ্যমে করা হয় নি। যাঁদের জন্য করা হয়েছে, যেমন, সাঁওতালি ভাষার মাধ্যমে সাঁওতাল শিশুদের শিক্ষার ব্যবস্থা, তাও প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। সাঁওতাল ছাড়া অন্য ভাষাভাষীর জন্য আদৌ কোনও ব্যবস্থা হয়েছে কিনা জানা নেই। অন্তত পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সাঁওতাল ছাড়া অন্যান্য মুণ্ডা গোষ্ঠির শিশুদের মাতৃভাষার মাধ্যমে পঠনপাঠনের যে কোনও ব্যবস্থা হয়নি তা নিশ্চিতভাবে বলা যায়। পরিকাঠামোর দিক থেকে যেটুকু ব্যবস্থা আছে তা তাঁদের ক্ষেত্রে কতটা উপযুক্ত, বা আদৌ উপযুক্ত কিনা তার বিচার হয়নি। স্কুল আছে, শিক্ষক নেই। শিক্ষক যদি বা থাকেন তাঁদের আদিবাসী ছাত্রদের পাঠ দানের উপযুক্ত প্রশিক্ষণ থাকে না। B. K. Panda আদিবাসী এলাকায় শিক্ষার সমস্যা নিয়ে যা লিখেছিলেন তা মুণ্ডা গোষ্ঠি অধ্যুষিত এলাকায় ছাত্রদের শিক্ষার ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য, ''The problem lies in the methods of teaching such children with different language background as well as switching over from communication through oral tradition to that of a tradition which has a different language, and reading in the different language, then writing which is a new skill they learn, and unaware of the rote learning practices. The language in such a context becomes a barrier for learning. The teaching in the schools does not take into consideration the importance of the native language as well as the process of transforming the child who has come with an oral learning tradition to that of the skills of reading, writing and speaking a different language, and most of the words which they do not understand and are being used in their text books. It is like learning blindly without comprehending what is being taught. When the language is not clear the learning also takes place in a vacuum, i.e., as such no effective learning takes place in the classroom.

The paradox is that the schools are there and teachers do teach, but ultimately who learns? And if at all everyone learns - the question is "what is being learnt"? "Is it the unidirectional monotonous learning, the biggest question to think about"? The problem is more pronounced in the schools serving heterogeneous tribal communities with different languages. "Are the teachers in a position to teach in all the tribal languages present in these schools"?[৩৫] সব থেকে বড় সমস্যা, প্রথম প্রজন্মের ছাত্রদের যে শ্রদ্ধা ও মানবিক আবেদন নিয়ে পাঠদানের কথা তা অধিকাংশ শিক্ষকের ক্ষেত্রেই থাকে না। জোর করে এক অজানা ভাষার মাধ্যমে পড়াতে গিয়ে প্রকৃত শিক্ষা তো হয়ই না, মানব সম্পদ হিসেবে তাদের গড়ে তোলাও যায় না। এ ছাড়াও পাঠ্যপুস্তকে লিপির ব্যবহার এক বড় সমস্যা। কয়েকটি ভাষার, যেমন সাঁওতালি, হো, শবর, নিজস্ব লিপি থাকলেও সেই লিপির ব্যবহার নিয়েও তাঁদের নিজেদের মধ্যে মতভেদ আছে। সাঁওতালি লিপি অলচিকি-র উদাহরণ নেওয়া যেতে পারে। ঝাড়খণ্ড রাজ্যের সাঁওতালদের মধ্যে অলচিকি লিপির প্রতি এক বিরূপ মনোভাব থাকার কারণে সে রাজ্যে লেখা, পড়া, পাঠ্যপুস্তক সবই রোমান বা

দেবনাগরি হরফে, অন্যদিকে পশ্চিমবঙ্গ ও ওড়িষায় অলচিকি লিপির ব্যবহারের প্রতি আগ্রহ আছে। এই দুই রাজ্যে বাংলা বা ওড়িয়া এবং রোমান লিপির ব্যবহার থাকলেও অলচিকি-র বিরোধিতা নেই। ফলত একই গোষ্ঠির মানুষ একই ভাষা লিখছেন পৃথক ভাবে। পশ্চিমবঙ্গ বা ওড়িষায় অলচিকি লিপিতে যে সাহিত্য রচিত হচ্ছে তা ঝাড়খন্ডের সাঁওতালদের কাছে পাঠযোগ্য নয়। আবার ঝাড়খন্ডে রোমান বা দেবনাগরি লিপিতে যে সাহিত্য রচিত হচ্ছে লিপি বিরোধিতার কারণে পশ্চিমবঙ্গ বা ওড়িষায় পাঠযোগ্য নয়। বিচ্ছিন্নতা যে কত বড় অভিশাপ তা এই লিপি বিরোধিতা থেকে আরও স্পষ্ট হয়ে যায়। শুধু তাই নয় এই স্ববিরোধিতাকে হাতিয়ার করে সংশ্লিষ্ট রাজ্য সরকারও তৎপরতা দেখায় না। এই টানাপড়েনে বলি হন পড়ুয়ারা। অলচিকি লিপির মাধ্যমে সাঁওতালি ভাষার পাঠ্যপুস্তক ও সাহিত্য রচনার কিছুটা অগ্রগতি হলেও হো লিপির ক্ষেত্রে কোন অগ্রগতিই হয়নি। আর পাঠ্যপুস্তক ও সাহিত্য রচনার ক্ষেত্রে শবর লিপির ব্যবহারের চিত্রটি বর্তমান লেখকের জানা নেই।

আমরা বঙ্গদেশ গড়ে ওঠা, বঙ্গদেশে আর্যায়নের ইতিহাস আলোচনা করে অনার্য, বিশেষত মুন্ডা জনগোষ্ঠির অবদানের যে চেহারা লক্ষ করেছিলাম, কালের নিয়মে তথাকথিত সংখ্যাগুরু সম্প্রদায় তা ভুলে বসেছি বা সচেতনভাবে ভোলার চেষ্টা করেছি এবং আজও করে চলেছি। যত দিন না আমরা আর্য খোলস ছাড়তে পারব, আদিবাসী তথা মুণ্ডা গোষ্ঠির মানুষও যে আমাদের মতোই বৃহদবঙ্গের অধিবাসী এ কথা স্বীকার করতে পারব ততদিন এঁদের সমাজের এক কোণে তৃতীয় শ্রেণির নাগরিক হিসেবে পড়ে থাকতে হবে, ইতিহাস যাই বলুক না কেন!

সূত্রনির্দেশ :

১। Suniti Kumar Chatterji, 1979. The Origin and Development of the Bengali Language. Calcutta : Rupa & Co. P. 40. ''The non-Aryans, Dravidians and Kōl, fought with the Aryans, both Vedic and non-Vedic, and made peace with them. ...But from the advent and settlement of the Aryans, large numbers of non-Aryans were finding a place in Aryan society, either as serfs and slaves, or as free cultivators and labourers and artisans, although they were looked down upon as << Śūdras >> by the Aryan settlers, the << Viśas >>.''

২। তদেব। পৃ.৪৭।

৩। চট্টোপাধ্যায়, শ্রী সুনীতিকুমার। ১৯৭৪। বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা। কলিকাতা বিশ্ববিদ্যালয়। অষ্টম সংস্করণ। পৃ.৩৭।

৪। প্রাচীন পালি সাহিত্যে বুদ্ধের সময়ের ষোলটি জনপদের উল্লেখ পাওয়া যায়, কাশী, কোশল, অঙ্গ, মগধ, ভাজ্জি, মল্ল, ছেদি, বৎস, কুরু, পাঞ্চাল, মৎস্য, সুরসেন, অস্মক, অবন্তী, গান্ধার এবং কাম্বোজ।

৫। Chatterji, Suniti Kumar. 1979. প্রাগুক্ত, পৃ ৪৫।

৬। তদেব পৃ ৭৯।

৭। চট্টোপাধ্যায়, শ্রী সুনীতিকুমার। ১৯৭৪। প্রাগুক্ত, পৃ ৩৭-৮।

৮। তদেব, পৃ ৩৮।

৯। রায়, নীহাররঞ্জন। ১৯৮০। বাঙ্গালীর ইতিহাস, আদিপর্ব। কলিকাতা : পশ্চিমবঙ্গ নিরক্ষরতা দূরীকরণ সমিতি। প্রথম সাক্ষরতা সংস্করণ। পৃ ৪৯।

১০। Journal of the Asiatic Society of Bengal, NS. Vol. XXIII, pp.301-33.

১১। দ্র. R. C. Majumdar (Ed.), 1943. History of Bengal, Vol. I, Hindu period. p.558.

১২। চট্টোপাধ্যায়, সুনীতিকুমার। ১৯৭৪। প্রাগুক্ত, পৃ ৩।

১৩। তদেব, পৃ ৩২-৩।

১৪। তদেব, পৃ ৪০।

১৫। Chatterji, Suniti Kumar. 1960. Indo-Aryan and Hindi. Second edition. Calcutta: Firma KLM. Pp. 37-8.

১৬। Przyluski, Jean. 1975. Non-Aryan Loans in Indo-Aryan. In: Sylvan Levi, Jean Przyluski and Jules Bloch, Pre-Aryan and Pre-Dravidian in India. (Tr. By Prabodh Chandra Bagchi). University of Calcutta. Pp.29-30.

১৭। রায়, নীহাররঞ্জন। ১৯৮০। প্রাগুক্ত, প্া

১৮। Suniti Kumar Chatterji and P. C. Bagcchi. 1975. Some more Austric words in Indo-Aryan. In: Sylvan Levi, Jean Przyluski and Jules Bloch, Pre-Aryan and Pre-Dravidian in India. Pp. xxi-xxix.

১৯। Sylvan Levi. 1975. Pre-Aryan and Pre-Dravidian in India. In: Sylvan Levi, Jean Przyluski and Jules Bloch, Pre-Aryan and Pre-Dravidian in India. P. 95.

২০। শহীদুল্লাহ, মুহম্মদ। ১৯৯৮। বাঙ্গালা ভাষার ইতিবৃত্ত। ঢাকা : মাওলা ব্রাদার্স। পৃ ৫৩।

২১। Chatterji, Suniti Kumar. 1945. Buddhist Survivals in Bengal. B. C. Law vol. Part I. P. 78.

২২। রায়, নীহাররঞ্জন। ১৯৮০। প্রাগুক্ত, পৃ ৭৬।

২৩। তদেব।

২৪। Chatterji, Suniti Kumar. 1969. প্রাগুক্ত. পৃ ৩৪।

২৫। রায়, নীহাররঞ্জন। ১৯৮০। প্রাগুক্ত, পৃ ৭৫।

২৬। রায়, শরৎচন্দ্র। ১৩৪৫। ভারতবর্ষের মানব ও মানবসমাজ। বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ পত্রিকা, ৪৫।

২৭। সরেন, রায়া। ১৯১৭। ছোটরায় দেশমাঞ্ঝিরেয়াক' কাথা। বেনাগাড়িয়া : মিশন প্রেস।

২৮। Carstairs, Robert. 1935. Harma's Village. Pokhuria : Santal Mission Press. উপন্যাসটি রুবেন রুসেন কিস্কু রাপাজ ১৯৪৬ সালে 'হারমাওয়াক' আতো' নামে সাঁওতালিতে অনুবাদ ও প্রকাশ করেন।

২৯। চট্টোপাধ্যায়, সুনীতিকুমার। ১৩৮২/১৯৭৫। বাঙ্গলা ভাষা প্রসঙ্গে। কলিকাতা : জিজ্ঞাসা। পৃ ৩।

৩০। বন্ধনীর মধ্যে রাখা ভাষাগুলি লুপ্তপ্রায়।

৩১। সাঁওতালি, মুণ্ডারি, হো, বিরহড় উত্তর মুণ্ডা শাখার অন্যতম ভাষা।

৩২। Chatterji, Suniti Kumar. 1961. Foreword to HọR Bapla Puthi, Paḥil Haṭin' by Stephen H. Murmu. Benagaria : Mission Press.

৩৩। হেমব্রম, পরিমল। ২০০৭। সাঁওতালি সাহিত্যের ইতিহাস। কলকাতা : নির্মল বুক এজেন্সি। পৃ ১৫৭।

৩৪। Census of India, 2011. PAPER 1 of 2018 LANGUAGE. INDIA, STATES AND UNION TERRITORIES (Table C-16). Office of THE REGISTRAR GENERAL, India.

৩৫। Panda, B. K. 2012. 'Transaction of Teaching Learning Process for the Tribal Children Mother Tongue as the Key for Development.' Adivasi, 52:1-2. pp. 1-8.

পরিশিষ্ট ১

২০১১ জনগণনার পরিসংখ্যান অনুযায়ী কয়েকটি মুণ্ডা ভাষাভাষীর স

সাঁওতালি	৭৩,৬৮,১৯২
মুন্ডারি	১১,২৮,২২৮
হো	১৪,২১,৪১৮
কোরকু	৭,২৭,১৩৩
করওয়া	২৮,৪৫৩
কোডা/কোড়া	৪৭,২৬৮
খাড়িয়া	২,৯৭,৬১৪
জুয়াং	৩০,৩৭৮
গুতোব/গাদাবা	৪০,৯৭৬
শবর/সোরা	৪,০৯,৫৪

পরিশিষ্ট ২

মুণ্ডা গোষ্ঠির কয়েকটি সম্প্রদায়ের প্রতি দশকে জনসংখ্যা বৃদ্ধি ও হ্রাসের চিত্র (২০১১ জনগণনা)

সম্প্রদায়	**১৯৭১-৮১**	**১৯৮১-১৯৯১**	**১৯৯১-২০০১**	**২০০১-২০১১**
সাঁওতাল	১৪.৪১	২০.৪০	২৪.০৩	১৩.৮৯
গাদাবা	৩০.২৫	০.৪৭	-৬.৭৩	৫৬.০৩
হো	৪.২৫	২১.১৮	৯.৮৫	৩৬.৩২
জুয়াং	৫৬.৪১	-১১.৪৫	৪০.৬৩	২৮.১৩
খাড়িয়া	১১.০৭	৬.০৯	৬.২৩	২৪.২১
কোরকু	১৩.০৮	৩৪.০৬	২৩.২৬	২৬.৫৭
করওয়া	২১৮.৪৭	-৪২.৮৩	২৫.৮৪	-১৭.৭৩
মুন্ডা	-৩.৭০	১৫.৯৭	২৩.২২	৬.৩০
শবর	-৫.৮২	৩০.৬৪	-৭.৫৬	৬২.১৯

Bio Profile of the Author

Assistant Professor in Ethnolinguistics, Netaji Institute for Asian Studies, Kolkata.
Reader/ Associate Professor of Bengali, The University of Burdwan.
Professor of Bengali, The University of Burdwan.
ICCR Tagore Chair, Centre for Modern Indian Studies. Georg-August University. GĨttingen, Germany. Fellowship: Visiting Scientist and Fellow, Department of Linguistics. Max Planck Institute for Evolutionary Anthropology, Leipzig, Germany in 2006, 2007 and 2010.
Visited National Bibliotheket, Oslo, Norway to work on P. O. Bodding's archival documents.
Retired from the University of Burdwan. 2017.

রাসসুন্দরীদেবীর চিন্তনে নারীবাদ

শর্মিষ্ঠা ঘোষ

সারসংক্ষেপ :

ঊনবিংশ শতকে মধ্যভাগে বাংলা ভাষায় প্রথম আত্মজীবনী প্রকাশিত হয়, রচয়িতা রাসসুন্দরী দেবী। এর পূর্বে যার কোন রচনা দেখতে পাওয়া যায় নি। ফলত সাহিত্য জগতে একেবারেই অপরিচিত গ্রাম্য আদর্শ গৃহিনী নারী হলেন রাসসুন্দরী দেবী। তাঁর রচিত আত্মজীবনী হল "আমার জীবন"। তাঁর জন্ম ১৮১০ খ্রীস্টাব্দে, সে সময় বাংলার নারীদের পড়ালেখা সমাজলঙ্ঘণকারী কাজ বলেই গৃহীত হতো। ২৬ বছর বয়সে, ১৮৩৬ খ্রীস্টাব্দে তিনি নিজ চেষ্টায় পরিবারের সকলের অলক্ষ্যে পড়তে শেখেন। ১২জন সন্তানের জননী হয়েও ৫৪ বছর বয়স, ১৮৫৪ সালে তিনি লিখতে শেখেন। আশ্চর্যের বিষয় হল এর ৩/৪ বছরের মধ্যে তিনি আত্মজীবনী লেখা শুরু করেন। বাংলা ভাষাতে প্রকাশিত প্রথম আত্মজীবনী হওয়ার জন্য, রাসসুন্দরী দেবীর অন্য কোন আত্মজীবনী দৃষ্টান্ত দেখে অনুপ্রাণিত হবার কথা নয়। আর বাংলা ভাষা ছাড়া অন্য কোন ভাষা পড়া বা চর্চা তাঁর পক্ষে সম্ভব ছিল না, তাই এর পূর্বে ইংরেজি বা অন্য কোন ভাষাতে কোন আত্মজীবনী রচনা হয়ে থাকলেও তা রাসসুন্দরী দেবীর জানার বিষয় নয়। তবে হঠাৎ কেন, কি উদ্দেশ্যে রাসসুন্দরী দেবীর এই আত্মজীবনী রচনা? স্বামী, সন্তান, নিজের পরিবার ও নিজের কষ্টের কথা বলাই কি উদ্দেশ্য? "আমার জীবন" স্বামী স্ত্রীর সম্পর্কের বা শ্বশুরবাড়ির মানুষজনদের বা পারিপার্শ্বিক পরিস্থিতি বা সন্তানদের কার্যকলাপ বর্ণনা নয়। তবে কি উদ্দেশ্যে এই আত্মজীবনী লেখা? কি বলতে চাইছেন লেখিকা এখানে? এই প্রশ্নটি বারবার এসে পড়ে।

এই উদ্দেশ্য অন্বেষণ করতে গেলেই ঊনবিংশ শতকের এক নারীর উত্তরণের চিত্র পাওয়া যায়। যিনি ধর্মকে সামনে রেখে তৎকালীন সমাজে নারীর অবমাননা, বঞ্চনার বিরুদ্ধে নীরবে, শান্ত চিত্তে একের পর এক সমাজলঙ্ঘণকারী কাজের মধ্যে দিয়ে প্রতিবাদ করেছেন। সব প্রতিবাদের ভাষা হয় না, অব্যক্ত প্রতিবাদ, না-বলা কথাগুলোরও অনেক কিছু বলে যায়। তাই তো আজ একবিংশ শতকেও তাঁর রচনা নিয়ে গবেষণা চলছে, এখানেই হয়তো তাঁর রচনার সার্থকতা পাওয়া যায়। 'রাসসুন্দরীদেবীর চিন্তনে নারীবাদ' প্রবন্ধে রাসসুন্দরী দেবীর আত্মজীবনী 'আমার জীবন'-এ নারীর যে উত্তরণের কথা, আক্ষেপের কথা এবং অব্যক্ত প্রতিবাদের কথা পাওয়া যায়, তার মধ্যে কি বর্তমান সময়ের নারীবাদী চিন্তার কন সাযুজ্য আছে? —তাই অন্বেষণ করবো।

মূলশব্দ : *নারীবাদ, স্বাধীনতা, স্ত্রীশিক্ষা, বঞ্চনা, জিতাক্ষর প্রমুখ*

ভূমিকা :

"বুদ্ধির বিষয়, স্ত্রীলোকের বুদ্ধির পরীক্ষা কোন কালে লইয়াছেন, যে অনায়াসেই তাহারদিগকে অল্প বুদ্ধি কহেন? কারণ বিদ্যা শিক্ষা এবং জ্ঞান শিক্ষা দিলে পরে ব্যক্তি যদি অনুভব ও গ্রহণ করিতে না পারে, তখন তাহাকে অল্প বুদ্ধি

কহা সম্ভব হয়; আপনারা বিদ্যা শিক্ষা জ্ঞানোপদেশ স্ত্রীলোককে প্রায় দেন নাই, তবে তাহারা বুদ্ধিহীন হয় ইহা কি রূপে নিশ্চয় করেন? বরঞ্চ লীলাবতী, ভানুমতী, কর্ণাট রাজার পত্নী, কালীদাসের পত্নী প্রভৃতি যাহাকে যাহাকে বিদ্যাভ্যাস করাইয়াছিলেন, তাহারা সর্বশাস্ত্রের পারগ রূপে বিখ্যাত আছে।"[১] ঊনবিংশ শতকে বাংলার নারীরা পরিবারের সকলের সেবা ও ধর্মীয় কর্ম ব্যতিরেকে অন্যান্য সকল সামাজিক অধিকার থেকেই বঞ্চিত ছিলেন। পাশ্চাত্য শিক্ষার প্রভাবে ঊনবিংশ শতকে নারী জাগরণের স্রোত বাংলাতে প্রবেশ করে। সামান্য কিছু সচেতন মানুষ স্বীকার করে নেয় যে, জ্ঞানান্বেষণের ক্ষেত্রে নারীরও সমান অধিকার আছে। ইয়ং বেঙ্গল, ব্রাহ্মসমাজের সদস্যরা নারী স্বাধীনতা বিশেষ করে স্ত্রীশিক্ষা দেওয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা গ্রহণ করেন। সাহিত্য ও সংস্কৃতি চর্চার ক্ষেত্রেও নারীরা এগিয়ে আসতে আরম্ভ করেন। নারীদের সাহিত্য চর্চার জন্য বামাবোধিনী পত্রিকা প্রকাশিত হয় ১৮৬৩ সালের আগস্ট মাসে। "সম্ভবত এ পত্রিকাতেই প্রথমবারের মতো স্ত্রী-স্বাধীনতা শব্দটি ব্যবহৃত হয়। বিজয়কৃষ্ণ গোস্বামী ১৮৬৬ সালে ধর্মতত্ত্বে প্রকাশিত একটি রচনায় এবং সত্যেন্দ্রনাথ ঠাকুর ঐ দশকের শেষে স্ত্রী-স্বাধীনতা নামক পুস্তিকায় মেয়েদের স্বাধীনতা নিয়ে আলোচনা করেন এবং নারীমুক্তির আহ্বান জানান।"[২] নারীজাগরণের এই সকল চিত্র মূলত শহরাঞ্চল কলকাতা বেষ্টিত ছিল। কিন্তু কলকাতা শহরাঞ্চল থেকে দূরে প্রত্যন্ত গ্রামে নারী রাসসুন্দরী দেবী এই ঊনবিংশ শতকেই এক আশ্চর্য ঘটনা ঘটান, তিনি ৬০ বছর বয়সে (প্রকাশকাল ১৮৭২) আত্মজীবনী রচনা করেন। এখানে উল্লেখযোগ্য বিষয় রাসসুন্দরী দেবীর এর পূর্বে আর কোন সাহিত্য রচনা পাওয়া যায় না। বাংলা ভাষাতে প্রকাশিত প্রথম আত্মজীবনী 'আমার জীবন'ই তাঁর প্রথম ও শেষ সৃষ্টি।

সরলাবালা সরকার নিজের পিতামহী সম্পর্কে 'হারানো অতীত'-এ বলেছেন, "আমার পিতামহী রাসসুন্দরী দেবী 'আমার জীবন' নামে একখানি আত্মজীবনচরিত লিখিয়াছিলেন। বিদ্বজ্জন সমাজে পুস্তকখানির বিশেষ সমাদর হইয়াছিল এবং তাহার কয়েক পরিচ্ছাদ ইউনিভার্সিটির আই.এ. ক্লাসে পাঠ্যরূপে গৃহীত হইয়াছিল।"[৩] 'আমার জীবন' এখনও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিভাগের সিলেবাসের অন্তর্ভুক্ত। রাসসুন্দরী দেবী ১২জন সন্তানের মা হয়ে, গৃহের সকল কর্ম সম্পন্ন করে পালিকা মূর্তিকে ত্যাগ না করে তত্ত্বসৃষ্টিতে অংশ গ্রহণ করে দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। এখন প্রশ্ন হল ৬০ বছর বয়সে অন্য কোন সাহিত্য রচনা না করে আত্মজীবনী রচনার কারণ কি? কি উদ্দেশ্যে এই রচনা? নিছক প্রাণের টানে, নিজের কথা বলার জন্য? না কি তৎকালীন সমাজের নারীর বঞ্চনা একটি চিত্র তুলে ধরার চেষ্টা করেছিলেন? ঊনবিংশ শতকের নারীর চিন্তায় কি বর্তমান সময়ের নারীবাদী চিন্তার কোন প্রকাশ দেখতে পাওয়া যায়? এই সকল প্রশ্নের উত্তর অন্বেষণ করার চেষ্টা করেছি "রাসসুন্দরীদেবীর চিন্তায় নারীবাদ" প্রবন্ধে।

প্রশ্ন উঠতে পারে প্রবন্ধটির নামকরণে 'চিন্তায়' শব্দটি কেন দেওয়া হল? রাসসুন্দরী দেবী আত্মজীবনী রচনা করেছেন, তাই তাঁর লেখায় যা পাই তাই আমাদের আলোচ্য বিষয় হওয়ার কথা, সেক্ষেত্রে প্রবন্ধটির নাম হওয়া উচিত "রাসসুন্দরীদেবীর লেখাতে নারীবাদ"। "আত্মজীবনীতে আত্মর অনুসন্ধান করতে হলে তাই বলা কথার থেকে না বলা কথার বিশ্লেষণ জরুরি হয়ে পড়ে। নীরবতাকে মূল্যবান সাক্ষ্য বলে ধরতেই হয়। মেয়েদের লেখায় সচরাচর আত্ম-বিষয় সরাসরি উচ্চারিত হয় না। আত্মকে খুঁজতে চাইলে সেই অনুচ্চারণগুলি উদ্ধার করার প্রয়াস করতে হয়।"[৪] রাসসুন্দরীদেবীর শব্দে অনুচ্চারিত চিন্তাগুলিও এই প্রবন্ধে অনুসন্ধান করার চেষ্টা করা হয়েছে, তাই প্রবন্ধটির নামকরণ করা হয়েছে "রাসসুন্দরীদেবীর চিন্তায় নারীবাদ"।

সময়কাল :

সময়কাল বলতে রাসসুন্দরী দেবীর জীবনের কালপঞ্জী অর্থাৎ গুরুত্বপূর্ণ সময়গুলো এখানে উল্লেখ করবো। কারণ যেকোন ঘটনা যখন ঘটে তখন তার সময়ানুযায়ী পারিপার্শ্বিক কিছু কারণ অবশ্যই থাকে। তাই সময় ও পারিপার্শ্বিক অবস্থার প্রেক্ষিতে ঘটনাটি ব্যাখ্যা করা অত্যন্ত প্রয়োজনীয়। এখানে সেই উদ্দেশ্যেই সময়কাল নিয়ে আলোচনা করা হয়েছে।

রাসসুন্দরী দেবীর জন্ম ১২১৬ সালের চৈত্র মাসে (১৮১০ সাল) বর্তমানে বাংলাদেশের অন্তর্গত পাবনা জেলার পোতাসিয়া গ্রামে এক অতি সাধারণ মধ্যবিত্ত পরিবারে।[i] তাঁর বয়স যখন ৪, তখন তাঁর পিতার পদ্মলোচন রায়ের মৃত্যু হয়।[ii] তার ফলে মায়ের আদরে লালিত ও পালিত হন রাসসুন্দরী দেবী এবং অভিভাবক ছিলেন খুড়ো মহাশয়। শৈশবে অতি ভীরু প্রকৃতির হওয়ার জন্য তাঁর খুড়োমশাই তাঁকে (বাড়িতেই গ্রামের ছেলেদের জন্য ছিল পাঠশালা) বাড়ির স্কুলে মেমসাহেবের পাশে বসিয়ে রেখে যেতেন, তখন তাঁর বয়স ৮। এই প্রসঙ্গে তিনি ''আমার জীবন''এ বলেছেন, ''বাঙ্গালা স্কুল আমাদের বাটীতেই ছিল। আমাদের গ্রামের সকল ছেলে আমাদের বাটীতেই লেখাপড়া করিত। একজন মেমসাহেব ছিলেন, তিনিই সকলকে শিখাইতেন। পর দিবস প্রাতে আমার খুড়া আমাকে কাল রঙের একটা ঘাগরা পরাইয়া একখানা উড়ানী গায়ে দিয়া সেই স্কুলে মেমসাহেবের কাছে বসাইয়া রাখিলেন।.... তখন আমার বয়ঃক্রম আট বৎসর।''[৫] এইখান থেকে ৮বছর বয়সে (১৮১৮ সাল) রাসসুন্দরী দেবী অক্ষর জ্ঞান লাভ হয়। তিনি নিজেই বলেছেন, ''ছেলেরা ক খ চৌত্রিশ অক্ষরে মাটিতে লিখিত, পরে এক নড়ি হাতে লইয়া ঐ সকল লেখা উচ্চৈঃ স্বরে পড়িত। আমি সকল সময় থাকিতাম। আমি মনে মনে ঐ সকল পড়াই শিখিলাম। আমি যে ঐ সকল পড়া মনে মনে শিখিয়াছি, তাহা আর কেহ জানিত না।''[৬] উল্লেখযোগ্য বিষয় এই যে, এই সময়ে শিশু মনেই হয়তো কোথায়ও দাগ কেটেছিল যে, বাড়িতে স্কুল হওয়া সত্ত্বেও শুধুমাত্র মেয়ে বলে তাঁর পড়াশোনা করার অধিকার নেই। দুর্ভাগ্যক্রমে দুবছর পর বাড়িতে আগুন লেগে স্কুলটি বন্ধ হয়ে যায়। এরপর ১২ বছর বয়সে (১৮২২ সাল) রামদিয়া গ্রামে রাসসুন্দরী দেবীর বিয়ে হয়ে যায়।[iii] এই সময়ে তাঁর মনের অবস্থা ব্যক্ত করতে গিয়ে বলেছেন, ''বাস্তবিক আপনার মা ও আপনার সকলকে ছাড়িয়া ভিন্ন দেশে গিয়া বাস এবং যাবজ্জীবন তাহাদিগের অধীনতা স্বীকার, আপনার মাতাপিতা কেহ নহেন—এটি কি সামান্য দুঃখের বিষয়! কিন্তু ইহা ঈশ্বরাধীন কর্ম, এইজন্য ইহা প্রশংসার যোগ্য বটে।''[৭] ১২ বছরের একটি শিশুকে বিয়ে দিয়ে শ্বশুড়বাড়িতে পাঠিয়ে দেওয়ার এই প্রথা অর্থাৎ বাল্যবিবাহ প্রথা কোন ব্যক্তি কেন্দ্রিক সৃষ্ট নয়, এর জন্য কোন একজন ব্যক্তিকে দায়ী করা যাবে না; এটি তৎকালীন সমাজের প্রচলিত রীতি বা প্রথা। তাই রাসসুন্দরী দেবী বলেছেন, 'ইহা ঈশ্বরাধীন কর্ম'। এরপর ১৮ বছর বয়সে তাঁর প্রথম পুত্র সন্তান বিপিনবিহারীর জন্ম। এরপর ২১ বছরে পুলিনবিহারী, ২৩ বছরে এক কন্যা রামসুন্দরী, এই ভাবে ১২টি সন্তানের মা হন, ৪১ বৎসরে কনিষ্ঠ পুত্রের জন্ম হয়। এখানে উল্লেখযোগ্য ৩৪ বছর বয়সে পুত্র কিশোরীলালের (১৯৪৪ সাল) জন্ম হয়। ১৮ বছর থেকে ৪১ বছর এই ২৩ বছরে ১২টি সন্তানের জন্ম দেওয়া খুব একটা সহজ বিষয় নয়। তিনি নিজে এই প্রসঙ্গে বলেছেন, ''ঐ ২৩ বৎসর আমার যে কি প্রকার অবস্থায় গত হইয়াছে তাহা পরমেশ্বর জানিতেন, অন্য কেহ জানিত না।''[৮] এর মধ্যে রাসসুন্দরী দেবী মনের লেখাপড়া শিখে পুঁথি পড়ার বাসনা প্রবল হয়। বড় ছেলের বয়স যখন ৮ বৎসর মানে তাঁর বয়স তখন ২৬ (১৮ বছর বয়সে বড় ছেলেটির জন্ম হয়েছিল) সালটি হল ১৮৩৬ খ্রীস্টাব্দ, তখন চৈতন্যভাগবত পুস্তকটি তাঁর হাতে আসে। অনেক কষ্ট করে সকলের অলক্ষ্যে শেষ পর্যন্ত তিনি পড়তে শিখলেন।

'আমার জীবন'-এ তিনি এ প্রসঙ্গে বলেছেন, ''আমি অনেক দিবসে, অনেক পরিশ্রমে, অনেক যত্নে এবং অনেক কষ্ট করিয়া ঐ চৈতন্যভাগবত পুস্তকখানি গোঙ্গাইয়া পড়িতে শিখলাম''।[৯] পড়তে শিখলেও তিনি দীর্ঘকাল লিখতে শেখেননি। কিন্তু তাঁর সপ্তম পুত্র কিশোরীলাল কলকাতায় পড়তেন, মাকে সেখান থেকে চিঠি লিখতেন। মা পড়তেন, কিন্তু উত্তর দিতে পারতেন না। কিশোরীলাল বাড়ি ফিরে একবার খুব জেদ করে মা যাতে চিঠির উত্তর দেন এবং কাগজ, কলম, দোয়াত, কালি ইত্যাদি কিনে দিয়ে যান। ফলত সময় সুযোগ করে তিনি লিখতে শেখেন। এই প্রসঙ্গে তিনি আত্মজীবনী ''আমার জীবন'' এ বলেছেন, ''ইতিমধ্যে হঠাৎ এক দিবস কর্তাটির সান্নিপাতিকের পীড়া হইয়া চক্ষের পীড়া দেখা দিল। তখন ঐ চক্ষের চিকিৎসা করিতে কর্তাটি গোয়াড়ী কৃষ্ণনগর গেলেন। সে সঙ্গে আমাকেও যাইতে হইল। আমার পঞ্চম পুত্র দ্বারকানাথের বিষয় কর্ম্মের স্থান কাঁঠালপোতা, আমাদের সেই বাসাতে থাকা হইল। সেই স্থানে আমাদিগের ছয় মাস থাকিতেও হইল। তখন বাটীর অপেক্ষা আমার কাজের অনেক লাঘব হইল। সেই অবকাশে যৎকিঞ্চিৎ লেখা আমার হস্তগত হইল।''[১০] গোলাম মুরশিদ 'রাসসুন্দরী থেকে রোকেয়া : নারীপ্রগতির একশ বছর' গ্রন্থে রাসসুন্দরী দেবীর লেখা শেখার সময়কাল নির্ণয় করে বলেছেন, ''কিশোরীলালের বয়স যদি কুড়ি বছর হয়, তা হলে ঘটনাটা ১৮৬৪ সালের। কারণ কিশোরীলাল জন্মগ্রহণ করেন যখন তাঁর মায়ের বয়স ৩৪। আর তাঁর মায়ের জন্ম ১৮১০ সালে''।[১১] ১৮৬৯ সালে রাসসুন্দরী দেবীর স্বামী মারা যান[iv], সুতরাং তখন তাঁর বয়স ৫৯। খুব আশ্চর্যের বিষয় এই সময় বা এর পরই তিনি আত্মজীবনীটি রচনা শুরু করেন। কারণ তিনি নিজেই বলেছেন, ''আমার যখন ৬০ বৎসর বয়ঃক্রম সেই সময় আমার জীবন বৃত্তান্ত যৎকিঞ্চিৎ লেখা হইয়াছিল''।[১২] এর থেকে বোঝা যায় ১৮৭০ সালে (৬০ বৎসর বয়স) তাঁর লেখার কাজ চলছিল।

ঊনবিংশ শতকে বঙ্গনারী :

রাসসুন্দরী দেবীর জীবনে জন্ম থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ ঘটনার সময়কাল জানার পর দেখবো সেই সময়কালে বাংলাতে নারীদের শিক্ষা, সাহিত্য প্রমুখ ক্ষেত্রের চিত্রটি ঠিক কেমন ছিল? সমাজ ও সংসারকে সুন্দর ও সুসংহত রূপ দেবার জন্য বিভিন্ন প্রথা ও নিয়ম-কানুনের প্রচলন হয়ে থাকে। তবে কোন কোন সময়ে সামাজিক নিয়ম কানুন, সমাজভুক্ত মানুষের পক্ষে হয়ে ওঠে প্রাণান্তকর। এদেশে বিশেষ করে মধ্যযুগে কয়েকটি নিষ্ঠুর সামাজিক প্রথা নারীজাতির জীবনকে পঙ্গু করে দিয়েছিল। যেমন, সহমরণ প্রথা, পুরুষের বহুবিবাহ ও কৌলিন্য প্রথা, বাল্যবিবাহ, বিধবা নিগ্রহ, অবরোধপ্রথা এবং সব থেকে ভয়ানক শিক্ষায় অধিকার থেকে বঞ্চিত করা। ঊনবিংশ শতকে এই সামাজিক কুপ্রথাগুলিকে দূরীভূত করার জন্য অভূতপূর্ব আলোড়ন জেগে উঠেছিল।

নারী জাগৃতি আন্দোলনের প্রথম পদক্ষেপ হল সতীদাহ প্রথার উচ্ছেদ। রামমোহন রায়ের অক্লান্ত প্রচেষ্টায় ১৮২৯ খ্রীষ্টাব্দের ৮ই ডিসেম্বর তৎকালীন ইংরেজ গভর্নর জেনারেলের লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক সতীদাহ প্রথাকে বেআইনী বলে ঘোষণা করেন। ১৮৫৬ খ্রীস্টাব্দে ২৬শে জুলাই বিদ্যাসাগর মহাশয়ের প্রচেষ্টা ও ইংরেজ সরকারের সহায়তায় বিধবা বিবাহ আইন প্রবর্তিত হয়—নারী জাগৃতি আন্দোলনের ক্ষেত্রে এটি আর একটি মাইলস্টোন। ইতিপূর্বে বাংলাতে নারীশিক্ষা প্রসার ঘটতে আরম্ভ হয়েছে। নারীশিক্ষা বিস্তারের কাজে প্রথম এগিয়ে এসেছিলেন খ্রীস্টান মিশনারিরা। ''কলিকাতার মিশনারিরা প্রথম ১৮১৯ খ্রীস্টাব্দে 'ক্যালকাটা ফিমেল জুভিনাইল সোসাইটি' নামে একটি সংস্থা গঠন করেন ও তার সাহায্যে দেশীয় বালিকাদের শিক্ষাদানের ব্যবস্থা করেছিলেন।''[১৩] শ্রীরামপুরে ১৮২১ খ্রীস্টাব্দে উইলিয়াম কেরী ও তাঁর দুই সহকারী জেশুয়া মার্শম্যান ও উইলিয়াম ওয়ার্ড, স্থানীয় বালিকাদের জন্য বাংলা

ভাষার মাধ্যমে শিক্ষা দেবার জন্য বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। মিশনারিগণ এদেশে নারী শিক্ষার প্রথম পথপ্রদর্শক হলেও তা ছিল অনেকাংশে উদ্দেশ্য প্রণোদিত; বাঙালি মেয়েদের ধর্মান্তরিত করার উদ্দেশ্যেই মিশনারিরা বিদ্যালয় স্থাপন করেছিলেন। ১৮৪৯ খ্রীস্টাব্দে বেথুন সাহেব কলকাতায় একটি বালিকা বিদ্যালয় স্থাপন করেন, সেখানে বিদ্যাসাগর মহাশয় অবৈতনিক সম্পাদকরূপে যোগদান করেন। এরপর ১৮৫৭র নভেম্বর থেকে ১৮৫৮র মে মাসের মধ্যে বঙ্গদেশের বিভিন্ন অঞ্চলে ৩৫টি বালিকা বিদ্যালয় স্থাপন করেন।

নারী প্রগতি ও স্ত্রীশিক্ষা আন্দোলনে ব্রাহ্মসমাজের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল। ব্রাহ্ম ধর্মের প্রবর্তক রামমোহন রায় তাঁর সংস্কার কর্মের কাজই শুরু করেছিলেন মেয়েদের নিয়ে। রামমোহনের রায়ের পর মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর, তিনি নিজের কন্যা, পুত্রবধূ, পৌত্রি, পৌত্রবধূ, দৌহিত্রী সকলেরই সুশিক্ষার ব্যবস্থা করেছিলেন। ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেনের 'ভারত আশ্রম' নামে পারিবারিক প্রতিষ্ঠানেও বহু ব্রাহ্ম মহিলা শিক্ষালাভের সুযোগ পেয়েছিলেন। সম্বুদ্ধ চক্রবর্তী তাঁর 'অন্দরে অন্তরে' গ্রন্থে বলেছেন, 'ব্রাহ্মরা ঊনবিংশ শতাব্দীর বাঙালি সমাজের পক্ষে যথেষ্ট প্রাগ্রসর ছিলেন। তাঁরা অন্তঃপুরে স্ত্রীশিক্ষা প্রণালী চালু করেছিলেন এবং নিজেদের বাড়ির মেয়েদের শিক্ষা দিতে কুণ্ঠিত হননি। বস্তুতঃপক্ষে ঊনবিংশ শতাব্দীর ষাটের দশকের শেষ ভাগ পর্যন্ত শিক্ষিত বাঙালি মেয়েদের অধিকাংশই ছিল হয় খ্রিষ্টান, নতুবা ব্রাহ্ম'।[১৪] নারীজাতির অবমাননার আরও একটি প্রথা হল অবরোধ প্রথা। তখনকার দিনে বাড়ির দুইটি মহল দেখতে পাওয়া যেত। পুরুষরা থাকে বাইরে আর মেয়েরা ভিতরের মহলে। ১৮৬২ খ্রীস্টাব্দে সাধারণ সভার প্রার্থনা সভায় কেশবচন্দ্র সেন অবরোধ প্রথাকে লঙ্ঘন করে তাঁর স্ত্রীকে নিয়ে উপস্থিত হন। এর ফলে সেদিন ব্রাহ্মসমাজে প্রচন্ড আলোড়ন হয়েছিল। এরপর ১৮৬৬ খ্রীস্টাব্দে মিস্ কার্পেন্টারের সংবর্ধনা সভায় অনেক ব্রাহ্ম যুবক সস্ত্রীক উপস্থিত হয়েছিলেন। নারী প্রগতি বিশেষ করে এই অবরোধ প্রথাকে লঙ্ঘন করার ক্ষেত্রে সত্যেন্দ্রনাথ ঠাকুরের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য। রবীন্দ্রনাথ ঠাকুর বলেছেন, "আন্দরমহলের পর্দা রইল না। আজ এ কথা নতুন ঠেকবে না, কিন্তু তখন এত নতুন ছিল যে মেপে দেখলে তার থই পাওয়া যায় না। তারও অনেক কাল আগে, আমি যখন শিশু, মেজদাদা সিভিলিয়ান হয়ে দেশে ফিরেছেন। বোম্বাইয়ে প্রথম তাঁর কাজে যোগ দিতে যাবার সময় বাইরের লোকদের অবাক করে দিয়ে তাদের চোখের সামনে দিয়ে বউঠাকরুনকে সঙ্গে নিয়ে গেলেন। বাড়ির বউকে পরিবারের মধ্যে না রেখে দূর বিদেশে নিয়ে যাওয়া এই তো ছিল যথেষ্ট, তার উপরে যাবার পথে ঢাকাঢাকি নেই—এ যে হল বিষম বেদস্তুর। আপন লোকদের মাথায় আকাশ ভেঙে পড়ল।"[১৫]

এবারে তৎকালীন সমাজে নারীদের জ্ঞানচর্চা ও সাহিত্য সাধনার কথা বলা যেতে পারে। ১৮৬৩ খ্রীস্টাব্দে উমেশচন্দ্র দত্তের সম্পাদনায় নারীদের সাহিত্য সাধনার উপলক্ষ্যে 'বামাবোধিনী পত্রিকা' প্রকাশিত হয়। বাংলা সাহিত্যের ধারার প্রথম দিকেই নারীজীবনের বিবিধ সমস্যা নিয়ে তাঁদের দ্বারা রচিত বেশ কিছু রচনা দেখতে পাওয়া যায়। যেমন বামাসুন্দরী দেবী, ইনিই প্রথম নারী যিনি নানা গুরুত্বপূর্ণ বিষয় গ্রন্থ রচনা করেছেন। ১৮৬১ খ্রীস্টাব্দে 'কি কি কুসংস্কার তিরোহিত হইলে এদেশের শ্রীবৃদ্ধি হইতে পারে' ২০ পৃষ্ঠার এই বইটি রচনা করে। কৈলাসবাসিনী দেবী তাঁর 'হিন্দু মহিলাগণের হীনাবস্থা' (১৮৬৩ খ্রীস্টাব্দে) গ্রন্থের বিজ্ঞাপনে বলেছেন, "আমি এই স্থলে শ্রীমতি বামাসুন্দরী দেবীকে ধন্যবাদ প্রদান করিতে এবং বর্ণ ও বিদ্যাশ্রেষ্ঠ প্রযুক্ত প্রণাম করিতে বাধ্য হইলাম। বামাসুন্দরী আমাদিগের পথ প্রদর্শিকা রূপে এই বঙ্গভূমিতে অবতীর্ণা হইয়া আমার মনকে উত্তেজনা করিলেন, আমি তাঁহার সেই উত্তেজনায় লজ্জিতা হইয়া এইরূপ ব্যবসায়ে প্রবৃত্ত হইলাম, তিনি এই বঙ্গভূমিতে জন্ম গ্রহণ করত আমাদিগকে আকর্ষণ করিলেন, আমরা তাঁহারই

আকর্ষণে আকৃষ্ট হইয়া পদ চারণে পারগ হইলাম। তাঁহারই যশঃ শশাঙ্কের বিমল কিরণ দর্শনে আমরা বিষম তামসীর বিভীষিকা দর্শন হইতে মুক্ত হইলাম। তিনি উৎসাহিনী না হইলে আমরা কখন এই ভাব প্রাপ্ত হইতাম না। চিরকালই জড় পদার্থের ন্যায় অবস্থিতি করিতাম এবং আমাদিগের মনোগত ভাব সকল বার্কশক্তি রহিত ব্যক্তির স্বপ্নের ন্যায় মনেতেই লয় পাইত।"[১৬] কৈলাসবাসিনী দেবী স্বামী শ্রীদুর্গাচরণ গুপ্তের ইচ্ছাতে তাঁর কাছেই শিক্ষা গ্রহণ করেছিলেন। তিনি নিজের শিক্ষা গ্রহণ সম্পর্কে বলেছেন, "১৭৭১ শকের শ্রাবণ মাসে আমাকে বর্ণমালার প্রথম ভাগের উপদেশ দেন; আমি সেই অবধি গোপনভাবে কিঞ্চিৎ অধ্যয়ন করিতাম এবং গুরুজন ভয়ে ভীত হইয়া বিদ্যাকে অতি দুষ্কর্ম বোধে লুক্কায়িত রাখিতে চেষ্টা করিতাম।"[১৭] এইরূপ এক সামাজিক প্রেক্ষাপটে ১৮৭২ খ্রীস্টাব্দে বাংলা ভাষাতে লিখিত প্রথম আত্মজীবনী "আমার জীবন" রচিত হয়।

নারীবাদী চিন্তা ও ব্যক্তিসত্তার উত্তরণ :

ঊনবিংশ প্রথম দিকে একজন গ্রাম্য আদর্শ গৃহিনী, যিনি ১২জন সন্তানের জননী, তাঁর লেখা বা চিন্তাতে নারীবাদী চিন্তা এক বিস্ময়কর ঘটনাই বটে। সুতপা ভট্টাচার্য খুব সুন্দর করে বলেছেন, "সামাজিক, অধিকার এবং অবস্থানের দিক থেকে নারী-পুরুষের পার্থক্য নির্দেশ করা, সে বিষয়ে প্রতিবাদ করা—অভিধান অনুসারে ফেমিনিজমের সংজ্ঞা তাই-ই। রাসসুন্দরীর মতো ঘরোয়া ভক্তিমতি গৃহকর্মনিপুণা মেয়েটির বয়ানেও তবে থাকতে পারে নারীবাদের কথা, সেই ১৮৭০ সালেই! কেনই বা থাকবে না, আত্ম বিষয়ে যদি কেউ সচেতন থাকে, তবে তো তার নারীত্ব বিষয়ে, তার পরাধীনতার বিষয়েও তাকে সচেতন হতেই হবে।"[১৮] সত্যই বিস্ময়ই জাগে যখন দেখতে পাওয়া যায় যে, ঊনবিংশ শতকে একজন সাধারণ গৃহবধূ সমাজিক ক্ষেত্রে একজন নারী হিসাবে বঞ্চনা, অধিকার ও অবস্থানের বিভিন্ন চিত্র বলা ও না-বলার মধ্যে দিয়ে ফুটিয়ে তোলেন।

"আমার জীবন" আত্মজীবনীতে দেখতে পাওয়া যায় ১২ বছর বয়সে তাঁর বিয়ে হয়। অর্থাৎ ঊনবিংশ শতকে বাংলার সমাজে প্রচলিত প্রথা অনুযায়ী তাঁর বাল্যবিবাহ হয়। এই সময়ে 'বিবাহ' নামক যে প্রতিষ্ঠান সে সম্পর্কে তিনি কিছুই জানতেন না। ১২ বছরের একটি শিশুর জানার কথাও নয়। বিয়ের কথা শুনে রাসসুন্দরী দেবী মাকে বলেছিলেন, "মা! আমাকে যদি কেহ চাহে, তবে কি তুমি আমাকে দিবে?" মা উত্তরে কাঁদতে কাঁদতে বলেছিলেন, "তোমাকে কেমন করিয়াই বা দিব"। তৎসত্ত্বেও তাঁর বিয়ে হয় এবং মা, আত্মীয়-পরিজনদের ছেড়ে দূরে পাড়ি দিতে হয়। তাই বহুবার এই 'বিবাহ' প্রথা সম্পর্কে বিভিন্ন আক্ষেপ মূলক কথা তাঁর লেখাতে পাওয়া যায়। "তখন আমার মনের ভাব কি বিষম হইয়াছিল! যখন দুর্গোৎসবে কি শ্যামাপূজায় পাঁঠা বলি দিতে লইয়া যায়, সে সময়ে সেই পাঁঠা যেমন প্রাণের আশা ত্যাগ করিয়া হতজ্ঞান হইয়া মা মা মা বলিয়া ডাকিতে থাকে, আমার মনের ভাবও তখন ঠিক সেই প্রকার হইয়াছিল। আমি আমার পরিবারগণকে না দেখিয়া, অত্যন্ত ব্যাকুল হইয়া মা মা বলিয়া কাঁদিতে লাগিলাম।"[১৯] বিয়ে হওয়াকে পূজাতে একটি পাঁঠাকে বলি দেওয়ার সঙ্গে তুলনা করেছেন। কারণ পূজাতে পাঁঠা বলি দেওয়ার সময় যেমন পাঁঠাটি নিরুপায়, এখানে রাসসুন্দরী দেবীর অবস্থাও তেমন। বাল্যবিবাহের ক্ষেত্রে বালিকার মতামতের কোন গুরুত্ব নেই, সে সমাজ ও পরিবারের চাপে সত্যিই অসহায়। আর এই অসহায়তা থেকেই বলির পাঁঠার মতো 'মা মা মা' করে কান্না। এখানে রাসসুন্দরী দেবী যে দুঃখ ও যন্ত্রণার কথা বলেছেন, তা সমাজে অন্য সকল নারীর কথা। তৎকালীন সমাজে বাল্যবিবাহই প্রচলিত ছিল এবং এই একইভাবে 'বিবাহ' কি তা জানার আগেই ছোট ছোট মেয়েদের বাবা, মা, আত্মীয়, বন্ধুদের ত্যাগ করে দূরদেশে পরিবার ও সমাজের ইচ্ছানুযায়ী চলে যেতে হতো।

বিয়ের পরবর্তী সময়ের কথা বলতে গিয়ে তিনি বলেছেন, "আমার মা আমাকে দেখিবার জন্য কত রোদন করিতেন এবং আমাকে লইয়া যাইবার জন্যই বা কত যত্ন করিতেন। আমি এখানে আসিয়া অব্ধি দায়মালী কারাগারে বন্দী হইয়াছি। এই সংসারের কাজ চলিবে না বলিয়া প্রাণান্তেও আমাকে পাঠানো হইত না। তবে যদি কোন ক্রিয়া উপলক্ষে আমার যাওয়া হইত, কিন্তু কয়েদী আসামীর মত দুই চারি দিন মধ্যে আমাকে ফিরিয়া আসিতে হইত"।[২০] এখানে দেখতে পাওয়া যায়, বিয়ের পর শ্বশুড়বাড়িতে থাকাকে 'কারাগারে বন্দী' বলে নিজেকে দাবী করেছেন।

রাসসুন্দরী দেবীর লেখাতে সব থেকে বেশি ক্ষোভ প্রকাশ পেয়েছে যেখানে শুধুমাত্র মেয়ে হয়ে জন্ম গ্রহণ করার জন্যই তিনি মায়ের মৃত্যুর সময় শেষবারের মতো একবার মায়ের সঙ্গে দেখাও করতে পারেন নি। এ সম্পর্কে তিনি বলেছেন, "আমি এমন অধমা পাপীয়সী, মায়ের মৃত্যুকালেও তাঁহাকে যন্ত্রণা দিয়াছি! আমি মাকে দেখিবার জন্য কত প্রকারে চেষ্টা পাইয়াছিলাম, কিন্তু আমার দুরদৃষ্ঠহেতু কোন ক্রমেই যাওয়া ঘটিয়া উঠে নাই। এটি কি আমার সাধারণ আক্ষেপের বিষয়! হা বিধাতঃ! তুমি কেনই বা আমাকে মানবকূলে সৃষ্টি করিয়াছিলে? পৃথিবী মধ্যে পশু পক্ষ্যাদি যে কিছু ইতর প্রাণী আছে, সর্বাপেক্ষা মনুষ্য জন্ম দুর্লভ বটে। সেই দুর্লভ জন্ম পাইয়াও আমি এমন মহা পাতকিনী হইয়াছি। আমার নারীকূলে কেন জন্ম হইয়াছিল? আমার জীবনে ধিক পৃথিবী মধ্যে মাতার তুল্য স্নেহময়ী আর কে আছে। মাতাকে পরমেশ্বরের প্রতিনিধি বলিলেও বলা যায়। এমন যে দুর্লভ বস্তু মা, এই মায়ের সেবা করিতে পারি নাই। আহা! আমার এ দুঃখ রাখিবার কি স্থান আছে? আমি যদি পুত্রসন্তান হইতাম, আর মার আসন্ন কালের সম্বাদ পাইতাম, তবে আমি যেখানে থাকিতাম, পাখীর মত উড়িয়া যাইতাম। কি করিব, আমি পিঞ্জর-বদ্ধ বিহঙ্গী।"[২১] এই সকল আক্ষেপ থেকেই তিনি বুঝিয়েছিলেন যে, এই সমাজে নারীরা কতটা বঞ্চিত, কতটা অধীন! বিয়ের পর খাঁচায় বন্দী পাখির মতোই নিজেকে মনে করতেন, খাঁচায় পাখি যেমন আস্তে আস্তে পোষ মেনে যায়, রাসসুন্দরী দেবীর অবস্থাও সেইরূপ হয়েছিল।

ঊনবিংশ শতকে বাংলার নারীদের কথা বলতে গিয়ে অবরোধ প্রথার কথা বলা হয়েছে। সেখানে দেখা যাচ্ছে যে, ঊনবিংশ শতকের ষাটের দশকে এই অবরোধ প্রথা উন্মোচনের জন্য কেশব চন্দ্র সেন, সত্যেন্দ্রনাথ ঠাকুর প্রমুখ ব্যক্তি এগিয়ে আসলেও তা কলকাতায় মধ্যেই সীমাবদ্ধ ছিল। কিন্তু ঊনবিংশ শতকে রামদিয়া গ্রামের এক গৃহবধূর চিন্তায় এই অবরোধ প্রথার প্রতি ক্ষোভ দেখতে পাওয়া যায়। রাসসুন্দরী দেবী এই প্রসঙ্গে বলেছেন, "বিশেষতঃ তখন মেয়েছেলের এই প্রকার নিয়ম ছিল, যে বৌ হইবে, সে হাতখানেক ঘোমটা দিয়া ঘরের মধ্যে কাজ করিবে, আর কাহারও সঙ্গে কথা কহিবে না, তাহা হইলেই বড় ভাল বৌ হইল। সেকালে এখনকার মত চিকণ কাপড় ছিল না, মোটা মোটা কাপড় ছিল। আমি সেই কাপড় পরিয়া বুক পর্য্যন্ত ঘোমটা দিয়া ঐ সকল কাজ করিতাম। আর যে সকল লোক ছিল, কাহারও সঙ্গেই কথা কহিতাম না। সে কাপড়ের মধ্য হইতে বাহিরে দৃষ্ট হইত না। যেন কলুর বলদের মত দুইটি চক্ষু ঢাকা থাকিত। আপনার পায়ের পাতা ভিন্ন অন্য কোন দিকে দৃষ্টি চলিত না। এই প্রকার সকল বিষয়ে বৌদিগের কর্ম্মের রীতি ছিল। আমি ঐ রীতিমতোই চলিতাম।"[২২] "কলুর বলদ" এটি একটি বাগধারা, পরাধীন অর্থে ব্যবহার হয়ে থাকে। এর অর্থ প্রাচীনকালে তৈলকারকে বলা হত 'কলু'। তিষি, তিল, সরিষা থেকে তেল বার করার জন্য বলদকে কাজে লাগানো হতো। এই সময় বলদের চোখে কাপড় বেঁধে দেওয়া হতো, যাতে তার নজর অন্য দিকে না যায় এবং তারপর তাকে ঘা মারা হতো আর সে বাঁধা অবস্থা নিরুপায় হয়ে ঘুরতে থাকতো। এতে ঘূর্ণনমান মেশিনের দ্বারা তেল উৎপন্ন হতো। এর থেকেই "কলুর বলদ" বাগধারাটির অর্থ করা হয়ে থাকে যে নিজের ভালমন্দ না বুঝে

শুধু মুখবুজে পরের নির্দেশ মতো খেটে মরে। সুতরাং রাসসুন্দরী দেবী তৎকালীন সমাজে নারীজাতির পরাধীনতা, দাস্যতার ছবি কলুর বলদের সঙ্গে তুলনা করেছেন। সুতপা ভট্টাচার্য বলেছেন, "কলুর বলদ আর কলুর সম্পর্কের সঙ্গেই তুলনীয় বলে মনে হয়েছিল তাঁর নিজের আর পরিবারের প্রভুর সম্পর্ক"।[২৩]

এরপর দেখা শিক্ষা থেকে বঞ্চনার আক্ষেপ। তিনি ৮ বছর বয়সে দেখেছেন গ্রামের ছেলেদের জন্য বাড়িতে স্কুল থাকা সত্ত্বেও শুধুমাত্র নারী বলেই স্কুলের সেই শিক্ষা গ্রহণের অধিকার থেকে বঞ্চিত হতেন। এই আক্ষেপ তাঁর মধ্যে তখন থেকে রয়ে গেছিল, তাই বিয়ের পর তিনি বলেছেন, "এইটি ভারী আক্ষেপের ছিল যে, মেয়েছেলে বলিয়া লিখিতে পড়িতে পাইতাম না।"[২৪] এ কি তাঁর একার কথা? ঊনবিংশ শতকে বাংলার নারী জাতির যে চিত্র দেখেছি তাতে দেখা গেছে যে এই সময় (১৮২২ সালে বিবাহ, তার পরবর্তী সময়ে) বাংলার নারীদের জীবনে সবেমাত্র শিক্ষা আলো প্রবেশ করতে আরম্ভ করেছে। এই আক্ষেপ থেকেই হয়তো তাঁর মনে, পড়তে শেখার ইচ্ছা গভীর ভাবে দানা বাঁধে। এই সময়ে একদিন স্বপ্নে দেখলেন 'চৈতন্যভাগবত' পাঠ করছেন। খুব অনন্দিত হয়ে উঠলেন। এ যেন ঈশ্বরের আদেশ। রাসসুন্দরী দেবীর শ্বশুর বাড়িতে প্রচুর বই ছিল। তিনি ঠিক করলেন 'চৈতন্যভাগবত' পড়বেন। কিন্তু তাঁর পক্ষে সে বই খুঁজে বের করা সম্ভব ছিল না। তাই দয়াময়ের কাছে প্রার্থনা চলতে থাকে। একদিন স্বামীর প্রয়োজনে হাতে পেলেন 'চৈতন্যভাগবত' গ্রন্থটি। অপরিসীম আনন্দে বইটি হাতে নিয়ে একটি পৃষ্ঠা লুকিয়ে রাখলেন রান্নাঘরে। অক্ষর চেনার সুবিধার্থে বড় ছেলের তালপাতায় লেখা একটি পৃষ্ঠাও লুকিয়ে রাখলেন। এ প্রসঙ্গে তিনি লিখেছেন—"আমি সেই পুস্তকের পাতাটি ও ঐ তালের পাতাটি লইয়া মনের অক্ষরের সঙ্গে মিলাইয়া দেখিতাম। আমি এই পরকার করিয়া সকল দিবস মনে মনে পড়িতাম। আমি অনেক দিবসে, অনেক পরিশ্রমে, অনেক যত্নে এবং অনেক কষ্ট করিয়া ঐ চৈতন্যভাগবত পুস্তকখানি গোঙ্গাইয়া পড়িতে শিখিলাম।"[২৫] এইভাবে অতি কষ্টে পরিবারকে অস্বীকার না করে, পরিবারে সকল কর্ম সম্পন্ন করে সবার অলক্ষ্যে তিনি পড়তে শিখেছিলেন। এ যেন এক নিঃশব্দে যুদ্ধ জয় জিতাক্ষর হওয়ার।

রাসসুন্দরী দেবী আত্মসত্তার বিকাশের জন্য, একজন পিঞ্জরে বদ্ধ নারীর মুক্তির জন্য তিনি ধর্মকে আঁকড়ে ধরেছিলেন। কারণ এটা নারীর সব থেকে Safe Zone। সমাজ বা পরিবার সব সময় চায় একজন আদর্শ গৃহিনী মানে তিনি ঘর গেরস্থের কাজ কর্ম ও স্বামী সন্তান পরিবারের সকলের সেবা কার্যে নিযুক্ত থাকবেন। আদর্শ গৃহিনী শুধু মাত্র ধর্মকর্মে ছাড় পায়। বিশেষ করে ঊনবিংশ শতকের নারী যেটুকু স্বাধীনতা পেতো তা এই ধর্মের ক্ষেত্রে। তাই ব্রত কথা, ধর্মগ্রন্থ পাঠ বা শোনার ক্ষেত্রে সমাজের বিরোধিতার সম্মুখীন হতে হতো না। সমাজ ধর্মকর্ম ও সংসারের কাজের বাইরে নারীর কোন অধিকার বা অবস্থানকে মেনে নিতো না। তাই রাসসুন্দরী দেবী ধর্মকেই আঁকড়ে ধরেছিলেন। শ্বশুর গৃহে মনের কথা বলার জন্য একমাত্র ছিলেন দয়ামাধব। শৈশবে ভয়কে জয় করতে তাঁর মা এই দয়মাধব মন্ত্র তাঁকে দিয়েছিলেন। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর ভূমিকাতে বলেছেন, "ইঁহার জননী ইঁহার ভয় নিবারণার্থ ইঁহাকে একটি অভয় মন্ত্র প্রদান করেন। সেই অবধি, সেই অভয় মন্ত্রটি অক্ষয় কবচরূপে তাঁহাকে সারাজীবন রক্ষা করিয়াছে।"[২৬] তাই দয়ামাধব তাঁর মায়ের আশীর্বাদ ও হারিয়ে যাওয়া পিতা হয়ে উঠেছিল। 'আমার জীবন' এ ধর্ম বলতে কিন্তু ব্রত কথা, আচার অনুষ্ঠানের বর্ণনামূলক চিত্র পাওয়া যায় না, ধর্ম এখানে যেন অত্যন্ত জীবন্ত। ধর্ম তাঁর কাছে শক্তি, ধর্ম তাঁর কাছে আশ্রয়, ধর্মই তাঁকে উত্তরণের পথ দেখিয়েছে, তাই ধর্মকে আশ্রয় করেই তাঁর জীবনযাপন। চৈতন্যভাগবত পড়ার জন্যই তাঁর পড়তে শেখা একথা ভুল, পড়তে শেখার ইচ্ছা তাঁর পূর্ব থেকেই ছিল। এই ইচ্ছা যখন ধর্মের সঙ্গে

যুক্ত হল অর্থাৎ চৈতন্যভাগবত পড়ার স্বপ্ন দেখলো তখন আরও শক্তি বা মনের জোর বাড়লো এবং অবশেষে কার্যটি সম্পন্ন হলো।

আত্মজীবনী রচনার উদ্দেশ্য :

বাংলা ভাষায় প্রথম প্রকাশিত আত্মজীবনী বলে খ্যাত 'আমার জীবন'। তাই পূর্বে আত্মজীবনীর অন্য কোন দৃষ্টান্ত দেখে অনুপ্রাণিত হবার কথা নয়। আর বাংলা ভাষা ছাড়া অন্য কোন ভাষা পড়া বা চর্চা তাঁর পক্ষে সম্ভব ছিল না, তাই এর পূর্বে ইংরেজি বা অন্য কোন ভাষাতে কোন আত্মজীবনী রচনা হয়ে থাকলেও তা রাসসুন্দরী দেবীর জানার বিষয় নয়। তবে হঠাৎ কেন, কি উদ্দেশ্যে রাসসুন্দরী দেবীর এই আত্মজীবনী রচনা? স্বামী, সন্তান, নিজের পরিবার ও নিজের কষ্টের কথা বলাই কি উদ্দেশ্য? "আমার জীবন" স্বামী স্ত্রীর সম্পর্কের বা শ্বশুড়বাড়ির মানুষজনদের বা পারিপার্শ্বিক পরিস্থিতি বা সন্তানদের কার্যকলাপ বর্ণনা নয়। তবে কি উদ্দেশ্যে এই আত্মজীবনী লেখা? কি বলতে চাইছে লেখিকা এখানে? এই প্রশ্নটি বারবার এসে পড়ে। দেখা যায় রাসসুন্দরী দেবী ১৮৬৪ সাল নাগাদ লিখতে শেখেন আর ১৮৬৯ বা ১৮৭০ সাল নাগাদই তিনি আত্মজীবনী লিখতে শুরু করেন। অর্থাৎ লিখতে শেখার পর অন্য কোন সাহিত্য রচনা নয়, বরং বলা যায়, লেখা শেখা কিছু বছরের মধ্যে আত্মজীবনী লেখা শুরু করেন। গোলাম মুরশিদ এই আত্মজীবনী লেখার উদ্দেশ্য সম্পর্কে বলেছেন, "মহিলাদের অবস্থা কেমন ছিল তা তুলে ধরার, অথবা তার মাধ্যমে মহিলাদের হীনাবস্থা সম্পর্কে সচেতন করে তোলার কোনো উদ্দেশ্য তাঁর ছিল না।"[২৭] তিনি আরও বলেছেন, "রাসসুন্দরী সংসারের এককোণে সসংকোচে জীবন যাপন করে গেছেন। কোন দৃষ্টান্ত স্থাপন করতে চাননি; অথবা কারো ওপর প্রভাবও বিস্তার করতে চাননি। নিতান্ত আপন প্রাণের টানে লিখেছিলেন তাঁর আত্মজীবনী।"[২৮] কিন্তু এই রকম দাবী কি নিশ্চিত রূপে করা যায়? আপন মনের টানে নিছক আত্মজীবনী রচনার ইচ্ছাতেই লিখে ফেললেন—একথা কি মেনে নেওয়া যায়! যার সামনে আত্মজীবনীর কোন দৃষ্টান্ত নেই, যিনি আগে বা পরে অন্য কোন সাহিত্য রচনা করেন নি তিনি কি শুধুমাত্র মনের টানে লিখতে পারেন আত্মজীবনী! বরং বলা যায় নারীজাতির প্রতি অবমাননা, বঞ্চনার বিরূদ্ধে নীরবে দাঁড়াবার জন্যই তিনি তৎকালীন সময়ে সমাজলঙ্ঘণকারী কাজ করেছিলেন। সাম্প্রতিককালের একটি গবেষণা পত্রে দেখা যায় যে, রাসসুন্দরীদেবী তৎকালীন সমাজে ৩টি সমাজলঙ্ঘণকারী কাজ করেছিলেন, "So there are three major "transgressions" that Rassundari Devi commits according to patriarchy : reading, writing and entering the public spere."[২৯] লেখা পড়া শেখার সঙ্গে সঙ্গে উনি আত্মজীবনী প্রকাশের যে কাজ করেছেন তাও এক সমাজ লঙ্ঘণকারী কাজ। কারণ যখন কোন লেখা প্রকাশিত হয়ে যাচ্ছে তখন সেটি আর ব্যক্তিগত স্তরে থাকে না। তা তখন সার্বজনীন স্তরে উপনীত হয়, যেখানে বিষয়টি উন্মুক্ত হয়ে যায় পর্যবেক্ষণ, গবেষণা ও বিভিন্ন প্রশ্নের জন্য।[vi] রাসসুন্দরী দেবীর এই সমাজলঙ্ঘণকারী কাজের কারণ তৎকালীন সমাজে বিভিন্ন অধিকার থেকে নারীর বঞ্চনা। সুতরাং রাসসুন্দরী দেবী "আমার জীবন" উনবিংশ শতকের এক নারীর উত্তরণের চিত্র। এখানে বলা হয়েছে অনেক কিছু, আবার না বলা অর্থাৎ অব্যক্ত থেকেও অনেক কথা বলা হয়েছে। এই বলা ও না-বলার মধ্যে দিয়ে এক নারীর উত্তরণের প্রকাশ ঘটেছে; যা আজকের নারীদের কাছেও দৃষ্টান্তস্বরূপ। রাসসুন্দরী দেবী 'আমার জীবন' নারীর বঞ্চনা ও অধিকার নিয়ে যে কথা বলে গেছেন তা সমাজের নারীর উত্তরণের কথা, এই উত্তরণের মধ্যে নারীবাদী দর্শনের প্রকাশ দেখতে পাওয়া যায়।

বর্তমান দিনে দেশে, বিদেশে মনের শক্তি নিয়ে অনেক গবেষণামূলক কাজ হচ্ছে।[vii] 'মনের শক্তি'কে এখন প্রায়

প্রত্যেক্যেই স্বীকার করে নিয়েছে। Dr Joseph Marfi ''The Power Of Your Subconscious'' গ্রন্থে বলেছেন, ''আপনার মন আপনার সবচেয়ে মূল্যবান সম্পদ। এটি সবসময়ই আপনার সঙ্গে আছে তবে এর অত্যাশ্চর্য শক্তির অধিকারী তখনই হতে পারবেন যখন এটিকে ব্যবহার করতে শিখবেন। আমরা দেখেছি মনের দুটি লেভেল বা মাত্রা রয়েছে—একটি হল চেতন বা বিচারবুদ্ধিসম্পন্ন লেভেল। অপরটি অবচেতন বা অবিচারবুদ্ধিসম্পন্ন লেভেল। আপনি আপনার চেতন মন নিয়ে চিন্তা করেন এবং আপনি যা ভাবতে অভ্যস্ত তা আপনার অবচেতন মনের কাছে পৌঁছে যায় এবং আপনার চিন্তার প্রকৃতি অনুযায়ী তা পরিবেশ তৈরি করে। এটি সৃষ্টিশীল মন। আপনি সুচিন্তা করলে ভালো কিছু আপনাকে অনুসরণ করবে; আপনি কুচিন্তা করলে খারাপ কিছু আপনার পিছু নেবে। এভাবেই আপনার মন কাজ করে।''[৩০] স্বামী বিবেকানন্দ মন ও মনের শক্তি নিয়ে অনেক কথা বলে গেছেন। ''সংযত ও সুনিয়ন্ত্রিত মন, আমাদিগকে রক্ষা করিবে, মুক্তিদান করিবে।''[৩১] ঊনবিংশ শতকে দাঁড়িয়ে রাসসুন্দরী দেবী এই মনের শক্তির উপরে নির্ভর করেছেন। সমাজে ও পরিবারে নারীর বঞ্চনার কথা, তাঁর মনের কথা সমাজের সামনে রাখার জন্যই 'আমার জীবন'এর সৃষ্টি। ফলত রাসসুন্দরী দেবী আত্মজীবনী রচনা নিছক প্রাণের টানে একথা বলা ঠিক নয়।

উপসংহার :

ঊনবিংশ শতকের বাংলার প্রত্যন্ত গ্রামের এক আদর্শ গৃহিনী রাসসুন্দরী দেবী রচিত আত্মজীবনী 'আমার জীবন'এ যে নারীবাদী চিন্তা দেখতে পাওয়া যায়, তার সঙ্গে বর্তমান দিনের কেরল গিলিগানের মতের বেশ কিছু সাযুজ্য দেখতে পাওয়া যায়। গিলিগান প্রখ্যাত মার্কিন মনস্তত্ত্ববিদ কোহলবার্গের মনোবিকাশ ও নৈতিকতার স্তরভেদ সম্বন্ধীয় তত্ত্বের বিরোধিতা করে নতুন একটি তত্ত্ব নির্মাণ করেছিলেন। গিলিগান কোহলবার্গের ব্যক্তির মনস্তাত্ত্বিক ও নৈতিক বিকাশ সম্বন্ধীয় তত্ত্বকে পক্ষপাতযুক্ত বলে আখ্যায়িত করেছেন। তিনি বলেছেন যে, নারীর স্বতন্ত্র ও নিজস্ব সত্ত্বাবোধ এবং নিজস্ব নৈতিকতাবোধ আছে।

কোহলবার্গ মানুষের নৈতিক বিকাশের ৩টি প্রধান স্তরের কথা বলেছেন—Preconventional বা প্রথাগত স্তর, Conventional বা প্রচলিত স্তর, Postconventional বা উত্তর প্রচলিত স্তর। নৈতিকতার প্রথাগত স্তরে ছেলেমেয়েরা পিতা-মাতা ও কর্তৃপক্ষের কাছ থেকে জানতে পারে কোনটি ভালো আর কোনটি মন্দ এবং তারা তা মেনে চলে শাস্তি এড়ানোর জন্য। ফলে এই স্তরে নৈতিক ভাবনা নিজের দিকে নিবদ্ধ থাকে—কর্তৃপক্ষকে অনুসরণ করা ও নিজেকে শাস্তি থেকে রক্ষা করার মধ্যে দিয়ে।

কৈশোরে উপনীত হলে তারা সংবদ্ধতা তৈরি করে ও পরিবার, বন্ধুবর্গ, ধর্ম ও জাতির অনুগত হয়। ফলশ্রুতিতে, এই প্রচলিত স্তরে নৈতিকতা গড়ে উঠে গোষ্ঠীর অন্যান্য সদস্যদের কাছে গ্রহণীয় হওয়াকে এবং তাদের রীতিগত নৈতিক মানদন্ড ও নিয়ম অনুসরণকে ভিত্তি করে।

নৈতিক বিকাশের সর্বোচ্চস্তরে অর্থাৎ উত্তর প্রচলিত স্তরে কল্যাণ, ন্যায় ও অধিকার সম্পর্কিত সর্বজনীন নীতির উপর নৈতিকতা প্রতিষ্ঠিত হয়।

কোহলবার্গ বলেন মানুষের এই আত্মকেন্দ্রিকতা থেকে ক্রমেই সার্বিক নীতি ভিত্তিক চিন্তার স্তরে উপনীত হবার ক্ষেত্রে ছেলেরা মেয়েদের চেয়ে অনেক এগিয়ে। ক্যারল গিলিগান তাঁর 'In a different voice' গ্রন্থে বলেছেন, ''Prominent among those who thus appear to be deficient in moral development when measured by Kohlberg's scale are women, whose judgements seem to exemplify the third

stage of his six stage sequence. At this stage morality is conceived in interpersonal terms and goodness is equated with helping and pleasing others. This conception of goodness is considered by Kohlberg and Kramer (1969) to be functional in the lives of mature women insofar as their lives take place in the home. Kohlberg and Kramer imply that only if women enter the traditional arena of male activity will they recognize the inadequacy of this moral perspective and progress like men toward higher stages where relationships are subordinated to rules (stage four) and rules to universal principles of justice (stages five and six).''[viii] [৩২] অর্থাৎ কোহলবার্গ এখানে যে মানদন্ড ব্যবহার করেছেন সেই অনুযায়ী নারীদের নৈতিক বিকাশে ঘাটতি দেখানো হয়েছে। গিলিগান এর বিরোধিতা করে বলেছেন, ''In (Kohlberg's) version of moral development, however, the conception of maturity is derived from the study of men's lives and reflects the importance of individuation in their development.''[৩৩] গিলিগান নারীদের জন্য নৈতিক বিকাশের নিজস্ব পর্যায় তত্ত্ব তৈরি করেছিলেন। প্রথাগত স্তরে (Preconventional stage) নারী নিজের প্রতি যত্নবান থাকে sal (Goal is individual survival); প্রচলিত স্তরে (Conventional stage) উপনীত হয়ে সে অন্যদের প্রতি যত্নবান হন (Self sacrifice is goodness); এবং সর্বোচ্চ স্তর অর্থাৎ উত্তর প্রচলিত স্তরে (Postconventional stage) সে নিজের ও অন্যদের প্রতি যত্নের ক্ষেত্রে একটি ভারসাম্য অর্জন করে (রাসসুন্দরী দেবীও তাঁর জীবনে তাই করেছিলেন)। তাঁর মতে নারী যে ভাবে নৈতিকতাকে দেখে তা পুরুষের দেখা থেকে ভিন্ন। নৈতিক সিদ্ধান্ত নেওয়ার সময় নারীরা ব্যক্তিগত সম্পর্ককে বড় করে দেখে, পুরুষরা দেখে থাকে পক্ষপাতমুক্ত বিধিনীতিকে। গিলিগান বারবার সম্পর্কের কথা বলেছেন, যত্নের কথা, দরদের কথা বলেছেন; তাই তাঁর নৈতিক মতাদর্শকে 'কেয়ার বেসড এথিক্স' বা 'দরদ ভিত্তিক নৈতিকতা' বলেছেন। ''গিলিগান বলেছেন আমরা 'সেলফ' বা ব্যক্তিক সত্তা বলতে যা বুঝি তা কোনো আধিভৌতিক মৌল নয়। ব্যক্তি সত্তা সৃজিত হয় নানান ঘাত প্রতিঘাতে। মানুষের সঙ্গে মানুষের সম্পর্ক মানুষের ব্যক্তিক সত্তা সৃজনের এক প্রধান উপাদান। এমন বলা যায় না যে ব্যক্তিক সত্তা ও ব্যক্তি বিলোপী সত্তা পরস্পর বিযুক্ত; বলতে হবে এই সত্তা পরস্পরের সঙ্গে যুক্ত অথচ এদের মধ্যে প্রভেদও আছে। যার ফলে একটা সম্পর্কের মধ্যে থেকেও একটা স্বর বা ভয়েস স্পষ্টতই শোনানো যেতে পারে''।[৩৪]

রাসসুন্দরী দেবীর আত্মজীবনীতেও এরূপ চিত্র পাওয়া যায়। তিনি পরিবার বা সম্পর্ক নিয়ে বেশি আলোকপাত করেন নি; একদম ঠিক। তবে তিনি কখনই পরিবারের বিরোধীতা, সমালোচনাও করেন নি। বরং স্বামীর প্রতি সম্মান[ix], শ্বাশুড়ীর প্রশংসা, ননদেরও প্রশংসা করতে দেখা যায়।[x] সন্তানদের নিয়েও তিনি বলেছেন ''বস্তুতঃ সন্তান হইতে মাতাপিতার যেমন নানা প্রকার যন্ত্রণা ভোগ করিতে হয়, মনুষ্যকে এত যন্ত্রণা আর কিছুতেই ভোগ করিতে হয় না। বস্তুতঃ পিতার অপেক্ষা এ বিষয়ে মাতার যন্ত্রণাই বেশী। কিন্তু জগদীশ্বর সদয় হইয়া এ বিষয়ে আমাকে কোন কষ্টই দেন নাই। আমার পুত্রকন্যায় যে কয়েকটি সন্তান হইয়াছিল, তাহারা সকলেই একমত হইয়াছিল। তাহারা সকলেই সুন্দর, সচ্চরিত্র, বিদ্বান, দাতা, দয়াবান, ধার্ম্মিক এবং কখনও গর্হিত কর্ম করিত না। উহাদের চরিত্র বিষয়ে আমাকে কোন কষ্ট পাইতে হয় না।''[৩৫] তাঁর সন্তানদের অনেকেই সুপ্রতিষ্ঠিত হয়েছিলেন, এমন কি তাঁর নাতি, নাতনিরাও খ্যাতি অর্জন করেছিলেন। তাঁর নাতনি সরলাবালা সরকারের রচনা থেকে জানা যায়, ''হাইকোর্টের উকিল কিশোরীলাল সরকার, যিনি 'ঠাকুর ল', লেকচারার ছিলেন এবং 'এ ডাইং রেস, হাউ ডাইং', 'হিন্দু সিস্টেম অব মরাল সায়েন্স', হিন্দু সিস্টেম অব রিলিজিয়াস সায়েন্স', হিন্দু সিস্টেম অব সেল্‌ফ কালচার' প্রভৃতি পুস্তক লিখিয়াছিলেন, তিনি তাঁহার এক পুত্র।

আর এক পুত্র রায়বাহাদুর দ্বারকানাথ সরকার কৃষ্ণনগরের ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ার ছিলেন। তাঁহার পৌত্রেরা সকলেই কৃতবিদ্য। সুপ্রসিদ্ধ মনস্তত্ত্ববিদ ডাক্তার সরসীলাল সরকার তাঁহার এক পৌত্র।"[৩৬] পরিবারে প্রতি তাঁর কোন অনুযোগ বা অভিযোগ ছিল না। সমাজে প্রচলিত রীতি-নীতির দ্বারা পরিচালিত হতো পরিবার সে কথা হয়তো তিনি অনুধাবন করতে পেরেছিলেন। তাই আত্মজীবনী 'আমার জীবন'এ পরিবারের সদস্যদের প্রতি অনুযোগ নয়, অভিযোগ নয়; বরং সমাজে প্রচলিত রীতিনীতি দ্বারা নারীরা বঞ্চিত, সেই চিত্রটিই তিনি তুলে ধরেছেন। তাঁর আত্মজীবনীতে দেখতে পাওয়া যায় যে, তিনি যেন মনে করেছিলেন কোন কাজ করতে গেলে পরিবারের মধ্যে থেকেই তাঁকে করতে হবে, পরিবার থেকে বেরিয়ে গিয়ে নয়। পরিবারের প্রত্যেকটি সদস্যদের প্রতি তাঁর ছিল যত্ন ও দরদের সম্পর্ক। পরিবারের প্রতি কাজে ছিল নিষ্ঠা। পরিবারের কোন সম্পর্ক থেকে নিষ্কাষিত হয়ে কোন পরিবর্তন নয়, বরং পরিবারের মধ্যে থেকেই পরিবর্তন আনতে হবে। "গিলিগানের মতে এই পার্থক্য সামাজিক কারণে হয়ে থাকে। সামাজিক ভূমিকা এমনভাবে নিরূপিত হয়েছে যে মেয়েরা সাহস পায় না 'এক্সিট' বা নিষ্ক্রমণের বিকল্প বেছে নিতে। তারা নানা সম্পর্কে সামাজিক কারণে সম্বন্ধ এবং পরবর্তীকালেও তারা মুক্তির পথ খোঁজে সম্বন্ধের ভেতরে থেকেই, সম্বন্ধকে বাতিল করে বেরিয়ে গিয়ে নয়।"[৩৭] একদম ঠিক, রাসসুন্দরী দেবীর লড়াই পরিবারের মধ্যে থেকেই। বিবাহের পর খাঁচায় বন্দী পাখি হিসাবে শ্বশুরবাড়িতে বসবাস করলেও, তিনি (এক্সিট করেন নি) বেরিয়ে যান নি। 'ভয়েস' এর বিকল্পটি যেন তিনি গ্রহণ করেছিলেন। তার ফলস্বরূপ পরিস্থিতি পরবর্তী সময়ে অনেকটাই নিজ অনুকূলে আসে। পরিবারের মধ্যে থেকে মুক্তির স্বাদ তিনি পেয়েছিলেন কি না, তা স্পষ্টরূপে না বলা গেলেও এ কথা বলাই যায় যে শেষের দিকে পরিবারের মধ্যে কর্তী হয়েছিলেন। কর্তৃরূপে তিনি স্বাধীনতা কিছুটা হলেও ভোগ করেছেন। তাই তো 'আত্মজীবনীর' রচনার কিছুদিনের মধ্যে তাঁর সপ্তম পুত্র কিশোরীলাল বই প্রকাশের ব্যবস্থা করেন। আবার দ্বিতীয় খন্ডটি কিশোরীলালের পুত্র সরসীলাল প্রকাশ করার ব্যবস্থা করেন। বাংলা ভাষাতে প্রথম 'আত্মজীবনী' প্রকাশ করার ক্ষেত্রে একজন গ্রাম্য সাধারণ নারী হিসাবে কোন বাধা আসে নি। এছাড়া রাসসুন্দরী দেবীর পরবর্তী প্রজন্ম দিকে তাকালে বোঝা যায় যে তিনি পরিবর্তনের এক স্রোত তাঁর পরিবারের মধ্যে অবশ্যই আনতে সক্ষম হয়েছিলেন আর এখানেই তাঁর 'আত্ম' হয়ে ওঠার চরম সার্থকতা।

i "১২১৬ সালে চৈত্র মাসে আমার জন্ম হয়" — "আমার জীবন", শ্রীমতি রাসসুন্দরী দেবী, পৃ ২

ii "চারি বৎসররের সময়ে আমার পিতার মৃত্যু হইয়াছে" "আমার জীবন", পৃ ৮

iii "ঐ বার বৎসরে আমার বিবাহ হয়"। আমার জীবন, পৃ ১৭

iv "১২৭৫ সালে ২৯ মাঘী শিবচতুর্দশির দিবসে, আড়াই প্রহর বেলার সময় কর্তাটির মৃত্যু হয়।" (আমার জীবন, পৃ ৬৯) ১২৭৫ সালের ২৯শে মাঘ = ১৮৬৯ খ্রীস্টাব্দের ১২ই ফেব্রুয়ারী

v "তখনও আমি গোপনে গোপনে কাঁদিতাম বটে, কিন্তু তাঁহাদের নিকট সকল দিন থাকিতে থাকিতে তাঁহাদের পোষা পাখী হইয়া তাঁহাদেরি শরণাগত হইলাম"। (আমার জীবন, পৃ ২৬)

vi ''Not only did she learn to read, but she also decided to record the events and details of her everyday domestic life in a book and got it published. She had the audacity to disclose her life in print. By doing this, she entered the public sphere which was strictly forbidden to upper class Hindu women. A published work no longer remains a private act of writing

but enters the public domain where it is open and available for perusal and interrogation by anyone.'' Hira Naaz, 'The Caged Bird Who Sang : The Life and Writing of Rassundari Devi.'

vii "মন নামক অন্তরিন্দ্রিয়টি সকল ইন্দ্রিয়ের নিয়ন্ত্রক"। (শর্মিষ্ঠা ঘোষ, প্রবন্ধ—মনই সমাজের মস্তিষ্ক, ইরাবতী, ১৭ই ফেব্রুয়ারী ২০২৩, https://irabotee.com/%E0%A6%AE%E0%A6%A8%E0%A7%87%E0%A6%B0/)

viii কোহলবার্গ যে ৩টি স্তরের কথা বলেছেন, প্রত্যেকটি স্তর আবার ২টি ভাগে বিভক্ত। প্রথম স্তর প্রথাগত স্তরে—Punishment and obedience বা Might makes right ও Instrumentalism বা look out for number one। প্রচলিত স্তরের প্রথমটি বা তৃতীয় পর্বটি হল Interpersonal relationships। চতুর্থ পর্বটি হল ''Maintainingsocial conventions or 'law and order' are brief but apt descriptions of the fourth stage. This sense of order becomes generalized beyond close others to society at lerge.'' ('Piaget, Kohlberg, Gilligan and others on Moral Development,' Copyright 2005, 2006, J.S.Fleming, PhD, p 9) পঞ্চম পর্ব (উত্তর প্রচলিত স্তরের প্রথম পর্ব) হল Social contract stage (''The understanding is that laws, rules and regulations are created for the mutual benefit of all citizens.'') এবং ষষ্ঠ পর্ব হল Universal ethical principle ("Right and wrong are not determined by rules and laws, but by individual reflection on what is proper behavior).

ix "তিনি অতি উত্তম লোক ছিলেন। তেমন একটি লোক বড় দেখা যায় না"। (আমার জীবন, পৃ ৮৯)

x "বাস্তবিক ননদে যে ভাইজকে এত স্নেহ করে , এ প্রকার কুত্রাপি দৃষ্ট হয় না"। (পৃ ৪৮)

তথ্যসূত্র :

১) রায়, রামমোহন। ১৯১৮। সহমরণ বিষয়ে প্রবর্তক নিবর্তকের দ্বিতীয় সংবাদ, রামমোহন গ্রন্থাবলী ২য় খন্ড, সম্পাদক ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, বঙ্গীয় সাহিত্য পরিষদ, পৃ ৪৬

২) গোলাম মুরশিদ। ১৯৯৩। রাসসুন্দরী থেকে রোকেয়া নারী প্রগতির একশো বছর, বাংলা একাডেমী, ঢাকা, পৃ ১০

৩) সরকার, সরলাবালা। ১৯৮৯। রচনা সংগ্রহ, প্রথম খন্ড, চিত্রা দেব সম্পাদিত, আনন্দ পার্বলিশার্স, পৃ ৭৩৭

৪) ভট্টাচার্য, সুতপা। ২০১৮। মেয়েদের স্মৃতিকথা, সিগরেট প্রেস, পৃ ২

৫) শ্রীমতি রাসসুন্দরী দেবী। ১৯৫৯। আমার জীবন, দে বুক স্টোর, কলিকাতা, পৃ ৬

৬) ঐ, পৃ ৬

৭) ঐ, পৃ ২০

৮) ঐ, পৃ ৩৪

৯) ঐ, পৃ ৪৫

১০) ঐ, পৃ ৬৫

১১) গোলাম মুরশিদ, ১৯৫৯। রাসসুন্দরী থেকে রোকেয়া : নারীপ্রগতির একশ বছর, বাংলা একাডেমী, ঢাকা, পৃ ৩৪

১২) রাসসুন্দরী দেবী, ১৯৫৯। আমার জীবন, দে বুক স্টোর, কলকাতা, পৃ ৯৬

১৩) সিংহ, ডঃ মঞ্জুশ্রী। ২০০০। ঊনবিংশ শতাব্দীর সাহিত্য ও সংস্কৃতিতে বঙ্গমহিলা, শাল্মলী পাবলিকেশন, পৃ ২০৯

১৪) চক্রবর্তী, সম্বুদ্ধ। ১৯৯৫। অন্দরে অন্তরে উনিশ শতকে বাঙালি ভদ্রমহিলা, স্ত্রী পাবলিকেশন, কলকাতা ২৬, পৃ ৪৬

১৫) রবীন্দ্ররচনাবলী, দশম খন্ড, ১৩৯৬, বিশ্বভারতী, কলিকাতা ১৭, পৃ ১৫০

১৬) শ্রীমতি কৈলাসবাসিনী দেবী, ১৭৮৫ শক। হিন্দু মহিলাগণের হীনাবস্থা, গুপ্ত যন্ত্রে মুদ্রিত, কলিকাতা, পৃ ৬
১৭) রাসসুন্দরী দেবী। ১৯৫৯। আমার জীবন, দে বুক স্টোর, কলকাতা, পৃ ২
১৮) ভট্টাচার্য, সুতপা। ২০১৮। মেয়েদের স্মৃতিকথা, সিগরেট প্রেস, পৃ ১০
১৯) রাসসুন্দরী দেবী। ১৯৫৯। আমার জীবন, দে বুক স্টোর, পৃ ২০
২০) রাসসুন্দরী দেবী, আমার জীবন, পৃ ৩৮
২১) ঐ, পৃ ৩৮
২২) ঐ, পৃ ২৯
২৩) ভট্টাচার্য, সুতপা। ২০১৮। মেয়েদের স্মৃতিকথা, সিগরেট প্রেস, পৃ ৯
২৪) রাসসুন্দরী দেবী, আমার জীবন, পৃ ৩৩
২৫) ঐ পৃ ৪৫
২৬) রাসসুন্দরী দেবী। ১৯৫৯। আমার জীবন, দে বুক স্টোর, ভূমিকা, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর।
২৭) গোলাম মুরশিদ। ১৯৯৩। রাসসুন্দরী থেকে রোকেয়া : নারী প্রগতির একশো বছর, বাংলা একাডেমী ঢাকা, পৃ ১৭
২৮) রাসসুন্দরী দেবী। ১৯৫৯। আমার জীবন, দে বুক স্টোর, কলকাতা, পৃ ৪৯
২৯) Hira Naaz, 2017. 'The Caged Bird Who Sang : The Life and Writing of Rassundari Devi', March, Feminism in India
৩০) ডঃ জোসেফ মারফি, দ্য পাওয়ার অব ইউর সাবকনশাস মাইন্ড, অনুবাদক অনীশ দাস অপু, ২০১৫, মুক্তদেশ প্রকাশন ঢাকা ১১০০, পৃ ৪৪
৩১) স্বামী বিবেকানন্দ বাণী ও রচনা, তৃতীয় খন্ড, ১৯৭৫, উদ্বোধন কার্যালয়, পৃ ৩৯৯
৩২) Carol Gilligan, 1993. In a different voice : psychological theory and women's development, Harvard University Press, p 18
৩৩) 1993. In a different Voice : psychological theory and women's development, Harvard University Press, p 18
৩৪) মৈত্র, শেফালী। ২০০৭। নৈতিকতা ও নারীবাদ, নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, পৃ ১৩৫
৩৫) রাসসুন্দরী দেবী, ১৯৫৯। আমার জীবন, দে বুক স্টোর, কলকাতা, পৃ ৫১
৩৬) সরকার, সরলাবালা। ১৯৮৯। রচনাসংগ্রহ ২য় খন্ড, চিত্রা দেব সম্পাদিত, আনন্দ পাবলিশার্স, পৃ ৬৩৩
৩৭) মৈত্র, শেফালী। ২০০৭। নৈতিকতা ও নারীবাদ, নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, পৃ ১৩৬

লেখক পরিচিতি

দর্শন বিভাগ
ফকির চাঁদ কলেজ
ইমেল : sharmibasu2010@gmail.com

লোকসাহিত্যের আলোকে পরিবেশ সচেতনতা : বাঁকুড়ার জেলার রানীবাঁধ ব্লকের একটি সমীক্ষা

শিল্পা বিশ্বাস

সারসংক্ষেপ :

বিশ্ব উষ্ণায়ন, পরিবেশ দূষণ, আবহাওয়ার বিরূপ আচরণ প্রভৃতি সমস্যার কারণের মূল কেন্দ্রবিন্দুতে আছে মানুষ এবং তার কার্যকলাপ। যার কারণে পৃথিবী ক্রমাগত দূষিত নরকে পরিণত হচ্ছে। বিজ্ঞান ও প্রযুক্তির জোয়ারে পরিবেশ যে সঙ্কটের সম্মুখীন হয়েছে তা থেকে পরিত্রানের উপায় হতে পারে ঐতিহ্যবাদী সংস্কৃতি চর্চা। নগরায়ন, বিশ্বায়নের ফলে যে আশঙ্কাজনিত পরিবেশের সৃষ্টি হয়েছে তা থেকে মুক্তির উপায় হিসাবে অবলম্বন করতে হবে নিজস্ব সংস্কৃতির স্বরূপ সন্ধান এবং সংস্কৃতি চর্চা হয়েছে। আমাদের সংস্কৃতির বীজ যেখানে নিহিত আছে সেই লোক সমাজেও এই পরিবেশ ভাবনার বিষয়টি যে প্রসারিত হয়েছে তা বলা বাহুল্য, আমরা তা উপলব্ধি করতে পারি বিভিন্ন লোকসাহিত্যের মধ্যে। বর্তমান প্রবন্ধটিতে লোকসাহিত্যের আলোকে কিভাবে পরিবেশ সচেতনতা ফুটে উঠেছে তার বিভিন্ন নিদর্শন পাওয়া যায় বাঁকুড়া জেলার রানীবাঁধ ব্লকের বিভিন্ন মৌখিক ছড়া, ধাঁধা, প্রবাদ ও লোকছড়ার মাধ্যমে।

মূলশব্দ : বিশ্ব উষ্ণায়ন, পরিবেশ দূষণ, নগরায়ণ, ঐতিহ্যবাদী সংস্কৃতি চর্চা, লোকসাহিত্যের আলোকে পরিবেশ সচেতনতা।

প্রাককথন :

অর্থনৈতিক অগ্রগতি, নগরায়ন, শিল্পায়নের কারণে পরিবেশ প্রতিনিয়ত ধ্বংসের দিকে ধাবিত হচ্ছে। সময়ের সাথে তাল মিলিয়ে মানুষের চাহিদা, প্রয়োজনও বদলাচ্ছে। জনসংখ্যার ক্রমাগত বৃদ্ধি পরিবেশের ওপর চাপ সৃষ্টি করছে। মানুষ নিজের চাহিদা নিবারণের তাগিদে প্রতিনিয়ত প্রকৃতিকে পরিবর্তিত ও পরিমার্জিত করে প্রকৃতির ওপর আধিপত্য বিস্তার করেছে। যার বিরূপ প্রভাব পড়েছে পরিবেশের ওপর। অসাবধানতা, অসহিষ্ণুতা পরিবেশকে ক্রমাগত ধ্বংসের পথে ত্বরান্বিত করছে। মাত্রারিক্ত কার্বন-ডাই-অক্সাইড নিঃসরণ পরিবেশকে মানুষ ও প্রাণীর বসবাসের অযোগ্য করে তুলছে। বিশ্ব উষ্ণায়ন, পরিবেশ দূষণ, আবহাওয়ার বিরূপ আচরণ প্রভৃতি সমস্যার কারণের মূল কেন্দ্রবিন্দুতে আছে মানুষ এবং তার কার্যকলাপ। যার কারণে পৃথিবী ক্রমাগত দূষিত নরকে পরিণত হচ্ছে। শিল্প বিপ্লবের দরুণ মানুষের চাহিদার ব্যপক পরিবর্তন হয়েছে। চাহিদা বৃদ্ধির সাথে সাথে উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে বৃক্ষছেদনের এবং পরিবেশ দূষণের মাত্রা। এই দূষণ একদিকে যেমন মানব সমাজের ক্ষতির কারণ তেমনই এর কবল থেকে মুক্তি পায়নি বিভিন্ন জীবকুল। বৃক্ষ নিধনের দরুণ বাসস্থান হারাচ্ছে বিভিন্ন প্রাণী। জল দূষণের কারণে বিপন্নতার সম্মুখীন হয়েছে বিভিন্ন জলজপ্রাণী। পরিবেশ সংরক্ষণের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি এমতাবস্থায় অতি প্রয়োজনীয় হয়ে উঠেছে তা নাহলে খুব শীঘ্রই সম্পূর্ণ প্রাণীকুল অস্তিত্ব সঙ্কটের

বিদ্যমান। এই চরম সঙ্কট থেকে মুক্তির উপায় আমাদেরই খুঁজে বের করতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার করতে হবে পরিবেশের সামঞ্জস্যতা বজায় রেখে। বর্তমান পৃথিবীতে এই পরিবেশকে টিকিয়ে রাখা বা পরিবেশের প্রতি সচেতনতা বৃদ্ধির কথা সম্প্রচারিত হচ্ছে চারিদিকে। কারণ মানব সভ্যতার বিধ্বংসী রূপ আজ আমাদের পরিবেশের ওপর থাবা বসিয়েছে। আমরা যদি সচেতন না হই তবে এই পরিবেশকে টিকিয়ে রাখা আর হয়ত সম্ভব হবেনা। এর ফলে একদিন এই পৃথিবী ধ্বংসের মুখোমুখি হবে এবং তার ফলে এই পৃথিবীতে জীবের আর কোন অস্তিত্ব থাকবে না। তাই আমাদের উচিৎ পরিবেশকে রক্ষা করা। বর্তমানে পরিবেশ সচেতনতার ব্যাপক প্রসার চারিদিকে পরিলক্ষিত হয়। লোকসমাজও এর আওতা থেকে বাদ পড়েনি। কারণ এই লোকসমাজের মধ্যেই আমাদের সংস্কৃতির বীজ নিহিত আছে। বিজ্ঞান ও প্রযুক্তির জোয়ারে পরিবেশ যে সঙ্কটের সম্মুখীন হয়েছে তা থেকে পরিত্রানের উপায় হতে পারে ঐতিহ্যবাদী সংস্কৃতি চর্চা। নগরায়ন, বিশ্বায়নের ফলে যে আশঙ্কাজনিত পরিবেশের সৃষ্টি হয়েছে তা থেকে মুক্তির উপায় হিসাবে অবলম্বন করতে হবে নিজস্ব সংস্কৃতির স্বরূপ সন্ধান এবং সংস্কৃতি চর্চা। লোকসাহিত্য লোকসংস্কৃতির একটি বিশেষ অংশ। লোকসাহিত্যে যেমন লৌকিকজীবন তথা সমাজজীবনের চিত্র ফুটে ওঠে তেমনি পরিবেশ সচেনতামূলক নিদর্শন নানাভাব ফুটে উঠেছে। প্রাচীনকাল থেকেই পরিবেশগত জ্ঞান এবং জীবপরিবেশগত সংরক্ষণের সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে লোকসংস্কৃতির ভূমিকা অনস্বীকার্য। লোকসাহিত্যের সাথে জীবপরিবেশগত ঐতিহ্যমূলক জ্ঞানের এক অবিচ্ছেদ্দ সম্পর্ক বিদ্যমান। জীবপরিবেশগত জ্ঞান বলতে বোঝায় প্রকৃতির এক জীবসত্তার সাথে অন্য জীবসত্তার সম্পর্কজনিত জ্ঞান। লোকসাহিত্যে নানাভাবে ফুটে ওঠা পরিবেশ সচেতনতা পরিবেশ সংরক্ষণে এক ইতিবাচক ভূমিকা পালন করে। লোকসাহিত্য মানবসমাজকে পরিবেশের সান্নিধ্যে আসার, পরিবেশকে আরো ভালো করে জানার সুযোগ করে দেয়। লোককাহিনীগুলিতে পরিবেশমূলক মূল্যবোধ পরিস্ফুটিত হয়। লোকসাহিত্য দীর্ঘকাল ধরে সমাজ সচেতনতার সাক্ষর বহন করে চলেছে যার উদাহরণ নানা সময় পাওয়া যায়। যেমন কৃষিকাজ, কৃষিব্যবস্থাপনার এক উল্লেখযোগ্য নিদর্শন পাওয়া যায় নিম্নলিখিত খনার বচনে—

"রুয়ে কলা না কেটো পাত
তাতেই কাপড়, তাতেই ভাত।"

লোককাহিনী বা লোকসাহিত্য শিশু মননে মূল্যবোধ জাগ্রত করার বিষয়ে এবং সামাজিক, মনস্তাত্ত্বিক নৈতিকতা জাগরণে এক অনন্য ভূমিকা গ্রহণ করেছে। এই গবেষণামূলক প্রবন্ধটিতে বাঁকুড়ার লোকসাহিত্যে পরিবেশ ভাবনার নানান দিক তুলে ধরা হয়েছে।

যেকোনো গবেষণাকর্ম কিছু উদ্দেশ্যকে সামনে রেখে সাধিত হয়। সেই উদ্দেশ্যগুলোকে সামনে রেখে গবেষনার মূল কেন্দ্রবিন্দুতে উপনীত হওয়া সম্ভব। এই গবেষণা কর্মটির উদ্দেশ্যগুলি পর্যায়ক্রমে নিম্নরূপ :

- প্রথমত : বাঁকুড়ার লোকসাহিত্যে পরিবেশ ভাবনা কিভাবে পরিস্ফুটিত হয়েছে তা তুলে ধরা।
- দ্বিতীয়ত : লোকসাহিত্যে পরিবেশ ভাবনা সম্পর্কিত তথ্য বিশ্লেষণ করা।
- তৃতীয়ত : এই লোকসাহিত্যের মধ্য দিয়ে সমাজের মানুষকে পরিবেশ সম্পর্কে সচেতন করে তোলা।

অনুসৃত পদ্ধতি :

এই গবেষণা কর্মটিকে সম্পূর্ণ করতে কতগুলি পদ্ধতি অনুসরণ করা হয়েছে। পদ্ধতিগুলি নিম্নরূপ :

কোন স্থানে গবেষণা কর্মটি সম্পাদিত হবে তার জন্য গবেষণা কর্মের পূর্বে অঞ্চল নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। বর্তমান গবেষণাটি ভারতের পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার রানিবাঁধ ব্লকে সম্পাদিত হয়েছে। এটি বাঁকুড়া টাউনের দক্ষিণে প্রায় ৬০ কিলোমিটার দূরে এবং খাত্রার সাব-ডিভিশনাল হেড কোয়ার্টার্স থেকে ১৫ কিলোমিটার দূরে অবস্থিত। প্রাথমিক তথ্য সংগ্রহ করা হয়েছে নিবিড় ফিল্ডওয়ার্কের মাধ্যমে। তথ্য সংগ্রহের জন্য আদর্শ নৃতাত্ত্বিক ক্ষেত্র অনুসন্ধান পদ্ধতিগুলি যেমন প্রশ্নাবলীর পদ্ধতি, সাক্ষাতকার পদ্ধতি, কেস স্টাডি পদ্ধতি, পর্যবেক্ষণ পদ্ধতি, ফটোগ্রাফিক ডকুমেন্টেশনের সাথে সরাসরি কথোপকথন পদ্ধতি গ্রহণ করা হয়েছে। তথ্য গ্রহণের ক্ষেত্রে পারপাসিভ স্যামপ্লিং পদ্ধতি গ্রহণ করা হয়েছে। গবেষণা কর্মের উপযোগী গৌণ তথ্য গ্রহণ করা হয়েছে বিভিন্ন প্রকাশিত-অপ্রকাশিত গ্রন্থ, পত্র-পত্রিকা, ইন্টারনেট থেকে।

অনুশীলন অঞ্চলের পরিচয় :

পশ্চিমবঙ্গের দক্ষিণে পশ্চিমাঞ্চলের সুপ্রাচীন ও ঐতিহ্যমণ্ডিত জেলা বাঁকুড়া। জেলাটি উত্তর-পশ্চিমে চূড়ান্তভাবে প্রসারিত এবং আকৃতিগত দিক থেকে দ্বিসমত্রিভুজের মতো (চিত্র ১)। উপজাতি জনগোষ্ঠীর একটি বিরাট অংশ নিয়ে গঠিত এই জেলা অসংখ্য অর্থনৈতিক সম্পদে সমৃদ্ধ। এই জেলা যে শুধুমাত্র ভারতীয় শিল্পকলাতেই তার অবদান রেখেছে তা নয় বরং প্রাগৈতিহাসিক ও ঐতিহাসিক সাংস্কৃতিক উপাদানের ক্ষেত্রেও এই জেলা এক গুরুত্বপূর্ণ স্থান দখল করে। সমগ্র জেলাটি কেবলমাত্র অবিশ্বাস্য মধ্যযুগীয় পোড়া মাটির মন্দির এবং তার গৌরবময় অতীতের জন্যই নয়, অন্যান্য সাংস্কৃতিক ঐতিহ্য যথা টেরাকোটা শিল্প, বালুচরী শাড়ি, বিষ্ণুপুর সংগীত ঘরানা, দশাবতার ও নকশা তাস, শঙ্খশিল্প, ধাতুশিল্প ইত্যাদির জন্যও জগৎ বিখ্যাত (Bain, 2016)।


জেলার পার্থিব বিভাগটি (terrestrial section) ৬৬৮০ বর্গকিলোমিটার যা রাজ্যের পুরো স্থলভাগের ১০% রচনা করে। অঞ্চলটি হুগলি, বর্ধমান, পুরুলিয়া এবং মেদিনীপুর জেলাগুলির দ্বারা বেষ্টিত। ২০১১ সালের আদম শুমারি অনুসারে জেলার পুরো জনসংখ্যা ছিল ৩.৬ মিলিয়ন (জেলা শুমারী হ্যান্ডবুক, বাঁকুড়া, এবং ভারতের আদমশুমারি, ২০১১)। বাঁকুড়া জেলা তিনটি মহকুমা নিয়ে গঠিত, বিশেষত বাঁকুড়া সদর, বিষ্ণুপুর এবং খাত্রা। এখানে বাইশটি সি.ডি ব্লক (কমিউনিটি ডেভলপমেন্ট ব্লক), তিনটি পৌরসভায় যেমন : বাঁকুড়া, এবং সোনামুখী, বিষ্ণুপুর এবং একশ নব্বইটি গ্রাম পঞ্চায়েত রয়েছে। ছোট নাগপুর মালভূমি এবং নিম্ন গাঙ্গেয় ব-দ্বীপের পলল সমভূমির মধ্যে মধ্যবর্তী অংশের সাথে জেলাটি বিস্তৃত রয়েছে।



(চিত্র ১ : গবেষণা ক্ষেত্রের স্থানিক ম্যাপ)


ফিসিওগ্রাফিক প্রপারটিস অনুসারে এই জেলাকে তিনটি স্বতন্ত্র প্রাকৃতিক শ্রেণিতে শ্রেণিবদ্ধ করা যেতে পারে। পশ্চিমে পার্বত্য অঞ্চল, মধ্যবর্তী অঞ্চলে অনুন্নত প্রসারিত এবং পূর্ব দিকের উর্বর নিম্নভূমি এই তিনটি প্রধান অংশ। এই অঞ্চলটি পূর্বের বিশাল পলল সমভূমি এবং পশ্চিমে ছোটনাগপুর মালভূমির বেয়ার স্পোরের সামগ্রিক দিকগুলিতে

প্রসারিত। এই অঞ্চলের সামগ্রিক উচ্চতা এমএসএল (MSL) থেকে ২০ থেকে ২০০ মিটার (সমুদ্রের স্তর) পর্যন্ত প্রসারিত। অঞ্চলটির ঢাল পরিলক্ষিত করলে দেখা যায় যে পশ্চিম থেকে পূর্বের দিকে ক্রমশ ঢালু হয়েছে (চিত্র ২)।



(চিত্র ২: বাঁকুড়া জেলার ডিজিটাল এলেভিশন ও রিলিফ ম্যাপ)

জেলার দক্ষিণ-পশ্চিম অংশটি বেশিরভাগ ক্ষেত্রে ছোট ঝোপ বা বন দ্বারা গঠিত জেলার ঢালু স্থান ছোট নাগপুর মালভূমির বাইরের অংশর সমন্বয়ে গঠিত। এই অঞ্চলের বনাঞ্চল (চিত্র ৩)। ১৪৮১.৭৭ বর্গ কিমি (পুরো ভৌগলিক অঞ্চলের ২১.৫) নিয়ে গঠিত। বিভিন্ন ধরণের গাছ, গুল্ম এবং লতা বাঁকুড়া অঞ্চলে অনন্য। বিহারিনাথ, শুশুনিয়া পাহাড়, রানিবাঁধ, খাতরা, সোনামুখী ইত্যাদির অবিচ্ছিন্ন বনাঞ্চল এই জেলাকে প্রাকৃতিক দিক থেকে এক অনন্য মর্যাদা প্রদান করেছে।



(চিত্র ৩: বাঁকুড়া জেলার ভেজিটেশন ম্যাপ)

লোকসাহিত্য :

লোকসাহিত্য হল সংহত সমাজের সামগ্রিক প্রচেষ্টার পরিণতি। এক্ষেত্রে কোন একক দাবী প্রাধান্যের বদলে সামগ্রিক দাবী প্রাধান্য লাভ করে। লোকসাহিত্য হল অনুভূতি, চিন্তাভাবনা, আবেগ, নাচের আনন্দময় স্মৃতি, শিকার এবং হতাশা, শস্যের ব্যর্থতা, ব্যথা, হতাশার সাথে সংযুক্ত দুঃখের মুহূর্তগুলির একটি শৈল্পিক উপস্থাপনা। তবে এটি কোনও লিখিত আকারে পাওয়া যায় না; পরিবর্তে, মৌখিক ভাষায় পরিচয় পাওয়া যায়। কিছু কিছু কিংবদন্তি, পৌরাণিক কাহিনী, ছড়া, ধাঁধা কিছু ভাষার লিখিত আকারে লিপিবদ্ধ রয়েছে যেমন ওলচিকি, ওড়িয়া, এবং কিছু ইংরেজি ভাষায়। লোকসাহিত্য যে সমাজের সৃষ্টি, তা আদিম সমাজ নয় বরং প্রান্তিক সমাজের সৃষ্টি। কারণ তাদের মধ্যে স্বকীয় বৈশিষ্ট্য থাকলেও তা বিচিত্র সাংস্কৃতিক উপকরণে সমৃদ্ধ। বিষয়বস্তুর দিক থেকে দেখলে দেখা যায় যে, পৃথিবীর সৃষ্টিতত্ত্ব

থেকে শুরু করে দেবদেবী, নদী-নালা, গাছ-পালা, পাহাড়-পর্বত, জীব-জন্তু, পশু-পাখি এমনকি নিত্য প্রয়োজনীয় ব্যবহারিক জিনিসপত্রকে কেন্দ্র করেও তাদের কোন না কোন কথা ও কাহিনী প্রচলিত। আদিবাসীরা প্রকৃতির সমস্ত বস্তু এমনকি নিষ্প্রাণ পাথরের মধ্যেও প্রাণ রয়েছে বলে বিশ্বাস করে।

লোকসাহিত্য বিভিন্ন ধরণের যেমন—

- লোককাহিনী
- লোকপুরাণ
- ছড়া
- কিংবদন্তি
- ধাঁধা
- প্রবাদ

এই উপরের প্রকারগুলি গতানুগতিক বা কাব্য উভয় রূপেই পাওয়া যায়। লোককাহিনী, পৌরাণিক কাহিনী, কিংবদন্তি প্রসঙ্গ ক্রমে গল্পের শৈলীতে রয়েছে এবং প্রবাদ বাক্যগুলি লোক কবিতার ধরণে পাওয়া যায়।

লোকসাহিত্যের বিভিন্ন এই ধারাগুলিতে নানা সময়ে নানাভাবে পরিবেশ সচেতনতার চিত্র পরিস্ফুটিত হয়েছে যা নিম্নে আলোচনা করা হল :

লোককাহিনী :

লোককাহিনী লোকসাহিত্যের একটি প্রয়োজনীয় উপাদান। লোককাহিনীর স্বতন্ত্র বৈশিষ্ট্য রয়েছে। গল্পগুলি সুদূর অতীতে তাদের উৎসগুলিকে একত্রিত করে এবং অন্তর্নিহিত অনুভূতি এবং আবেগকে চিত্রিত করে। লোককাহিনীগুলি বাস্তবতা এবং মায়াময় মিশ্রণ নিয়ে গঠিত যাকে দুটি বিভাগে বিভক্ত করা যায় :

- গল্পগুলির কোনও কাব্যিক উপাদান নেই।
- গল্পগুলিতে আয়াত বা বাণী আকারে কাব্যিক দিক রয়েছে।

পৌরাণিক কাহিনীতে আধ্যাত্মিক প্রাণী এবং কল্পিত চরিত্র বা জিনিসগুলি সম্পর্কিত কোনও জাতিগত সম্প্রদায়ের বিশ্বাসের ক্ষেত্র রয়েছে। লোকসাহিত্যে নানা কাহিনী বৃক্ষ, পশু-পাখী বিষয়ক কাহিনী বর্ণিত আছে। এটি পৌরাণিক কাহিনী ও কিংবদন্তি থেকে পৃথক, যদিও এগুলি গল্পের একটি অংশ যেমন প্লট, ঘটনা, চূড়ান্ত চরিত্রের বিবর্তনকে বহন করে।

যেমন : দুবরাজ ও পাখালবতি কন্যা, এক সত্যদ্রস্টা ব্রাহ্মণের গল্প, কুষ্ঠ স্বামী, আঁটকুড়ে রাজার গল্প ইত্যাদি। এই গল্পগুলিতে বিভিন্ন অলৌকিক জন্মের কাহিনী বর্ণিত রয়েছে যেখানে দেখা যায় অলৌকিক ক্ষমতাবলে মানুষ তার দেহের রূপ পরিবর্তন করে কখনও কোন গাছের রূপ, ফুল-ফলের রূপ আবার কোথাও পশুর রূপ ধারণ করেছে।

লোকসাহিত্যে সর্বাপেক্ষা জনপ্রিয় শাখা হল লোককথা যা আজও সমাজ-জীবনকে প্রভাবিত করে বেঁচে আছে। লোককথা লোকপুরাণ থেকে মুক্তিলাভ করে স্বতন্ত্র শাখায় পরিণত হয়েছে। উভয়েই মৌখিক, তবে লোকপুরাণ মূলত দৈবনির্ভর অলৌকিক জগত। লোকপুরাণে পশুপাখি দেবত্বের আসন লাভ করেছিল। তাদের হত্যা নিষিদ্ধ ছিল। পরবর্তীকালে লোকসাহিত্যে এই পশু-পাখি দেবত্ব ত্যাগ করে আরো নিকট আত্মীয়ে পরিণত হয়েছে। তাই সে কখনও

স্ত্রী-স্বামী, পিতা, কখনও বা সন্তান, চিকিৎসক, পথ প্রদর্শক, পরামর্শদাতা, পালক, ধাত্রী, প্রেমিক, প্রবঞ্চকও বটে। এরা প্রত্যেকেই পশুরুপী মানবীয় চরিত্র। পৃথিবীর বিভিন্ন লোককথায় এমন অনেক নিদর্শন পাওয়া যায় যেখানে পশু মানুষের পরম বন্ধু হিসাবে উপস্থাপিত হয়েছে। কিন্তু তার উপদেশকে অমান্য করলেই বিপদে পড়তে হয়েছে নায়ক-নায়িকাকে। লোককথায় পশু বিবাহ একটি বিশিষ্ট উপাদান। পৃথিবীর সমস্ত সাংস্কৃতিক বলয়েই এই বিবাহ পাওয়া যায়। এই ধরণের বৈবাহিক সম্পর্ক গড়ে ওঠার কারণ পশুকথা (Animal tale) বা গাছ সম্পর্কিত বিশ্বাসের মধ্যেই নিহিত রয়েছে। পশু এখানে একেবারেই নিকট সদস্য। এই পশু বিবাহে পশু স্বামীও হতে পারে, স্ত্রীও হতে পারে অথবা সন্তানও পশু হতে পারে। কারোর অভিশাপ বা জাদুক্রিয়ার প্রভাবে সে পশুতে রূপান্তরিত হয়। পশুর ন্যায় গাছও লোককথায় বিশেষ স্থান পেয়েছে। কারণ, বাংলায় বিশেষ করে গাছের শিকড়, কলা বা বিশেষ কোন ফল খেয়ে রানীরা সন্তানসম্ভবা হয়েছে। আবার দুই সতিনের মধ্যে দুয়োরানী কূটকৌশল করে সুয়োরানীর মাথায় শিকড় বেঁধে দেওয়ায় সুয়োরানী পাখী হয়ে উড়ে গিয়েছে। মানব শিশুকে মাটিতে পুঁতে ফেলায় সেখানে একটি গাছ জন্মায় যে গাছের প্রতিটি ফুল হল ভাইবোন, সাত ভাই ও এক বোন। গাছের ক্ষেত্রে যাদু বিশ্বাসই কার্যকরী হয়েছে বেশি। লোককথায় পশুজগত চারিত্রিক ভিন্নতায় মানব সমাজের নিখুঁত ইতিহাস আজও রচনা করে চলেছে। নিম্নে এরূপ কিছু লোককথা আলোচিত হল যেখানে মানুষ ও পশ-পাখি, গাছপালার এক অপূর্ব মিলবন্ধন পরিলক্ষিত হয়।

১. সাবাই গাছের জন্মকথা : এক গ্রামে সাত ভাই ও এক বোন বসবাস করত। ভাইরা মনস্থির করল তারা একটি পুকুর কাটবে। ভাইরা পুকুর কাটে আর বোন ভাইদের জন্য খাবার এবং জল নিয়ে এসে ভাইদের খাওয়ায়। বহুদিন মাটি কাটার পরেও, অক্লান্ত পরিশ্রম করেও পুকুরে জল আর ওঠে না। তারা এক যোগীর কাছে এই সমস্যা নিবারণের উপায় জানতে চাইলে যোগী জানায় যে তারা তাদের বোনকে এই পুকুরে বিসর্জন দিলে তবেই জল উঠবে। তারা এই উপদেশ শুনে চমকে উঠলেও তাদের স্বার্থসিদ্ধির জন্য শেষে বাধ্য হয়ে তাদের বোনকে বিসর্জন দেওয়ার মনস্থির করে বিসর্জন দিয়ে দেয়। এদিকে বোনের বিয়ের দিন এগিয়ে আসে। কিন্তু তারা বোনের মৃত্যুর ব্যাপারে তাদের মা-কে খবর জানায় না। বিয়ের দিন পাত্র বিয়ে করতে এসে পাত্রী না থাকায় পাত্র অশান্তি করে চলে যাওয়ার সময় পুকুরে সুন্দর একটি ফুল দেখে তুলে আনতে বলে তার বেহারাদের। তারা ধরতে গেলেই ফুলটি দূরে সরে যায়। শেষে পাত্র গেলে ফুল নিজে ধরা দেয়। পাত্র সম্পূর্ণ গাছ সমেত তুলে এনে পালকিতে রাখে। কিছুক্ষন পর বরযাত্রীরা দেখে এক অপরূপ সুন্দরী বউ পালকিতে বসে আছে। বোন শ্বশুর বাড়ি চলে যাওয়ার পর ভাইদের অর্থনৈতিক অবস্থার অবনতি দেখা যায়। অভাবের মধ্য দিয়ে জীবন-যাপন করতে শুরু করে। অভাবের তাড়নায় তারা শালপাতার থালা বানিয়ে সেগুলি বিক্রি করে জীবিকা নির্বাহ করে। একদিন থালা বিক্রি করতে করতে বোনের বাড়ির কাছে চলে যায়। বোন তাদের দেখে চিনতে পারে এবং ভাইদের দুর্দশা দেখে কাঁদতে থাকে। বোন তাদের কাছে জানতে চায় তাকে বিসর্জন দেওয়ার কারণ। এই প্রশ্ন করার সাথে সাথে মাটি ফাঁক হয়ে যায় এবং তারা একে একে ফাটলে ঢুকে যেতে থাকে। এক এক করে ৫ ভাই ফাটলে ঢুকে যেতে থাকে। কোনক্রমে ছোটভাইয়ের চুল ধরেও আটকাতে পারেনা। কিছু চুল ছিঁড়ে আসে তার মুঠিতে। ছোট ভাইয়ের স্মৃতি, হাতের মুঠোয় ধরা চুলগুলো যত্ন করে চোখের জলে ভিজিয়ে পুঁতে দেয় তার বাড়ির বাগানের এক কোনে মাটিতে। সেই মাটিতে রোজ যত্ন করে জল দিয়ে পরিচর্যা করে। ফলস্বরূপ, কিছুদিন পরে সেখান থেকে সাবাই গাছের জন্ম হয় (Majumder, 2001)।

২. বাঁশ গাছের জন্মকথা : মরুলা নামে এক ব্রাহ্মণ কন্যা ছিল। সে নিজের অজ্ঞাতে নিম্ন সম্প্রদায়ের লোককে বিয়ে করেছিল। কিছুদিন পরে সে জানতে পারে যে সে যাকে বিয়ে করেছে সে নিম্ন সমাজের। সে তখন নিজের জীবন শেষ করবে বলে মনঃস্থির করে বিষ্ণুর কাছে গিয়ে প্রার্থনা করে যে পাহাড়ের ওপর তার চিতা তৈরি হবে এবং

সেটাই হবে তার সমাধিক্ষেত্র। কথামত তাই হয় এবং সেই চিতার ছাই থেকে কিছুদিন পর এক গোছা বাঁশগাছের জন্ম হয় (Majumder, 2001)।

৩. শিকারি ও কুকুর : এক সময় কুকুর বনেই থাকত। সে ছিল বুনো কুকুর। অন্য বুনো পশুদের সে খুব ভয় পেত। ভাবত, তাদের সঙ্গে বোধহয় পেরে উঠবে না। তাই লুকিয়ে চুরিয়ে একাই বনে বাস করত। তার কোন বন্ধু ছিল না। একদিন সে মনস্থির করল যে কোন সাহসী কেউ থাকলে তার আর এই জঙ্গলে থাকতে কোন অসুবিধা হবে না তাই তার কোন সাহসী বন্ধু দরকার। সাহসী বন্ধু পাতানোর আশায় নির্জন গুহা থেকে বেরিয়ে পড়ল। পথে এক ঝোপের পাশে দেখা হল খরগোশের সাথে। সে খরগোশকে প্রস্তাব দেয় তার সাথে বন্ধুত্ব করার জন্য। তার প্রস্তাবে রাজি হয়ে খরগোশ এবং কুকুর একসাথে থাকতে শুরু করে। মাঝ রাতে দু একটি পাখির কিচিরমিচির শব্দে কুকুর ঘেউ ঘেউ করতে করে চিৎকার শুরু করে। সেই শব্দে খরগোশের ঘুম ভেঙ্গে গেল এবং খরগোশ ফিসফিস করে তাকে চুপ করার অনুরোধ জানাল এবং সাবধান করল যে নেকড়ে শুনতে পেলে তাদের দুজনেরই আর রক্ষা নেই। এই শুনে কুকুর ভাবল যে সে ভুল জনের সাথে বন্ধুত্ব করেছে। সাহসী বন্ধু জোটাতে হবে। এই ভেবে গুহা ছেড়ে সে চলল নেকড়ের সন্ধানে। নেকড়ের সাথে দেখা হতে নেকড়েকেও বন্ধুত্বের প্রস্তাব দিল। নেকড়ে রাজী হওয়ায় নেকড়ের সাথে থাকতে শুরু করল। হঠাৎ একদিন রাতে কুকুর আবার চিৎকার করতে থাকল। চিৎকার শুনে নেকড়ে তাকে পাহাড়ি ভালুকের ভয় দেখিয়ে চুপ করতে বলল। কুকুর সেটা শুনে ভাবল পাহাড়ি ভাল্লুক বেশি সাহসী। এই ভেবে পাহাড়ি ভাল্লুকের সাথে বন্ধুত্ব করতে গেল। ভাল্লুকের সাথে বন্ধুত্ব করে তার সাথে একই জায়গায় থাকতে শুরু করল। মাঝ রাত্তির, চারিদিক নিঝুম হঠাৎ কুকুর ডেকে উঠল। ঘেউ ঘেউ শব্দে পাহাড়ি ভালুকের ঘুম ভেঙ্গে গেল। সে ভয়ে কাঁপছে। কাঁপতে কাঁপতে কুকুরকে চিৎকার করতে মানা করল এবং সাবধান করল চিৎকার করলে শিকারি মানুষ এসে তাদের শিকার করবে। কুকুর তখন বুঝতে পারল সব থেকে সাহসী শিকারি মানুষ। সে তখন শিকারি মানুষের সন্ধানে বেরাল। যেতে যেতে মানুষের দেখা পেল। সে শিকারি মানুষকে দেখে খুব খুশি হয়ে তার বন্ধুত্বের আর্জি জানাল। শিকারি তার আর্জিতে রাজী হয়ে বন্ধুত্ব স্থাপন করল। দুজনে তাঁবুতে ঘুমিয়ে পড়ল। হঠাৎ কুকুর ঘেউ ঘেউ করতে শুরু করল। সেই ডাকে শিকারি উঠে পড়ে কুকুরকে বলল যে যদি খিদে পায় তাহলে সে বেরিয়ে শিকার ধরে আনো এবং তাকে আশ্বস্ত করে যে তার ভয় নেই কারণ তার কাছে তীর-ধনুক-বর্শা আছে সে তাকে রক্ষা করবে। কুকুর আনন্দে লেজ নাড়তে থাকে এবং বুঝতে পারে যে সে এত দিনে সত্যিকারের বন্ধু পেয়েছে। তারপর থেকে মানুষ ও কুকুর একসাথে থাকতে শুরু করল (Majumder, 2001)।

বাঁকুড়া জেলার বারিকুল গ্রামের থেকে সংগৃহীত লোককাহিনিতেও ফুটে ওঠে মানুষ আর জীবজন্তুর নিবিড় সম্পর্ক :

১. সর্পকন্যা : পিতৃ-মাতৃ হীন দুই ভাই-বোন ছাগল চরিয়ে জীবিকা নির্বাহ করে। একদিন বোনটি ছাগল চরাতে চরাতে রাজার বাড়ির বাগানের নিকট চলে এল এবং বাগানে খুব সুন্দর ফুল ফুটে রয়েছে দেখতে পেল। ফুলটি দেখে সে ভীষণভাবে আকর্ষিত হল এবং ফুলটি নেওয়ার আর্জি মালীকে জানালো। মালী ফুলটি দিতে অস্বীকার করল কারণ ফুলটি যে নেবে তার সাথে রাজপুত্রের বিয়ে হবে। মালী ফুলটি দিতে অস্বীকার করার সে নিজেই মালীর দৃষ্টি এড়িয়ে ফুলটি ছিঁড়ে নিল এবং রাজপুত্রের সাথে বিয়ে করতে হল। শাশুড়ি এতে সন্তুষ্ট হলেন না। রাজপুত্র মাঝে মাঝেই শিকারে যেতেন। যখনই তিনি শিকারে যেতেন তখনই ফন্দি করে শাশুড়ি রানীকে সাপ ভেজে খাওয়াতেন। এই ভাবে সাপ খেতে খেতে রানী সাপের রূপ ধারণ করলেন। তারপর শাশুড়ি তাকে গৃহত্যাগ করতে বাধ্য করলেন। রানী তার ছোটো ভাইকে নিয়ে আশ্রয় নিলেন এক জলাশয়ের ধারে। সেখানে মানবরূপী সন্তানের জন্ম দিলেন। এদিকে রাজা

শিকার থেকে বাড়ি ফিরে রানীকে দেখতে না পেয়ে তার মা-এর কাছে জানতে চাইলেন রানী কোথায়। তার মা-এর থেকে কোন সদ্দুত্তোর না পেয়ে তিনি নিজেই বেরিয়ে পড়লেন রানীর খোঁজে। খুঁজতে খুঁজতে চোখ গেল জলাশয়ের ধারে এক বট গাছের নীচে শুয়ে থাকা একটি শিশু এবং রানীর ভাইয়ের দিকে। সেখানে গিয়ে রানীর ভাইয়ের থেকে তিনি সব জানতে পারেন। রাজা তখন সাপের লেজ কেটে সাপের খোলস থেকে রানীকে উদ্ধার করে রাজ বাড়িতে নিয়ে আসেন।

২. এক শবর বৃদ্ধ-বৃদ্ধা জঙ্গলের মধ্যে দিয়ে যাচ্ছিলেন তখন এক বাঘের সাথে দেখা হল। বাঘ তাদের আক্রমণ করতে গেল তখন বৃদ্ধ এবং বৃদ্ধা ভয়ে আকুতি করতে শুরু করল এবং মিনতি করল যে সে তাদের যেন কোন ক্ষতি না করে তাহলে তারা তাকে আজীবন পুজো করবে। তখন বাঘ তাদের কথা শুনে তাদের ছেড়ে দেয়। তারপর থেকে তারা জঙ্গলে বগহুত বা বাঘের পূজা করতে শুরু করে।

মানুষ তার চারপাশের প্রাকৃতিক জীবজ-অজীবজাত উপাদানের সাথে কিভাবে অঙ্গাঅঙ্গিভাবে জড়িত ছিল তার নিদর্শন উপরিউক্ত লোককথা গুলির মধ্যে দিয়ে পরিস্ফুটিত হয়।

লোকপুরাণ :

লোকপুরাণে মানুষের উৎপত্তিমূলক বা জন্ম বিষয়ক কিছু ধারণা দেওয়া হয়েছে। মানুষ ভাবে যে তার উৎপত্তি হয়েছে প্রাকৃতিক উপাদান বা জীব-জন্তু থেকে। সেই অর্থে মানুষ চন্দ্র-সূর্য-বায়ু-পাহাড়-পর্বত, নদীনালা, গাছপালা, ফুল-ফল, পাখিকে দেবতা জ্ঞানে পূজা করেছে। মানবসমাজের প্রকৃতি পূজার সৃষ্টি হল এই ভাবে। লোকপুরাণের মধ্যে মৌলিক পরিবর্তন তেমনভাবে পরিলক্ষিত হয় না। যেহেতু মানুষের প্রাথমিক স্তরে সর্বত্রই চিন্তা-ভাবনা একই সুত্রে গাঁথা, শুধুমাত্র উপাদানগত পার্থক্য লক্ষিত। আঙ্গিকরূপের পরিবর্তন ঘটেছে সর্বজনবিদিত কাহিনী যখন নতুন করে বলা হয়েছে, তাতে কেউ বিমুক্ত হয়েছে কিংবা মুক্ত হয়েছে। হয়তো বা অতিলৌকিক ক্রিয়াকর্ম পুরাণ থেকে কিংবদন্তিতে পরিণত হয়েছে। বিশ্বের লোকপুরাণগুলিতে অদ্ভুত দেহ বিশিষ্ট কিছু মানবের পরিচয় সর্বত্রই পাওয়া যায়। তবে এই ধরণের মানবের সৃষ্টি তাদের পশুরূপ ছদ্মবেশ ধারণেই হয়েছে। গ্রিক পুরাণে ক্রনাস আপন পত্নীর ভয়ে ঘোড়ার ছদ্মবেশে স্যানাস কন্যা শিলাইরার সঙ্গে মিলিত হওয়ায় তাদের সন্তান মানুষ ও ঘোড়ার মিলিতরূপ পায়। গ্রীক পুরাণের স্ফিংকস-এর ওপরের অংশ নারী ও নীচের অংশ সিংহ এবং দুটি ডানা আছে। ভারতীয় পুরাণ নৃসিংহ এবং গনেশ মানুষ ও পশুর মিলিত রূপ। এছাড়া বিশ্বকর্মার কন্যা সংজ্ঞা সূর্যকে পছন্দ না হওয়ায় পিতার কাছে ভর্ৎসিত হন এবং অশ্বিনীর রূপ ধরে ঘুরে বেড়ান। এই সংবাদ পেয়ে সূর্যও অশ্বরূপ ধারণ করে মিলিত হন এবং অশ্বিনীকুমারদ্বয়ের জন্ম হয়। এখানে পশু-মানব, মানব-পশু মিলনও স্পষ্ট দেখা যাচ্ছে। আবার পশুরূপী মানব মিলনে পশু-মানবাকৃতির জন্ম হয়। মানুষ যেহেতু সর্বশেষ সৃষ্টি সুতরাং সম্পূর্ণ মানবাকৃতি পেতে সময় লেগেছে। পুরাণের এই চরিত্রগুলি সম্পূর্ণ মানবাকৃতি পাওয়ার পূর্ব মুহূর্তের। লোকপুরাণে পশু থেকে মানবের সৃষ্টি যেমন সারা বিশ্বে কমবেশি পাওয়া যায়, তেমনি মানুষ পশুতে রূপান্তরিত হয়েছে তাও পুরাণে নিদর্শন পাওয়া যায়। এই প্রসঙ্গে করম গাছকে কেন্দ্র করে ওঁরাও সমাজের দুটি লোকপুরাণের উদাহরণ দেওয়া হল যেটি বর্তমান ক্ষেত্রসমীক্ষার সময় সংগ্রহ করা হয়েছিল।

সহরাই উৎসবে, ওঁরাও পুরুষরা শিকারে বেরাল। সেই সুযোগে, কিছু মানুষ মহিলা ওঁরাওদের ওপর আক্রমণ করে। তখন মহিলারা পুরুষদের জামা কাপড় পড়ে নেয় এবং তীর ধনুক নিয়ে তাদের সাথে যুদ্ধ করে। এই ভাবে তিন বার তারা তাদের পরাস্ত করার পরেও তারা ওঁরাওদের আক্রমণ করে। তখন রাতের অন্ধকারে ওঁরাওরা পালিয়ে এক ঘন জঙ্গলের এক গুহায় আশ্রয় নেয়। ওঁরাওদের খুঁজতে এসে তারা তাদের খুঁজে না পেয়ে ফিরে চলে যায়। যেই

গুহায় ওঁরাও-রা আশ্রয় নিয়েছিল সেটির সামনে ছিল এক প্রকাণ্ড করম গাছ যার ফলে গুহাটি আড়াল হয়ে যায় এবং তাদের দেখতে না পেয়ে তারা ফিরে যায়। ফলস্বরূপ তারা বেঁচে যায়। তারপর থেকে ওঁরাও জনগোষ্ঠী করম গাছের পূজা করা শুরু করে।

পিতৃ-মাতৃ হারা খেরিয়া দুই বোন তাদের কাকা-কাকিমার সাথে থাকতো। তাদের কাকু তাদের দুই বোনকে খুব ভালবাসলেও তাদের কাকিমা তাদের মোটেও পছন্দ করতেন না। দুই বোনকে কাকিমা সব সময় কাজ করাতেন এবং নির্যাতন করতেন। একদিন প্রবল বর্ষায় তাদের কাকিমা তাদের ধানক্ষেতে পাঠালেন। প্রবল বর্ষায় চারিদিক জলমগ্ন হয়ে যায়। দুই বোন ডুবতে থাকে। সেই সময় তাদের সাপ কামড়ায়। তাদের কাকা তাদের বাড়িতে দেখতে না পেয়ে খুঁজতে বেরোয়। চারিদিক খুজে না পেয়ে দুঃখে মর্মাহত হয়ে বাড়ি ফেরার সময় দুই বোন সাপের রূপ নিয়ে তার সামনে আবির্ভাব হয়। কাকার কাছে তারা তাদের সম্পূর্ণ কাহিনী পরিব্যক্ত করে এবং জানায় যে তারা আর মানবরূপে ফিরতে পারবে না তারা সাখ এবং কোয়েল নামক নদী হয়ে সেখানেই বইবে। তারপর থেকে তারা নদী হয়ে বইতে থাকে। তারপর খেরিয়া সম্প্রদায়ের মানুষরা কোয়েল এবং সাখ নদীকে পূজা করতে শুরু করে।

ব্রতকথা :

ব্রত মুলত গোষ্ঠীর সম্পদ। এর মধ্যে লুকিয়ে আছে বিভিন্ন স্ত্রী-আচার। মহিলারা বা কুমারী মেয়েরা ব্রত পালন করে থাকেন। ব্রতের প্রসার সারা ভারতবর্ষে থাকলেও মূলত ভারতের পূর্বাংশে যেমন বিহার, উড়িষ্যা, আসাম, বাংলাতে ব্যপকভাবে প্রচলিত। ব্রতের উৎপত্তি পশুচারণ ও কৃষিভিত্তিক স্তরেই। যেকোন সামাজিক সংস্কারের ভিত্তির মূল হল অর্থনীতি। প্রাগৈতিহাসিক কালে পশু শিকার ও সংগ্রহের মধ্যে যে গুহ্য যাদুবিশ্বাস ছিল সেটাই সেই সমাজের অর্থনীতির ভিত্তি। এই যাদুবিশ্বাসের স্মৃতিই পরবর্তীকালে ব্রতের রূপ পেয়েছে। ব্রতে পশুপূজার প্রচলন আছে। বিশেষ করে গৃহপালিত পশু হিসাবে গরুকে কেন্দ্র করে গো-কাল ব্রত, সুবচনী ব্রতের হাঁস, লক্ষ্মী ব্রতে পেঁচা, ষষ্ঠীব্রতে বিড়াল। সর্প পুজাও বা মনসা পুজাও বহুল প্রচলিত। যেসব দেবদেবীরা পশু আকৃতিতে পূজিত হয় তারা প্রকৃতপক্ষে দেবদেবীর বাহন। সুতরাং এই সব পশুকে হত্যা করা নিষিদ্ধ। নিম্নে এই প্রকার কিছু ব্রতের আলোচনা করা হল :

ষষ্ঠীব্রত :

এক বাড়িতে শাশুড়ি প্রতি বছর জ্যৈষ্ঠ মাসে ষষ্ঠী ঠাকুরের পূজা করেন। স্নান করতে যাওয়ার সময় সব কিছু গুছিয়ে রেখে যান। শাশুড়ি স্নানে গেলেই বউ সমস্ত প্রসাদ নিজে খেয়ে বাড়ির বিড়ালের ওপর দোষ চাপায় যে বিড়াল সব আত্মসাৎ করেছে। বছরের পর বছর এই চলতে থাকে। বিড়াল এই আচরণে খুব রেগে যায় এবং মনস্থির করে যে বউ এর কোলে ছেলে রাখবে না। যখনই বউ এর ছেলে হয় সে মুখে করে সেই ছেলে নিয়ে গিয়ে মা ষষ্ঠীর কাছে গাছের তলায় রেখে দিয়ে আসে। মা ষষ্ঠী বিড়ালের কাছে জানতে চাইলে বিড়াল বউ-এর কুকীর্তির কথা জানায়। এইভাবে সাত বছর সাত সন্তানকে নিয়ে যায় বিড়াল। শেষে পাড়াপড়শি সকলে বউকে রাক্ষসী মা বলে নিন্দে করে। বউ রাত দিন দুঃখ পেতে দেখে মা ষষ্ঠীর তাকে ক্ষমা করে দেন এবং তাকে বলেন তার সন্তানদের কল্যানের জন্য তার এবং তার বাহন বিড়ালের পুজো করতে।

গোব্রত :

রাঢ় অঞ্চলে সুরজের কিরণে চারিদিক রুক্ষ শুষ্ক হয়ে ওঠে। তখন সেখানে থাকা গো-মহিষেরা ঠিক করে তারা সেখানে আর পরিশ্রম করতে পারবেনা। রুক্ষ কঠিন মাটিতে ফসল ফলানো, দুধ দেওয়া, বোঝা বওয়ার পরিবর্তে

তাদের জোটে নিরস খড় বিচালি। তাই তারা মহাদেবের কাছে মানুষের বিরুদ্ধে নালিশ জানায়। মহাদেবের নির্দেশে অমাবস্যার রাতে মানুষেরা গরু, মোষ দের স্নান করিয়ে সিঁদুর তেল হলুদ মাখিয়ে পুজো করে। এরপর থেকে গোপূজার সূত্রপাত হয়।

কিংবদন্তী :

ক্ষেত্রসমীক্ষায় সংগৃহীত এক কিংবদন্তীতেও পরিবেশ সংরক্ষণের উদাহরণ ফুটে উঠেছে যা নিম্নরূপ :

ওঁরাওরা কারামগাছকে দেবতাজ্ঞানে পূজা করে। কারামগাছের তারা রক্ষাকর্তা। তাদের কাছে এই গাছটির একটি আলাদা মর্যাদা রয়েছে। এই গাছ তাদের কাছে শুধুমাত্র একটি বৃক্ষ নয় তাদের জাতির অস্তিত্বের পরিচায়ক। আদিকাল থেকে তাদের মধ্যে কারাম গাছ নিয়ে কিংবদন্তী দেখা যায়।

ভাদ্রমাসে এই পূজা অনুষ্ঠিত হয়। ওঁরাওরা দশকারামের পূজা করে। দশকারাম নিয়ে তাদের মধ্যে একটি কিংবদন্তী রয়েছে। কর্ম্ম ও ধর্ম্ম নামে দুই ভাই একসাথে বাস করত। কর্ম্ম কাজ-কর্মের সাথে যুক্ত ছিল এবং ধর্ম্ম ধর্মচর্চা করত। একদিন কাজের শেষ কর্ম বাড়ি ফিরে দেখে যে তার ভাই ধর্ম্ম একটি গাছের ডাল সামনে রেখে নৃত্য উৎসবে মেতে উঠেছে। তা দেখে কর্ম খুব ক্ষিপ্ত হয়ে গিয়ে ডালটি ছুঁড়ে ফেলে দেয়। ভাইয়ের এই আচরণ দেখে ধর্মের খুব কষ্ট হয়। এই ঘটনার কিছু দিন পর থেকেই তাদের জীবনে চরম অভাব দেখা যায়। তখন তারা উপলব্ধি করতে পারে যে পূজায় বাধা দেওয়ার ফলে তাদের এই পরিণতি হয়েছে। সেই বিপত্তি থেকে রক্ষা পাওয়ার জন্য ধর্ম ও কর্ম ফেলে দেওয়া সেই ডালের সন্ধানে বেরোয় এবং অনেক খোঁজার পর তারা দেখে যে সেই ডাল জলে ভেসে যাচ্ছে। তখন দুই ভাই সাঁতার কেটে সেই ডাল নিয়ে এসে বাড়িতে ডাল পুঁতে পুজো শুরু করে। এবং উপলব্ধি করে যে ধর্মহীন কর্ম এবং কর্মহীন ধর্ম উভয়েরই কোনও গুরুত্ব নেই। এই কিংবদন্তিরই আরেক প্রকার রূপের সন্ধান পাওয়া যায় ওঁরাও সম্প্রদায়ের মধ্যেই। ওঁরাও সম্প্রদায়ের আদই মানব এবং মানবী ভাইয়া ও বহিন এক জঙ্গলে গরু চরাতে গেলে সেখানে হঠাৎ এক প্রবল প্রলয়ের সম্মুখে পড়েন তখন তারা তাঁদের প্রাণ বাঁচাতে একটি প্রকাণ্ড করম গাছের নীচে আশ্রয় নেন। সেই যাত্রায় তাঁরা বেঁচে যান। তারপর তারা সেই গাছের ডাল নিয়ে এসে তাঁদের বাড়ির উঠোনে পূজা করতে শুরু করেন।

লোক ছড়া :

লোক ছড়া সংস্কৃতির এক অপরিহার্য উপাদান। লোকছড়াগুলির উৎস এখনও অস্পষ্ট। ছড়ায় সমাজচিত্রের পরিষ্কার প্রতিফলন দেখা যায়। ছড়ার বিষয়বস্তু যাই হোক না কেন তার উপাদান পৃথিবী বহির্ভূত নয়। কল্পজগতের স্থান কমই। ছড়াতে পরিবেশের বিভিন্ন উপাদান গুলি ফুটে ওঠে। কৃষিকাজ বাঁকুড়া জেলার অধিকাংশ লোকের প্রধান জীবিকা। কৃষিজাত ফসলের প্রধান হল ধান। বাঁকুড়া জেলার পশ্চিমাংশে ধান চাষ কম হলেও পূর্ব, উত্তর, ও দক্ষিণ বাঁকুড়ায় বরাবর ধান চাষ ভালো হয়। ধান চাষ নিয়ে সেখানকার মানুষ নানারকম ছড়া রচনা করেছেন। এই ছড়াগুলির মধ্য দিয়ে কৃষক শ্রেণীর মনের পরিচয় ফুটে উঠেছে। এখানে কিছু বাউরিদের লোকছড়া সম্পর্কে আলোচনা করা হল যেগুলির মাধ্যমে প্রকৃতির প্রতিচ্ছবি প্রতিফলিত হয়। এই লোকছড়াগুলি বর্তমান ক্ষেত্রসমীক্ষার সময় সংগ্রহ করা হয়েছিল।

"ডাক দিয়ে কয় রাবন
কলা পোতে আষাঢ় আর শ্রাবন,
কলা পুতে না কেটো পাত,
তাতেই হবে কাপড় আর ভাত।"

এই ছড়ার মধ্যে দেখা যায় যে রাবন সবাইকে আষাঢ়-শ্রাবন মাসে কলা চাষের পরামর্শ দিয়েছেন। তার মতে কলা চাষ করলে অন্ন-বস্ত্র সংস্থানের কোন অভাব তাদের হবে না। অর্থাৎ কলা চাষের উপযোগিতা সম্পর্কে এখানে আলোকপাত করা হয়েছে।

বাঁকুড়া জেলার হলুদ কানাড়ি গ্রামের মহিলারা আকাশে ঘন কাল মেঘ দেখলেই ধানের বীজ রোপনের কথা ভাবে। এবং আনন্দে আত্মহারা হয়ে যে ছড়াটি বলেন তা হল :

"মেঘ করেছে আকাশে
বিচ পুঁতবো মাঠে
বিচ তলাতে লক্ষ্মী ঠাকুরন
বসবেন আশ্যে পাটে।"

আকাশে মেঘ দেখে বীজ রোপন করার কথা উল্লেখিত হয়েছে। বীজ রোপনের পর পাট চাষ করলে সেখানে মা লক্ষ্মী বিরাজমান হবেন। অর্থাৎ টাকা পয়সার আর অভাব হবেনা।

"চাষ করবি আপন মনে
ঘর ভরাবি ধনে ধানে"।

চাষ করার পরামর্শ এই কবিতার মধ্যে ফুটে উঠেছে। চাষ করলে ধানের অভাব হবেনা সেই কথাই এখানে পরিব্যক্ত হয়েছে।

"মাঠ হয় যদি সবার কোনে
ফলন ফলবেক সবাই জানে
মাঠ হয় যদি সবার মাঝে
বাড়বে ফলন লাজে লাজে।"

মাঠের মাঝে চাষ করা হলে ফলন হলে সেটা সবার দৃষ্টি আরোপ করবে কিন্তু মাঠের মাঝে হলে সবার দৃষ্টির আড়াল হবে এবং ফলন ও ভালো হবে।

"মাঠকে যাব লাঙল লিয়ে
হইছে চাষের বতর
গছা গছা ধান ফলাইয়্যা
পিষব তাদের গতর
ও তরা মাঠকে চলো
ফেল্যে খপর ফুল
চাষের বাদে গড়াই দিব
মুক্তা দিয়া ফুল।"

কৃষকরা মহিলাদের আহ্বান জানান চাষের কাজে যাওয়ার জন্য। চাষ করতে যাওয়ার সময় তারা লাঙল, বলদ নিয়ে চাষ করতে যান। আশা করেন প্রচুর ফলন হবে। সেই ফসল মহিলারা মাথায় বহন করে নিয়ে আসবেন। পুরুষরা চাষের পর মহিলাদের জন্য মুল্যবান অলংকার তৈরি করিয়ে দেওয়ার লোভ দেখান।

"ধান রুইবি যতনে
তা না হলে আবাদ হবেক কেমনে

উগাল পাখাল তবেই চাষ
জমিতে রাখিস না ঘাস
ঘাস হলে ধান হবেক কেমনে
চাষ করবি যতনে
আইড় বাঁধবি যতনে
রোদ বৃষ্টি তবেই চাষ
খাত্যে হবেক বারো মাস
চাষ করবি যতনে
তা না হলে বাঁচবেক কেমনে" (Acharya– 2001)।

এই কবিতার মধ্যেও চাষ করার উপকারিতা এবং চাষ করার পদ্ধতি সম্পর্কে আলোকপাত করা হয়েছে।

"একবার ধান লাগ্যে সারা বছর খাব
ফলন হবার ফালো হল্যে
খাতরাকে যাব।"

একবার ধান চাষ করলে এবং ভালো ফলন হলে আর কোন অভাব থাকেনা সেই কথাই এই কবিতার মধ্য দিয়ে পরিস্ফুটিত হয়েছে।

ধাঁধা :

হেঁয়ালি বা ধাঁধা লোকসাহিত্যের এক গুরুত্বপূর্ণ সম্পদ। সাধারণ মানুষের জীবন বা জীবিকার সাথে সম্পৃক্ত বা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় বস্তুকে সহজ সরল ও সরস কাব্যধর্মী রচনায় পরিণত করেছে এই হেঁয়ালি সাহিত্য (Baskey, 2017)। প্রকৃতি জগতে প্রথম পদার্পণে আদিম মানুষের পক্ষে সব কিছুই দুর্বোধ্য ছিল। তাই কার্যকারণ সম্পর্ক প্রথম খুঁজে পায়নি। প্রকৃতির রহস্যময়তা প্রতি মুহূর্তে তাদের বিভ্রান্ত করেছে। ঐ বিভ্রান্তির মধ্যে দিয়েই ধীরে ধীরে অভিজ্ঞতা এবং বিবর্তনের মাধ্যমে যখন পরিস্থিতি বিশ্লেষণ করার ক্ষমতা অর্জন করল তখন তাদের কাছে তাদের মতো করে সমসাময়িক যে ব্যাখ্যা উপস্থাপন হল তা তারা নিজেদের মধ্যেই সংরক্ষিত করে রাখল যাতে তা অন্য গোষ্ঠীর হাতে হস্তান্তরিত না হয়ে যায়। এই অভিজ্ঞতা তাদের নিজেদের প্রয়োজনীয়তার তাগিদে গোপনীয়তা অবলম্বন করতে শেখাল যা ধাঁধার সৃষ্টি করল। ধাঁধার মধ্যে পৌরাণিক উপাদান যথা সৃষ্টি সম্পর্কিত মিথ-এর নিদর্শন পাওয়া যায়। ভারতবর্ষ তথা বঙ্গে ধাঁধার চর্চা দেখা যেত নতুন জামাই বাড়িতে এলে। আদিবাসিদের মধ্যে ধাঁধার প্রচলন এখনো বিদ্যমান। পূর্বে ধর্মীয় অনুষ্ঠান, কাওকে পরীক্ষার জন্য, সামাজিক অনুষ্ঠান, জন্মমৃত্যু সব কিছুতেই সুপ্রাচীনকাল থেকে ধাঁধার প্রচলন ছিল, যদিও এখন ধাঁধার চর্চা কম পরিলক্ষিত হয়। কৃষিজীবী মানুষ সারাদিনের কাজের ফাঁকে কিংবা কাজের শেষে কষ্ট লাঘব বা অবসর বিনোদনের জন্যে ধাঁধার সৃষ্টি করেছে। তবে লোকজীবনে ধাঁধার ব্যবহার এখনো দেখা যায় যেখানে পরিবেশমূলক কিছু ধাঁধার নিদর্শন পাওয়া যায়। ক্ষেত্রসমীক্ষাতেও এই প্রকার কিছু ধাঁধার নিদর্শন পাওয়া যায়—

"দেবতার গড়া রূপার বর
চারিদিকে তার সুনার ঘর
সুনার ঘরে লুকিয়ে থাকে
জীবজগৎ বাঁচিয়ে রাখে।"

এই ধাঁধাটিতে ধানের কথা বলা হয়েছে। গ্রামের কৃষিজীবী মানুষ ধানটিকে দেবতার তৈরি হিসেবে গ্রহণ করেছেন। ধানের মাঝখানে চাল থাকে। চালটি সাদা রঙের হয়ে থাকে। সেই কারণে চালটিকে রূপার ঘরের সাথে তুলনা করা হয়েছে। যখন ধান পেকে পরিপূর্ণতা লাভ করে তখন ধানের ওপরের অংশটি সোনালি রঙের হয়ে ওঠে। সেই কারণে তাকে সোনার ঘরের সাথে তুলনা করা হয়েছে। ধান পেকে গেলে বিশেষ পদ্ধতিতে ধান থেকে চালটিকে বের করা হয়। সমগ্র মনুষ্যকুলের প্রধান খাদ্য হিসাবে চাল গৃহীত হয়। প্রধান খাদ্য হিসাবে ভাতই মনুষ্যকুলকে বাঁচিয়ে রাখতে সাহায্য করে। এই হেঁয়ালির মধ্যে কৃষিজীবী মানুষের অন্তরের চির বক্তব্যটি ফুটে উঠেছে।

"ঘুমটা দিয়ে থাকে
সুন্দরী মুখটি ঢাকে
ভিতরে তার রূপসী বউ
নাম তুরা বলগা কেউ।"

এখানে গমের কথা বলা হয়েছে। গম ঢাকা থাকে। গমের দানা বের করতে হলে খোসা তুলতে হয়। উপরে পাতলা আঁশের মত অংশ থাকে তাকে ঘোমটার সাথে তুলনা করা হয়েছে।

"আঁক কাটলাম পাঁক কাটলাম লাগিনু চারা
পাতায় পাতায় গাদা হয় নাম বল তুমরা"

এখানে পান চাষের কথা বলা হয়েছে। পান সংক্রান্ত নানা হেঁয়ালি মানুষজন লোকায়ত জীবনে সৃষ্টি করেছেন যার মাধ্যমে পান চাষের প্রকৃতি, ধরণ জানা সম্ভব। পান রোপনের জন্য বাঁশের কঞ্চি দিয়ে বেড়ার মতো তৈরি করা হয়। পুকুরের পাঁক দিয়ে উঁচু সারি তৈরি করা হয়। পরে সেই পাঁকের মধ্যে পানের চারা বসানো হয়।

"মানুষ, পশুপাখির উপকারের জন্য জন্মায়
মরেও মানুষের বড়ই উপকার করে যায়।"

এখানের গাছ এবং তার উপকারিতার কথা বলা হয়েছে।

"এভাবে কাকের ইষ্ট কোন বৃক্ষ হয়,
যাহার সান্নিধ্যে স্বাস্থ্য খারাপ নাহি হয়,
ফল ফুল ছাড়ি পাতা তারা খায়,
শিশুগণ স্ব-ইচ্ছায় খেতে নাহি চায়।"

এই ধাঁধার মাধ্যমে নিমগাছ-এর কথা বলা হয়েছে। নিমগাছ স্বাস্থ্যের পক্ষে কতটা লাভবান সেই কথাই ফুটে উঠেছে।

প্রবাদ :

প্রবাদ হল একটি গোষ্ঠীর সামাজিক ও প্রাত্যহিক জীবনের অভিজ্ঞতালব্ধ ফল। সামাজিক অস্তিত্ব রক্ষার তাগিদে মানুষ মৌখিক সৃষ্ট প্রবাদকে স্মৃতি ভাণ্ডারে বহুদিন ধরে সঞ্চিত করেছে। প্রাথমিকভাবে প্রবাদ ছিল দুর্বোধ্য। যতক্ষণ না পর্যন্ত সত্যতা যাচাই হত ততক্ষন পর্যন্ত চেষ্টা চলত বাক্যটি বোঝানোর। প্রবাদ আঞ্চলিক উপাদানের ভিত্তিতে গড়ে উঠেছে। বহু সংখ্যক প্রবাদে প্রতিবিম্বিত হয়েছে সামাজিক ধর্মীয় বিষয়াদি। বিয়য়ভিত্তিক প্রতিনিধি স্থানীয় প্রবাদগুলি বিশ্লেষণ করে মানুষের প্রাকৃতিক উপাদানগুলির সম্পর্কে শুধুমাত্র মানবিক চরিত্র চিত্রায়নের জন্যই নয়, প্রাকৃতিক সব কটি বস্তুর উপযোগিতাকে প্রাবাদের মধ্যে সংরক্ষণ করে চিরকালীন শিক্ষার বিষয়ও করে তুলেছে যা মানুষকে আমরণ সকল বস্তু সম্পর্কে সজাগ দৃষ্টি রাখতে সাহায্য করে। প্রাকৃতিক জড় ও সজীব বস্তু পশু-পাখী, গাছ-ফুল-ফল, নদী-নালা,

মাছ সবই কোন না কোন ভাবে মানুষের চরিত্রকে ফুটিয়ে তুলেছে তাদের স্বভাবজাত গুণকে দিয়ে। অর্থাৎ মানবজীবনের অভিজ্ঞতার সঙ্গে সেগুলির স্বভাব বৈশিষ্ট্য এক হয়ে যাচ্ছে। শ্রেণীবিভক্ত সমাজ ব্যবস্থায় সোজাসুজি সব চরিত্রকে প্রকাশ করা যায়নি তাই প্রবাদের মত আবরণের আড়ালে রেখে প্রকাশ করা হয়েছে। সাহায্য করেছে প্রকৃতি। ক্ষেত্রসমীক্ষা থেকে সংগৃহীত প্রবাদের মধ্যেও পরিবেশ সচেতনতার পরিচয় পাওয়া যায়, নিম্নে সেগুলি উল্লেখ করা হল :

"নারকেলের গোঁড়ায় মাটি, তাতেই সুখ পরিপাটি।"

নারকেল গাছ পুতলে এবং তার রক্ষণাবেক্ষণ করে ভালো করে বড় করলে যে ফলন হয় তা বিক্রি করলে টাকার অভাব মিটে সুখপ্রাপ্তি হয়।

"রুয়ে কলা না কেটো পাত, তাতেই কাপড় তাতেই ভাত।"

কলা গাছ চাষ করলে অন্ন-বস্ত্রের সংস্থান হয়।

"নদীর কূলে চাষ আরাম বারোমাস।"

আমরা সবাই জানি নদীকূল উর্বর হওয়ায় চাষের জন্য উপযোগী।

"বাড়ির গাছা, পেটের বাছা।"

বাড়ির গাছ আর নিজের সন্তান উভয়ই উপকারে আসে।

মূল্যায়ন :

লোকসাহিত্যের বিভিন্ন ক্ষেত্রে যেমন লোকপুরাণ, ব্রত, ছড়ায় বৃক্ষ-লতা-পুষ্প-ফলের অফুরন্ত উপাচার অনিবার্যভাবে প্রয়োজন হয়। প্রকৃতি যে কত গভীরভাবে লোকমননে প্রভাব বিস্তার করেছে বর্তমান প্রবন্ধটিতে পরিবেশ সচেতনতার তারই উৎকৃষ্ট নিদর্শন পাওয়া যায়। আমাদের সংস্কৃতির বীজ যেখানে নিহিত আছে সেই লোক সমাজেও এই পরিবেশ ভাবনার বিষয়টি যে প্রসারিত হয়েছে তা বলা বাহুল্য আমরা তা উপলব্ধি করতে পারি বিভিন্ন লোকসাহিত্যের মধ্যে। বর্তমান সময়ে এই বিশ্ব উষ্ণায়নের সময়ে চারিপাশে যে ভয়ানক খারাপ প্রভাব পড়েছে, লোকসাহিত্যে তার থেকে মুক্তি পাওয়ার জন্যে নানান রকমের পন্থার কথা আগে থেকেই উল্লেখ করা আছে। আমরা কিভাবে নানান রকমের শস্য চাষ, বৃক্ষরোপণের মাধ্যমে, এবং গবাদি পশুদের পূজা করার মধ্যে দিয়ে পরিবেশ তথা পশুপাখিদের রক্ষা করে পরিবেশের ভারসাম্য রক্ষা করার একটা স্পষ্ট ধারণা আমাদের মধ্যে তৈরি করতে সাহায্য করে এই লোকসাহিত্যই। আজকের দিনে এই দুরবস্থার হাত থেকে মুক্তি পেতে গেলে লোকসাহিত্য একটি উপযুক্ত পন্থা হয়ে উঠতে পারে। এই লোকসাহিত্যের মাধ্যমে আমরা পরিবেশের ওপর আরও বেশি সচেতন হয়ে উঠতে পারি। আমরা এটাও উপলব্ধি করতে পারি যে পরিবেশের ভারসাম্য সঠিক ভাবে বজায় রাখতে গেলে মানব সমাজের সাথে সাথে সমস্ত উদ্ভিদ ও পশুপাখি সমাজকেও পরিবেশে সমান ভাবে সম্মানের সাথে বাঁচতে দিতে হবে। গাছপালা ও পশুপ্রাণীদের প্রতি ভালোবাসা অটুট থাকতে হবে, আর এটাও ভালভাবে বুঝতে হবে যে এই পৃথিবীতে আমরা প্রত্যেকেই প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে একে অপরের ওপর নির্ভরশীল। সময় এসেছে যখন পরিবেশের প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গির পুনরায় পরীক্ষা করাতে হবে যাতে সীমাবদ্ধ প্রাকৃতিক সম্পদের অনর্থক শোষণ নিরীক্ষণের জন্য মানুষের ক্রিয়াকলাপ পুনর্গঠন করা যায়। সুপরিচিত ফোকাটেলগুলি, যদি যথাযথভাবে চয়ন করা হয় তবে এই দিকে দক্ষতার সাথে কাজ করার অসীম সম্ভাবনা রয়েছে। পরিবেশগত শিক্ষার জন্য কীভাবে লোক সাহিত্যগুলি কার্যকর হতে পারে তার কয়েকটি পদক্ষেপ নীচে বর্ণিত হয়েছে :

